Hitesranjan Sanyal Memorial Collection
Centre for Studies in Social Sciences, Calcutta

Record No.	CSS 2000/47	Place of Publication:	Calcutta
		Year:	1851
		Language	Bangla
Collection:	Indranath Majumder	Publisher:	Chandrika and Jnanaratnakara Press
Author/ Editor:	Nabinchandra Bandyopadhyay	Size:	13x21cms.
		Condition:	Brittle
Title:	Sarabali	Remarks:	History of ancient Indian civilization with special reference to the Ramayana and the Mahabharata.

শ্রীশ্রীহরিঃ।
শরণং।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় ইতিহাস সারসংগ্রহ।
এতদ্দেশীয় বিদ্যালয়ের ব্যবহারার্থে
রাজাবলী, বিক্রমাদিত্য কাব্য, কেটলিজ ইণ্ডিয়া ও মার্সমন্স
হিষ্টরি অব ইণ্ডিয়া, ইণ্ডিয়ান ইউথস মেগেজিন,
ষ্টুয়ার্ট অব বেঙ্গাল ইত্যাদি গ্রন্থ হইতে।
শ্রীনবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক
সংগৃহীত হইল।

এইগ্রন্থের প্রথম খণ্ডে কৌরব পাণ্ডবাদির রাজ্য সম্বন্ধীয়
যুদ্ধাদি বিবরণ সহ মহাভারতের স্থূলমর্ম্ম প্রকাশিত ও
পাণ্ডবাদির স্বর্গারোহণ পর্য্যন্ত ও দ্বিতীয় খণ্ডে
হিন্দু যবন ইংরাজ সম্রাট ও জ্যোতিষ
বৃত্তান্ত রচিত হইয়াছে।
গ্রহণেচ্ছুক মহাশয়েরা শ্রীযুক্ত বাবু গোবিন্দচন্দ্র
সেন মহাশয়ের কলুটোলার ভবনে অথবা

প্রভাকর প্রেষে তত্ত্ব করিলে দুই
খণ্ড গ্রন্থ পাইবেন।

কলিকাতা
চন্দ্রিকা ও জ্ঞানরত্নাকর প্রেষে মুদ্রিত হইল
মূল্য সম্পূর্ণাংশ ১৷৷ টাকা মাত্র।
ইং ১৮৫১ শাল ডিসেম্বর।

সারাবলি।

সত্যযুগে মনুজগণের স্বর্গার্গলোদ্ঘাটক ধর্ম্ম মাত্রাচরণ যে পর্য্যন্ত ছিল তত্তাবৎ কাল এই পৃথিবীতে কেহ রাজা ছিলেন না সত্যই মহা পরাক্রান্ত ভূপতি ছিলেন।" অনন্তর ক্রমশঃ অধর্ম্ম সঞ্চয় হেতুক জগদী শ্বর সত্যের শেষাবধি এতৎকাল পর্য্যন্ত অধর্ম্ম নিবারণ ও ধর্ম্ম সংস্থা পন এবং সাধু সজ্জনের পরিত্রাণ ও স্বসৃষ্ট পৃথ্বী পরিরক্ষণার্থ রাজত্ব পদে কাল বিশেষে পুরুষবিশেষকে নিয়োজন করিতেছেন, যেহেতুক যে বস্তু যিনি নির্ম্মাণ করেন তাহা তৎ কর্ত্তৃক দান বিক্রয়াদি ব্যতীত তাঁহারই থাকে। এ অবনীর নির্ম্মাণ কর্ত্তা পরমেশ্বর তিনি স্বনির্ম্মিত ভূখণ্ড কাহাকে দান বিক্রয় করেন নাই অতএব নিত্য স্বত্বাধিকারি জগদীশেচ্ছানুসারে যখন যিনি ক্ষ্মাপতিত্ব পদে প্রাভিষিক্ত হয়েন তখন তাঁহার ইহা অগ্রণীরূপে অনুষ্ঠান কর্ত্তব্য যে রাজধর্ম্মানুস্মরণ পূর্ব্বক দুষ্ট দমন, শিষ্টপালন, প্রজাগণ হইতে নিয়মিত কর গ্রহণাদি ব্যাপারে মনোভিনিবেশ করেন বিশেষতঃ অর্জুনের প্রতি ভগবানের উক্তি আছে যে "পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাং। ধর্ম্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে ২॥" অর্থাৎ সাধুসমবায়ের পরিত্রাণ ও দুষ্কর্ম্মিগণের বিনাশ ও নিত্য সত্য ধর্ম্মের সংস্থাপনার্থে আমিই যুগে ২ জন্ম গ্রহণ করিয়া বিশ্বরাজ্য পরিপোষণ করি। তৎ ইদানীং ভূপবৃন্দ প্রতি দেব, ধর্ম্মরাজ, ঈশ্বর প্রভৃতি প্র থাকে। অপিচ দুরবগাহ তপঃসাধন ব্যতিরেকে সুপবিত্র মহাত্

BLOCKED INFORMATION.

কুলে কেহ দেহ পরিগত হয়েন না। প্রথমতঃ ভারতবর্ষে প্রগাঢ় ধর্ম্ম পাদপের শাখানুশাখার মুকুলোদ্গমের ন্যায় সূর্য্যচন্দ্রোভয় বংশীয় নৃপতিচয় এই ধর্ম্মরাজ্যাভিষিক্ত হইয়া ততঃ প্রভৃতি অতি বিস্তীর্ণ ভূমণ্ডল পালন করেন তাহাঁরা প্রায় সকলেই শ্রদ্ধাবান্, অসূয়া রহিত, সদাচারী, পরানুকম্পী, সত্যশীল, সৎকর্ম্মশালী অথচ তৎসর্জন কর্ত্তা, বিবিধ বিদ্যানুরাগী হইয়া সদা শাস্ত্রালোচনা দ্বারা কালযাপন করিয়াছিলেন। তদনন্তর যখন এই মেদিনী কালক্রমে ক্রমশঃ মহাকলুষ ভুজঙ্গের করাল কাল কবলে পতিতা হইতে লাগিল তখন সত্য দূরগত ও মানবগণ তপস্যা বিরহিত ও স্তৈণতাদি নানা দোষোত্থিত ও লোকসকল ধর্ম্মহত বিপ্রসমূহ লুণ্ঠিতা হইলেন এবং পৃথ্বীপালেরা পরস্পর দ্বেষ ও লোভপ্রযুক্ত যুদ্ধ বিগ্রহাদি দ্বারা হীনবীর্য্য ও কুনীতিবশগ হইলে সুতরাং অন্যান্য দেশ হইতে দুর্দ্ধর্ষ হীনাচার যবনাদি জাতিরা প্রবল পরাক্রমে বীরভোগ্যা বসুন্ধরাধিপতি হইয়া হিন্দুধর্ম্ম বিনাশেই তৎপর হইলেন। দ্বাপরযুগের অবসানে সূর্য্যবংশের শেষ হইল ও চন্দ্রবংশের ও ঔরসপুত্রের উপরতি হইলে চন্দ্রবংশীয় ক্ষেত্রজ সন্তানদের রাজত্ব হইল, ঐ দ্বাপরযুগের পর্য্যবসানে হস্তিনাধিপতি সান্তনুর পুত্র বিচিত্র বীর্য্য নামক চন্দ্রবংশীয় রাজা হইয়া অত্যন্ত স্ত্রীসম্ভোগাসক্ত হেতুক যক্ষ্ম রোগাক্রান্তানন্তর কৃতান্তালয়ে গমন করিলেন, তাঁহার অপত্য রাহিত্য নিমিত্ত সান্তনুসুত বেদব্যাস আপন মাতা সত্যবতীর অনুজ্ঞানুসারে উক্ত বিচিত্রবীর্য্যের ক্ষেত্রে ধৃতরাষ্ট্র পাণ্ডু বিদুর নামে পুত্রত্রয়োৎপাদন করিলেন, তন্মধ্যে পাণ্ডুর রাজত্ব প্রাপ্তি হইল। ধৃতরাষ্ট্র জন্মান্ধতা নিমিত্তক রাজত্বকরণাসমর্থ বিধায়ে স্বীয়পুত্র দুর্য্যোধনকে রাজ্যাভিষিক্ত করেন। পাণ্ডুরাজা শ্রীকৃষ্ণ বলরামের পিতৃষ্বসা অথচ বসুদেবের ভগিনী কুন্তীকে বিবাহ করেন ইনি প্রধানা রাজমহিষী ছিলেন। এবং মাদ্রী নী অন্য এক স্ত্রীও ছিল। পাণ্ডু শাপাভিভূত হইয়া স্ত্রীসম্ভোগ শক্তি

বিহীন হইলে কুন্তী মাদ্রী দুই রাণী স্বীয় স্বামির অভিমতে দেবতা দিগকে আহ্বান পূর্ব্বক পঞ্চপুত্র জন্মাইলেন, যথা কুন্তীর গর্ভে ধর্ম্ম বায়ু, ইন্দ্রের ঔরসে ক্রমশঃ যুধিষ্ঠির, ভীম, অর্জুন নামে তিন পুত্র হইল আর মাদ্রীর গর্ভে অশ্বিনীকুমারের ঔরসে যমজ দুই পুত্র নকুল, সহদেব জন্মিল। এইরূপে পাণ্ডুরাজা নিরপত্য হইয়া পঞ্চ ক্ষেত্রজ পুত্র প্রাপ্ত হইলেন, কিন্তু ধৃতরাষ্ট্র জন্মান্ধ হইয়াও তাঁহার রাজ্ঞী সতী সাধ্বী পতিব্রতা গান্ধারীর গর্ভে দুর্য্যোধন দুঃশাসন প্রভৃতি একশত পুত্রোৎপাদন করিলেন তাঁহারা সকলেই মহাবল পরাক্রান্ত হইলেন। অনন্তর পাণ্ডু নৃপতি স্বর্গারূঢ় হইলে ধৃতরাষ্ট্র, যুধিষ্ঠিরকে অত্যন্ত ধার্ম্মিক সুশীল দাতা সর্ব্বগুণযুক্ত ও সর্ব্ব লোকানুরক্ত এবং সকল রাজ লক্ষণাক্রান্ত সন্দর্শন পূর্ব্বক স্বীয় শত অপত্য সত্ত্বেও তাঁহাকেই হস্তিনা পুরের রাজপদে নিযুক্ত করিলেন। কুরুবংশীয় সান্তনুর পুত্র বিচিত্র বীর্য্য, কাশী রাজার অম্বিকা, অম্বালিকা নাম্নী দুই কন্যাকে বিবাহ করেন। তাঁহার পরলোক গমনের পরে বেদব্যাসের ঔরসে অম্বিকার গর্ভে ধৃতরাষ্ট্র ও অম্বালিকার গর্ভে পাণ্ডুর জন্ম হয়। এবং ব্যাসের ঔরসে শূদ্রার গর্ভে বিদুরের জন্ম হয়। যদ্যপিও রাজা দুর্য্যোধন নিজ হিংসক ও ক্রূরতা স্বভাবে বিরক্ত হইলেন বটে তথাপি ভীমার্জ্জুনের অতুল্যপরাক্রম এ শৌর্য্য বীর্য্য গাম্ভীর্য্যতা ও রণদক্ষতা এবং অস্ত্র শিক্ষার নৈপুণ্যতা স্মরণকরিয়া তৎকালীন জ্ঞাতিহিংসায় প্রবর্ত্ত নাহইয়া স্তব্ধীভূত রহিলেন। ধর্ম্মপুত্র যুধিষ্ঠির এতদ্রূপে ভূপতি পদাভিষিক্ত হইয়া ভীম প্রভৃতি ও দুর্য্যোধনাদির ভ্রাতৃগণ সহ ঐকমত্যে ৭৬ বর্ষ যাবৎ উত্তমরূপ রাজ্য পালন করিয়া ছিলেন। অনন্তর জ্ঞাতি বিরোধে পাণ্ডবগণ স্বরাজ্য পরিত্যাগ পূর্ব্বক সিন্ধুনদীর তটস্থ দেশ ও অন্যান্য স্থানে পরিভ্রমণ করেন। ঐ সময়ে যদুবংশোদ্ভব পঞ্চালাধিপতি দ্রুপদ কন্যা দ্রৌপদীর স্বয়ম্বরা কালে অন্যান্য ভূপতিগণ তাঁহকে

বিবাহার্থে কাম্পীল নগরে গমন করিতেছিলেন তখন পাণ্ডু সন্তানেরাও উপস্থিত হয়েন এবং তন্মধ্যে অর্জ্জুন স্বকীয় শৌর্য্য বীর্য্য সমুজ্জ্বলরূপে প্রকাশ করেন অর্থাৎ ঊর্দ্ধেতে লক্ষ্য, ও তদধোভাগে এক যন্ত্র তন্মধ্যবর্ত্তি ছিদ্রদ্বারা অর্জ্জুনের সুশাণিত শর ঊর্দ্ধস্থিত লক্ষ্য ভেদ করিয়াছিল অতএব তিনি বিচিত্র শরাসনাকর্ষণ পুরঃসর লক্ষ্য বিদ্ধ ও ভূতলে পতিত করিয়া সমবেত রাজগণ সমক্ষে দ্রৌপদীকে হরণ পূর্ব্বক আনয়ন করাতেই তাঁহার বীরত্ব পৃথিবী মধ্যে দেদীপ্যমান হইল পরে কুন্তীর বাক্যানুসারে যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডবের ভার্য্যাত্বরূপে দ্রৌপদী গৃহীতা হইলেন। কিয়ৎ কালাতায়ে রাজা ধৃতরাষ্ট্র পাণ্ডু পুত্র গণের সহিত স্বীয় পুত্রাদির পরস্পর বিরোধ ভঞ্জনার্থে পুনরাহ্বান পূর্ব্বক রাজ্য বিভাগ করিয়া দিলেন। তাহাতে দুর্য্যোজন হস্তিনার রাজা হইলেন এবং হস্তিনার কিঞ্চিৎ দূরে ইন্দ্রপ্রস্থে রাজা যুধিষ্ঠির রাজধানী করত স্বীয়বাহুবলে ঐশ্বর্য্যশালী ও সুশোভিত করিলেন। পাণ্ডবেরা নিখিল বেদও বিবিধ শাস্ত্রাধ্যয়ন ও ধর্ম্মপথাবলম্বী ও সত্য বাদী জিতেন্দ্রিয় ও সদুপদেশক হইয়া শারীরিক সুখসচ্ছন্দ সম্ভোগ করত সদাচারে সদ্ব্যবহারে চন্দ্রালোক তুল্য সুনির্ম্মলানন্দজ্যোতি দিনং তাঁহাদের চিত্তোপরি বিকীর্ণ হইতে লাগিল. সমুদয় লোক যুধিষ্ঠিরের সদাচার, ভীমের ধৈর্য্য, অর্জ্জুনের মেঘমুক্ত মিহির তুল্য বিক্রম, নকুল সহদেবের গুরুভক্তি ক্ষমা বিনয় দর্শনে পরম সন্তোষ প্রাপ্ত হইয়াছিল। রাজা যুধিষ্ঠির কৃষ্ণের সম্মন্ত্রণায় এবং ভীমার্জ্জুনের বাহুবলে মগধাধিপতি বল গর্ব্বিত জরাসন্ধ রাজার ও শিশুপালের বধ সম্পন্ন করত অন্নদান দক্ষিণা প্রদানাদি সর্ব্বাঙ্গ সম্পন্ন রাজসূয় মহাযজ্ঞ নির্ব্বিঘ্নে নির্ব্বাহ করিলেন। পাণ্ডবেরা রাজার্দ্ধ প্রাপ্ত হইয়া ইন্দ্রপ্রস্থে যে২ কর্ম্ম সম্পাদন করেন তন্মধ্যে রাজসূয় যজ্ঞকরণই মুখ্য কার্য্য হইয়াছে তাহা সভাপর্ব্বে বিস্তারিত ব্যক্ত আছে এবং তদনু

যজ্ঞাধীন ভীমাদির দিগ্বিজয়ে যাত্রা ও ভারতবর্ষীয় নানা দিগ্‌দেশস্থ নৃপতি হইতে কর গ্রহণ এবং তাৎকালিক তাঁহাদের অদম্য রাজবর্গের শাসন ইত্যাদি কর্ম্মের দ্বারা যুধিষ্ঠির যশ, মান, প্রতাপে সকল রাজার প্রধান হইয়া মহারাজাধিরাজ রাজচক্রবর্ত্তি পদাভিষিক্ত হইলেন। ঐ রাজসূয় যজ্ঞানুষ্ঠানে পাণ্ডবদিগের জ্ঞাতিবর্গ আন্তরিক ঈর্ষা সত্ত্বেও তাহাতে সম্মত হইলেন। পরে শ্রীকৃষ্ণ এবিষয়ে মহাআমোদ প্রকাশ পূর্ব্বক অনুমতি দিলে মহারাজ যুধিষ্ঠির সহদেবকে যজ্ঞায়োজনের আজ্ঞা প্রদান করিলেন স্বয়ং নকুল জ্ঞাতি বান্ধবাদির আলয়ে নিমন্ত্রণার্থে গমন করিলেন এবং দেশ দেশান্তরে রাজবর্গের নিমন্ত্রণার্থে দূত প্রস্থিত হইল। যুধিষ্ঠির আত্মীয়বর্গকে যথাযোগ্য বিশেষং কার্য্য ভার দিলেন। দুঃশাসন ভক্ষ্য ভোজ্যের অধিকারী ও ভীষ্ম দ্রোণ সামান্যতঃ সর্ব্ব বিষয়ের কৃতাকৃত পরিজ্ঞানের নিমিত্ত নিযুক্ত হইলেন। অশ্বত্থামা ব্রাহ্মণদিগের অভ্যর্থনাতে, সঞ্জয় রাজ বর্গের সমাদর করণে, কৃপাচার্য্য হিরণ্যাদি বিবিধ রত্নের রক্ষণে ও দক্ষিণাদানে, বিদুর ব্যয় বিষয়ে, পাণ্ডবারি দুর্য্যোধন নানা দিগ্‌দেশীয় লোকের প্রদত্ত উপহার দ্রব্য গ্রহণে, শ্রীকৃষ্ণ বিপ্রপাদ প্রক্ষালনে নিযুক্ত হইলেন। বাহ্লীকাধিপতি এক সুবর্ণভূষিত রথ আনিলেন কাম্বোজ ভূপতি শ্বেতকান্তি কাম্বোজীয় অশ্বযোজনা করিলেন, সুনীথ রথের অনুকর্ষ অর্থাৎ অধঃস্থিত কাষ্ঠাহরণ করিলেন। চেদি দেশাধিপতি ধৃষ্ট, দক্ষিণ দেশাধিপতি উরশ্ছদ, মাগধেশ্বর উষ্ণীষ ও মালা আনয়ন করিলেন। বসুদান রাজহস্তি, মৎস্যাধিপতি শকট একলব্য উপানহ, অবন্তীশ্বর অভিষেকবারি আনয়ন করিলেন। চেকিতান তূণীর, কাশীরাজ ধনুঃ, মদ্রাধিপতি শল্য খড়্গ আহরণ করিলেন এবং যদুবংশীয় রাজা সাত্যকি ছত্র ধারণ ও ভীমার্জ্জুন ব্যজন এবং নকুল সহদেব চামর চালনা করিলেন।

যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞ।

শ্রীকৃষ্ণ শঙ্খস্থিতবারি সেচন পূর্ব্বক যুধিষ্ঠিরের অভিষেক কর্ম্ম সম্পন্ন করিলেন, এবং ব্যাস সহকারে ধৌম্যেরও রাজাকে অভিষেক করণের উল্লেখ আছে; এ যজ্ঞে বেদব্যাস স্বয়ং ব্রহ্মা ও তচ্ছিষ্য পৌল ও যাজ্ঞবল্ক্যাদি অধ্বর্য্য ও হোতকর্ম্মাদি সম্পন্নার্থে নিযুক্ত ছিলেন। কাম্বোজ ভূপতি বিড়ালের ও গুহাবাসি পশুর লোমজাত স্বর্ণালঙ্কৃত বস্ত্র অর্থাৎ শাল, কিংখাপ, এবং উত্তমোত্তম চর্ম্ম উপহার দিলেন। অদ্যাপিও আফগানস্থানে বুরাক নামে অতি দীর্ঘলোমশ বিড়াল দৃষ্ট হয়। এবং তিত্তিরতুল্য বিচিত্র ও শুকপক্ষি নাসিকা সম নাসিকা যুক্ত অশ্ব ও হৃষ্টপুষ্ট উষ্ট্র ও বামী অর্থাৎ ঘোটকী বা গর্দ্দভী সকল প্রদান করিলেন *। মরুকচ্ছ নিবাসি লোকেরা গান্ধার দেশ জাত অশ্ব আনিলেন। সিন্ধুনদী পারস্থ ও সমুদ্র তীরস্থ বৈরাম পারদ, এবং আভীর বা (আহির ও আবিবিয়া) ও কিতব জাতীয় লোক বিবিধ রত্নাহরণ পূর্ব্বক আগমন করেন। এবং গুজ্জররাষ্ট্র বা (গুজ্জরাট) দেশীয় লোকেরা ছাগ, মেষ, গো, গর্দ্দভ, উষ্ট্র, স্বর্ণ ফলজ মধু † ও বিবিধ কম্বল উপহার দিলেক। প্রাগ্‌জ্যোতিষ (কামরূপের) ম্লেচ্ছরাজা ভগদত্ত যবন সঙ্গে বেগবান আজানেয় ‡ অশ্ব লৌহভাণ্ড ও বিশুদ্ধ দন্তরচিতৎ সরুযুক্ত খড়্গানয়ন করিলেন। তুর্কিস্থানের পূর্ব্বাংশে ওক্ষসনদী সমীপস্থ শকেরা ও তোখারি স্থানের লোক তুখারগণ ও

* অনুমানতঃ বোখারার দক্ষিণাংশে পারোপামিশ পর্ব্বতে ও তদুত্তর ভূমিতে কাম্বোজের নিবাস ছিল এবং উক্ত পশ্বাদি ও দ্রব্যাদিও তথায় জন্মে।

† শ্রীহট্ট জেলায় যেমত কমলা মধু পাওয়াযায় তদ্রূপ তথায় কোন ফলজ মধু পাওয়া যাইত।

‡ শ্রেষ্ঠ লক্ষণ, বিশেষযুক্ত অশ্ব।

কঙ্কাদি অপরাপর পর্ব্বতীয় লোকেরা মনোহর লোমজ, কীটজ, পট্টজ, মৃগচর্ম্মজ, বস্ত্র এবং কোমল মেষচর্ম্মজ বস্ত্র ও দীর্ঘ খড়্গ, ঋষ্টি, শক্তি, ও পশ্চিম দেশোদ্ভব পরশু এবং বিবিধ রস গন্ধ, রত্ন, দিয়াছিল। পূর্ব্ব দেশাধিপতি ভূপতিগণ বৃহৎ২ হস্তী ও অশ্ব ও অপর্য্যাপ্ত সুবর্ণ ও বহু মূল্য আসন, মণি কাঞ্চনময় চিত্রিত ও গজদন্তময় যান ও শয্যা বিচিত্র কবচ, বিবিধ অস্ত্র, বিনীত অশ্বযোজিত এবং ব্যাঘ্রচর্ম্ম পরিবারিত ও স্বর্ণভূষিত নানাবিধ রথ ও বিচিত্র পরিস্তোম অর্থাৎ গজপৃষ্ঠস্থ চিত্র কম্বল ও নানাবিধ রত্ন ও শরাদি অস্ত্র প্রদান পূর্ব্বক যজ্ঞ সদনে প্রবেশ করিলেন। উক্ত পূর্ব্বদেশ ভারতবর্ষান্তঃপাতি হইলে যুধিষ্ঠিরের রাজধানী ইন্দ্রপ্রস্থে অর্থাৎ প্রাচীন দিল্লীর পূর্ব্ব দক্ষিণবর্ত্তি কাশী ও মগধ ও উত্তর বাঙ্গালার শিল্পি লোকেরাও তাহা প্রস্তুত করিতে পারিত। সম্প্রতিও ত্রিপুরার রাজার রাজমন্দিরে হস্তি দন্তদ্বারা নানা প্রকার বিচিত্র আধার আসন যষ্টি আদি প্রস্তুত হইয়া থাকে ও অতি সুদীর্ঘ হস্তীও প্রাপ্ত হয় এবং তাঁহারা আরও ব্যক্ত করেন যে রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞকালে সর্ব্বশেষে সমাগত হইয়াছিলেন এপ্রযুক্ত মহারাজার আজ্ঞানুসারে যজ্ঞস্থানীয় উচ্ছিষ্ট ভুক্তাবশেষ স্থান সম্মার্জ্জন করাতে যুধিষ্ঠির সন্তুষ্ট হইয়া তাঁহাদিগের পূর্ব্বপুরুষকে সিংহাসন ও ধবল ছত্র প্রদান করিয়াছিলেন তাহা অদ্যাপি ত্রিপুরাধিপতি শ্রীযুক্ত মহারাজ ঈশানচন্দ্র মাণিক্য বাহাদুরের গৃহস্থিত আছে এবং রাজত্বে অভিষেক কালীন সেই সিংহাসনোপবিষ্ট ও ধবল ছত্র ধারণ করিয়াছিলেন। তদবধি ইহাঁর রাজত্ব মধ্যে কেহ শ্বেত ছত্র ধারণ করিতে পারেন না। তাঁহারা চন্দ্রবংশীয় নৃপতি ও যুধিষ্ঠিরের জ্ঞাতিত্ব রূপে প্রাচীনত্ব নির্দ্দেশার্থে এতদধিক আরও অনেক বিষয় ব্যক্ত করিয়া থাকেন॥

মেরু, মন্দর পর্ব্বতের মধ্যবর্ত্তি দেশে শৈলোদা নদীতীরস্থ যাবৎ

লোক কীচক বেণুর মনোরম ছায়া সেবন করে যাঁহাদের নাম খস, একাসন, অর্হ, প্রদর, পারদ, কুলিন্দ তাঁহারা পৈপীলিক সুবর্ণ আনিয়াছিলেন, পিপীলিকার দ্বারা এই স্বর্ণ উদ্ধৃত হয়*। এবং শুক্ল চামর ও কৃষ্ণপুচ্ছ যুক্ত চামর, ক্ষৌদ্র মধু উপহার দিলেন। এই সমস্ত দ্রব্য হিমালয় ও তির্ব্বতের মধ্যে জন্মে। চমর নামক গরুর পুচ্ছলোমে চামর হয়। একথা পিঙ্গলবর্ণ মক্ষিকার নাম ক্ষুদ্র; তদ্দ্বারা উৎপন্ন মধুর নাম ক্ষৌদ্র [হিমালয়ের পূর্ব্বভাগস্থ লৌহিত্য (ব্রহ্মপুত্রনদেরতীরবর্ত্তি) লোকের ও কিরাতাদির অগুরুচন্দন, কৃষ্ণচন্দন নানাবিধ গন্ধ, রত্ন বিচিত্র পশুপক্ষি চর্ম্মাদি দিবার উল্লেখ আছে। বঙ্গ, পুণ্ড্রক, কালিঙ্গ দেশীয় লোকদিগের দীর্ঘদন্ত ও চিত্র সজ্জাবৃত হস্তী এবং চোল ও পাণ্ড্যদিগের মলয় ও দর্দ্দুর † পর্ব্বতজাত চন্দন ও অগুরু, সুবর্ণ, সুক্ষ্মবস্ত্র, মণিরত্ন এবং সিংহল দ্বীপস্থ লোকের সমুদ্রোৎপন্ন বৈদূর্য্যমণি মুক্তাভার ও হস্তী কুম্ভ আহরণের আখ্যান আছে। উপহার গ্রাহক দুর্যোধন নানাদিগ্ দেশাগাগত উপঢৌকন ও যুধিষ্ঠিরের মহৈশ্বর্য্য দর্শনে তাঁহার অন্তঃকরণে অত্যন্ত ঈর্ষ্যা ও দ্বেষ উপস্থিত হইল; তিনি ময় দানব নির্ম্মিত পরমাশ্চর্য্য রাজসূয় সভা সন্দর্শন পূর্ব্বক নিতান্ত তাপিত হইয়া মাৎসর্য্য প্রভাবে ভ্রমবশতঃ স্খলিত গতি ও তৎকালে ভীম শ্রীকৃষ্ণ সমক্ষে তাঁহাকে গ্রাম্য লোকের ন্যায় উপহাস করাতে দুর্যোধন অশেষবিধ ভোগ সুখ নানারত্ন সম্পন্ন হইয়াও মনের বিপ্রকৃষ্টতায় দিনেং বিবর্ণ ও কৃশ হইতে লাগিলেন, পুত্র বৎসল ধৃতরাষ্ট্র পুত্রের মনঃপীড়ার বিষয় জ্ঞাতহইয়া দ্যূতক্রীড়ার

*গ্রীকগ্রন্থ মতে হিমালয় ও কিউনলুন পর্ব্বতান্তর্ব্বর্ত্তি স্থানে এই স্বর্ণোৎপাদক দেশ এবং তাহা মহাভারতোক্ত মেরু ও মন্দরের মধ্যবর্ত্তি স্থান ও বটে।

† দাক্ষিণাত্য মধ্যে মলয় পর্ব্বতের নিকটে, সহ্যাদ্রির দক্ষিণে দর্দ্দুর পর্ব্বত।

অনজ্ঞাদিলেন তাহাতে কৃষ্ণ রুষ্ট ও অসন্তুষ্ট হইয়াও বিবাদ ভঞ্জনের চেষ্টা করিলেন না বরঞ্চ পাঞ্চি ক্রীড়া প্রভৃতি অশেষ কুনীতি সহ্য করিলেন, যেহেতু বিদুর ভীষ্ম, দ্রোণ ও কৃপাচার্য্যের অনভিমতে আরব্ধ সেই তুমুল যুদ্ধেই ক্ষত্রিয় কুলধ্বংস হওয়া তাঁহার অভিপ্রেত ছিল। তাহার বিশেষ কারণ এই যে দুর্য্যোধনাদি সর্ব্বদা ক্রোধ পরতন্ত্র ও গুরু, বৃদ্ধ লোকের বাক্যোপেক্ষা করিতেন। দুর্য্যোধন ক্ষত্রিয় কুলে জন্ম গ্রহণ করিয়া ও যুদ্ধে পাণ্ডবদিগকে জয় করিতে অশক্ত ও পাণ্ডব রাজলক্ষ্মী আত্মসাৎ করিবার বিষয়ে হতোৎসাহ হইয়া গান্ধার রাজের সহিত পরামর্শ পূর্ব্বক কপট দ্যূত ক্রীড়ার মন্ত্রণা করিল। দ্বিতীয় বার পাশ ক্রীড়ার হেতু এই যে পূর্ব্ব প্রতিজ্ঞায় বিশেষ অনিষ্ট না হইয়া বরং ধৃতরাষ্ট্রের প্রসন্নতায় পুনরায় রাজ্য প্রাপ্তি পূর্ব্বক পাণ্ডবেরা রাজধানীতে প্রত্যাবর্ত্তন করেন। অতএব দুর্য্যোধন মানস সাফল্যের জন্য যে বিষয়ে তাঁহারা ক্ষীণ বুদ্ধি তদুপলক্ষেই পুনশ্চ অহিত চেষ্টায় প্রবর্ত্ত হইলেন কিন্তু যুধিষ্ঠির একবার পরাজিত হইয়াও ঘোরতর দুর্গতি সম্ভোগ করিয়াও সচেতন ও সুবুদ্ধি হইলেন না তৎপ্রযুক্ত দ্বাদশবর্ষ বনবাস ও একবর্ষ অজ্ঞাতবাস এবং অজ্ঞাত বাসের বর্ষমধ্যে নাম ধাম প্রকাশ হইলে পুনর্ব্বার দ্বাদশবর্ষ অরণ্যে থাকিতে হইবেক এই প্রতিজ্ঞা স্বীকার পূর্ব্বক শকুনি রচিত পাশক্রীড়ায় পুনঃ পরাজিত হইয়া যুধিষ্ঠির ভ্রাতৃ গণ ও পত্নীসহ মহা দুর্গতি ভোগ করিতে লাগিলেন।

যুধিষ্ঠির সমীপে প্রজাবর্গের খেদ।

অতএব দুষ্টের দুষ্টত্বয় বিশিষ্ট শিষ্ট লোক কখন ইষ্ট নিষ্ঠ হয়েন না তাহা বনপর্ব্বেই ব্যক্ত আছে। রাজা দুর্য্যোধন মহাক্রোধী, অর্থ লোভী, মানী, কদাচারী, নির্দ্দয়, সুহৃৎ দ্রুক্, মহাপাপকারী তাঁহার কুমতি দ্বারা ও তাঁহার আত্মমন্ত্রী অরিষ্ট দুষ্টমী পাপিষ্ঠ শকু

নির শঠতা দ্বারা, ক্ষমাবন্ত পুণ্যবন্ত দয়াবন্ত মহান্ত পাণ্ডু সন্তানেরা রাজ্যাদি বিবর্জ্জিত হইয়া দ্বাদশ বর্ষ পরিমাণে অরণ্যে শরণ লইলেন তদ্ধেতুক প্রজাবৃন্দ চতুর্দ্দিকে রাজ্য ত্যাগানন্তর ছিন্ন ভিন্ন হইলেন এবং যে স্থানে মন্ত্রী শকুনি, রাজা দুর্য্যোধন, তথায় সাধু সজ্জন কদাপি বাস করিতে পারেন না বিশেষতঃ পাপিষ্ঠ রাজা হইতে প্রজার সুখ ও আত্ম কুলধর্ম্ম পুণ্যকর্ম্মাদি সামুদায়িক নষ্ট হয় সুতরাং প্রজা বর্গ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের অরণ্য গমনকালীন খেদপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া সবিনয়ে কহিতে লাগিলেন, হে রাজন্ "অস্মদাদিকে পরিত্যাগ পূর্ব্বক যে স্থানে যাইবেন, আমরাও তথায় যাইব,, যেহেতুক কৌরব ছলনা দ্বারা সর্ব্বস্বজয়ী হইল, তৎপ্রযুক্তই সমুহ দুঃখগ্রস্ত হইয়া তব সন্নিধানে আগত হইলাম, যাহার দর্শনে, আসনে শয়নে, পাপস্পর্শ ব্যতীত ধর্ম্ম সঞ্চার হয় না ও যাহার রাজত্বে প্রজা নিষ্পীড়ন ও পর সর্ব্বস্ব হরণ ও যাহার কিল্বিষ স্বরূপ তপনের প্রখরতর কর প্রসারণ দ্বারা [রাজ্যস্থ] সমস্ত ব্যক্তিই উত্তাপিত হইতে লাগিল তাহার রাজ্যাধিকারে সুখ, সম্পদ, সম্ভোগ ও ধর্ম্মাচার পরিরক্ষণে কেহই শক্ত হইবেক না কেননা পাপির সংসর্গে পাপেরই বৃদ্ধি হয় ও পুণ্যবানের সংহতি জন্য অবশ্যই পুণ্যোপার্জ্জন হইয়া থাকে এবং রাজার পাপ হইলে প্রজার কখনই অব্যাহতি হয় না অতএব সকল সদ্গুণাশ্রয় যে আপনি এক্ষণে আপনারই শরণাগত হইলাম যথাযোগ্য বিধানে এ অধীনদিগকে সর্ব্বাপদ হইতে মুক্ত করুন। ইত্যাদি করুণারসাভিষিক্ত বচনোক্তিতে রাজা যুধিষ্ঠির প্রজাসমূহ সম্বোধনে পীযূষ সদৃশ বাগমৃত বিতরণ করিতে লাগিলেন, হে প্রজাগণ তোমাদিগের প্রিয় বাক্য শ্রবণান্তে নিতান্ত সন্তুষ্ট হইলাম। যেহেতুক অস্মদাদির সুখে নিবৃত হইয়া নির্ব্বিঘ্নতা পরিত্যাগ পূর্ব্বক সুখে সুখী, দুঃখে দুঃখী, হিতেহিত, মনোমান করিতা, তৎসমুদায় স্মরণ পূর্ব্বক সম্প্রতি পিতামহ

ভীষ্ম ও জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্র, মাতা কুন্তীদেবী ইহাঁরা অমার দিগের জন্য সর্ব্বদা শোক মোহে পরিতাপিত আছেন অতএব স্বরাজ্যে ভব স্থান পুরঃসর তাঁহারদিগকে পরম যত্নে সংরক্ষণ করহ। কুন্তী ও মাদ্রী পরম পবিত্রারণ্যে ঋষিদিগের আশ্রমস্থিত হইয়া পাণ্ডবদিগকে লালন পালন করিয়াছিলেন, কিছুকাল পরে ঋষিগণ সেই ব্রহ্মচারি বেশধারি শাস্ত্রজ্ঞ গুণ সম্পন্ন রাজকুমারদিগকে রাজধানীতে ধৃতরাষ্ট্রাদির নিকটে আনয়ন করিলেন এবং ইহাঁরা পাণ্ডুপুত্র তোমারদিগের পুত্র, ভ্রাতা, শিষ্য, সুহৃদ্ ইহা বলিয়া পরিচয় দিয়া প্রস্থান করিলেন, তৎসংবাদ শ্রবণে সমুদায় কৌরব ও সুশীল ধর্ম্ম পরায়ণ পুরবাসিগণ হৃষ্টচিত্তে মহাকোলাহল করিতে লাগিল। কেহ ২ পাণ্ডুপুত্র নহে ইহা বলিয়া কুতর্ক করিতে লাগিল কিন্তু সর্ব্বত্রই পাণ্ডবেরদের কুশল বার্ত্তা জিজ্ঞাসিত হইল পরে ধৃতরাষ্ট্রাদির স্নেহে তাঁহারা দিন২ বর্দ্ধিত হইতে লাগিলেন। এবং ধৃতরাষ্ট্রাদির প্রসন্নতায় অর্দ্ধ রাজ্য প্রাপ্ত্যনন্তর মণি, কাঞ্চন, রত্ন, গো, হস্তী, অশ্ব, রথাদি, বিবিধ ঐশ্বর্য্যান্বিত হইয়াও পৌরজন সাহিত্য নিত্য নিত্যানন্দোৎসবে কালযাপন করিতে লাগিলেন। কিন্তু দুর্য্যোধন ধর্ম্ম বিলোপক মর্ম্মান্তিক অমর্ষবশতাপন্ন হইয়া পাশক্রীড়া রূপ প্রতারণা উপস্থিত করিয়া পাণ্ডবদিগের সর্ব্বনাশ করিল সুতরাং যুধিষ্ঠিরের অভিভবেই জ্যেষ্ঠ ভক্তি পরতন্ত্রতা প্রযুক্ত অশেষ ক্লেশ সহিষ্ণু ধর্ম্মশীল ভীমাদিরও বন প্রস্থান করিতে হইল। অতএব। সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখং। সুখদুঃখে মনুষ্যাণাং চক্রবৎ পরিবর্ত্ততঃ। সুখাত্বং দুঃখমাপন্নঃ পুনরাপৎস্যতে সুখং। ন নিত্যং লভতেদুঃখং ন নিত্যং লভতে সুখং। ইতি শান্তিপর্ব্বণি। এইরূপে যুধিষ্ঠিরাদির বনবাস হইলে কেবল দুর্য্যোধন ১৩ ত্রয়োদশ বর্ষ রাজ্য ভোগ করেন ইতি।

ইতি সারাবল্যাং প্রথমঃ পরিচ্ছেদঃ।

অথ দ্বিতীয় পরিচ্ছেদঃ।

যুধিষ্ঠির ধর্ম্মময় মহাবৃক্ষ, অর্জ্জুন তাহার স্কন্ধ, ভীমসেন শাখা মাদ্রীসুত নকুল সহদেব পুষ্প ও ফল, কৃষ্ণ বেদ ও ব্রাহ্মণগণ তাহার মূল। উক্ত ধর্ম্ম পরায়ণ যুধিষ্ঠির দুষ্ট মন্ত্রি শকুনির প্রবঞ্চনাতে পাষ্টি ক্রীড়ায় পরাজিত হইয়া পূর্ব্ব প্রতিজ্ঞা পালনার্থে দ্বাদশবর্ষ বন বাস ও একবর্ষ অজ্ঞাত বাস জন্য অপর ভ্রাতৃগণ এবং দ্রৌপদীসহ সমূহ দুঃখ সম্ভোগ ও মনস্তাপ ও অশেষ যন্ত্রণা ভোগাবসানে পঞ্চভ্রাতা দ্রৌপদী সমভিব্যাহারে অজ্ঞাত বাসরূপ বিষম পাশ মুক্ত হইয়া প্রফুল্লিতান্তঃকরণে মৎস্যাধিপতি বিরাট রাজসদনে সম্মত হইলেন তথাকার রাজ দত্ত দিব্য হীরক খচিত স্বর্ণ সিংহাসনোপবেশনানন্তর সুহৃদ্বান্ধবাদি সহ সম্মেলনে অত্যানন পাথোধি নিমজ্জিত বিমলোচ্চন্ত চিত্তোত্তঙ্গ তরঙ্গ বিকাশমান হইতে লাগিল। সভাস্থ সমস্ত ব্যক্তিই তৎপ্রবাহ দর্শনে বিকাশিত নির্ম্মল নয়ন পরিতৃপ্তি পূর্ব্বক পূর্ব্ববার্ত্তা শ্রবণান্তে ধর্ম্মরাজের হিতজনক বক্তৃতায় রসনা বিস্তার করিলেন, তাহাতে সকল মহাত্মার সদযুক্তিতে স্বীয় রাজ্যাংশ প্রাপণার্থে প্রিয়ম্বদ ধৌম্য তপোধনকে দৌত্যকর্ম্মে হস্তিনানগরে দুর্য্যোধন সন্নিধানে সম্প্রেষণ করিলেন। ধৌম্য তপোধন কুরুরাজ সভায় প্রবিষ্ট হইয়া অম্বিকা নন্দন ধৃতরাষ্ট্রকে কহিলেন" হে রাজন্ তব অনুজ্ঞানুবর্ত্তী পঞ্চপাণ্ডব আপন বিভাগ মত রাজ্য প্রার্থিত হইয়া ভবৎ সন্নিকর্ষে আমাকে প্রেরণ করিয়াছেন, যথাজ্ঞা বিধানে বিনাবিবাদে রাজ্যভার প্রাপ্তির সম্পূর্ণ বাসনা করেন যেহেতুক যুষ্মদীয় নিকষা বিশেষ বাধ্যতা স্বীকার করত রাজ্য, ধন, জন, সমস্তৈশ্বর্য্য বিসর্জ্জন দিয়া জটাবল্কল পরিধান পূর্ব্বক তপস্বির বেশে অজ্ঞাতবাসে অরণ্য বিশেষে অশেষ ক্লেশ সহিষ্ণু পাণ্ডবেরা সম্প্রতি আপনার প্রসন্নতায় পৈতৃকাংশ প্রাপ্ত হইলেই প্রীত হয়েন এবং পরস্পর ভ্রাতৃগণের বিরোধেও প্রয়োজনাভাবাভাস

প্রকাশ করিলেন। ধৌম্যের বহুতর বাক্য শ্রবণোত্তর ধৃতরাষ্ট্র ভীষ্মাদি মহাত্মাগণ সাক্ষাৎকারে দুর্য্যোধনকে কহিলেন হে পুত্র সভাস্থ সমস্ত সজ্জন স্বজন জন সম্মত ইন্দ্রপ্রস্থ রাজধানী পাণ্ডবগণকে সম্প্রীতে সমর্পণ করিয়া ভাই২ প্রীতি পূর্ব্বক রাজ্য সুখাস্বাদন ও জ্ঞাতি সহ কলহ ভঞ্জন এবং কুযশোপকীর্ত্তি ঘোষণায় বর্জ্জিত হইয়া সযত্নে কাল যাপন করিলে প্রজাবর্গ ও স্বজন সজ্জন সকলেই পরম সুখী হয়েন। এই কথা শুনিয়া রাজা দুর্য্যোধন স্বীয় ব্যপেত বুদ্ধিতে উপেত হইয়া কহিলেন "হে পিতঃ পরম বৈরি পাণ্ডুপুত্র দিগকে যুদ্ধব্যতীত কখন রাজ্যভাগ দিব না। ইহা বলিয়া, কর্ণ দুঃশাসন ও শকুনি সমভিব্যাহৃত সভা হইতে প্রস্থান করিলেন। অনন্তর ধৌম্য পুরোহিত অন্ধরাজ ধৃতরাষ্ট্রকে কহিলেন" দুষ্ট শঠ, পাপিষ্ঠ, কুলনাশক, মহামত্ত, দুর্য্যোধনের পূর্ব্বাপর বিশেষ ব্যবহার বিজ্ঞাত হইতেছি তিনি অহঙ্কারে প্রমত্ত হইয়া কখন সম্প্রীতে রাজ্যাংশ দিবেন না কিন্তু তাঁহারও বলি রাজার ন্যায় দুরবস্থা প্রাপ্তি ও অবশেষ অশেষ ক্লেশ ও বহু দুঃখোপস্থিত হইবেক। বলি বাহুবলে অখিল সংসার পরাজয় করত ' সম্পদ মদে প্রমত্ত হইয়া অহঙ্কার বশতঃ জ্ঞাতি বন্ধুবর্গকে অমান্য করিয়া সর্ব্বদা পরহিংসা ও পরদ্বেষে রতছিল, তদ্ধেতুক শ্রীহরি দয়ালু স্বভাবে পরহিতার্থে বলির স্বভুজোপার্জ্জিত বাস্তোস্পতির ইন্দ্রত্ব সমর্পণ করত তাহাঁকে বন্ধন পূর্ব্বক পাতালে রাখিলেন। সম্প্রতিও সেই শ্রীহরি পাণ্ডব পক্ষে সহায় হইয়াছেন তৎপ্রসাদাৎ সাধু ধর্ম্মিষ্ঠ পাণ্ডবগণ অবশ্যই রাজ্য প্রাপ্ত হইবেন, কিন্তু মহারাজ আক্ষেপের বিষয় এই যে কুরুকুল নির্ম্মূলের সোপান হইতেছে। অনন্তর অন্ধরাজা দুর্য্যোধনকে স্বতঃপরত বহুবিধ প্রবোধক বাগ্মিতাদ্বারা কুপ্রবৃত্তি হইতে নিবৃত্তি করিতে পারিলেন না সুতরাং তিনি কাহারু বাক্য গ্রাহ্য বা স্বীকার্য্য যোগ্য জ্ঞান করিলেন না অতএবই উন্মাদিষ্ণু অথচ কুপথগামি পুত্রের

পাপে স্বানুকূল বিধাতাও প্রতিকূল হইয়াছেন ইহা বিবেচনা করত সঞ্জয়কে কহিলেন পরমসুবুদ্ধি হইলেও মনুষ্যগণ দৈবকর্ত্তৃক হত হয়েন এবং এই সংসার দৈবগতিতে যাহাহয় তাহা খণ্ডনে কেহ শক্ত হয়েন না অহো কি দুর্দ্দৈব স্বকর্ম্ম সন্তাপ বিচেষ্টিত কালান্তরাব র্ত্তী যে শুভাশুভ তাহা দৃষ্ট লক্ষণাতেই বিশেষানুভাব হইতেছে, যে হেতুক দুর্য্যোধন দুষ্টের কুমন্ত্রণায় কাপট্য ব্যবহারে পাণ্ডু সন্তানদিগকে যত দুঃখ দিয়াছেন তাহাতেই মতপ্রায় হইয়াছি হে সঞ্জয় যখন শুনিলাম দুর্য্যোধন ও কর্ণ শকুনি এই প্রতিজ্ঞা করিয়াছে যে“ জয় হউক অথবা মত্যু হউক পাণ্ডব দিগকে রাজ্যার্দ্ধ প্রদান করিব না, তখন বহুক্ষণ বহুবিধ চিন্তা প্রবাহে ভাসমান হইলাম। আমি বিবাদেও সম্মত নহি এবং কুলক্ষয় দর্শনেও প্রীত নহি আমার স্বপুত্রে পাণ্ডুপুত্রে বিশেষ নাই। পুত্রেরা সর্ব্বদা ক্রোধ পরতন্ত্রতা প্রযুক্ত আমাকে বৃদ্ধজ্ঞানে অবজ্ঞা করেন, আমি অন্ধ অথচ লঘুচিত্ত নিমিত্ত অপত্য স্নেহ বশতঃ সমস্তই সহ্য করি। অচেতন দুর্য্যোধন মোহাভিভূত হইলেও আমি মোহিত হই ইহাও যথার্থ বটে কিন্তু তাঁহার জয়ের আশা দূরগতা হইয়াছে কারণ এই যে যখন শুনিলাম অর্জ্জুন দ্বারকাতে সুভদ্রাকে বল পূর্ব্বক বিবাহ করিয়াছে অথচ বৃষ্ণি বংশাবতংস বাসুদেব বলরাম মিত্রভাবে ইন্দ্রপ্রস্থে আসিয়াছেন ও দেবরাজ বৃষ্টি আরম্ভ করিলে অর্জ্জুন দিব্য শরজাল দ্বারা তাহা বারণ করিয়া খাণ্ডব দাহে অগ্নিকে তৃপ্ত করিয়াছে ও পঞ্চপাণ্ডব কুন্তী সহিত জতুগৃহ হইতে পরিত্রাণ পাইয়াছে এবং মহাপ্রাজ্ঞ বিদুর তাহাদের ইষ্টসাধনে যত্নবান্ হইয়াছে ও জ্যেষ্ঠ ভক্তি পরায়ণ অশেষ দুঃখ সহিষ্ণু ধর্ম্মশীল পাণ্ডবদিগের বনপ্রস্থান কালে নানা চেষ্টা ও সহস্র২ ভিক্ষোপজীবি মহাত্মা স্নাতক ব্রহ্মচর্য্যাশ্রম সমাধা করত গৃহপ্রবিষ্ট ব্রাহ্মণগণ বনবাসি যুধিষ্ঠিরের অনুগত হইয়াছে এবং দেবাদিদেব কিরাতরূপি মহাদেবকে যুদ্ধে প্রসন্ন করিয়া পাশুপত মহাস্ত্র লাভ করিয়াছে। সত্যসন্ধ অর্থাৎ দৃঢ় প্রতিজ্ঞ ধনঞ্জয়

স্বর্গেগিয়া স্বয়ং দেবরাজের নিকট যথা বিধানে অস্ত্রশিক্ষা করিতেছে ও অর্জ্জুন বরদান গর্ব্বিত দেবতাদিগের অজেয় পুলোমা পুত্র কালকেয় সংজ্ঞক অতিশয় দুর্দ্দান্ত মহাপরাক্রান্ত ষষ্টি সহস্র অসুর দিগকে পরাজয় করিয়াছে ও অসুর বধার্থে ইন্দ্রলোকে গিয়া কৃতকার্য্য হইয়া প্রত্যাগমন করিয়াছে। কর্ণ মতানুযায়ী ঘোষ মাত্র। প্রস্থিত, মৎপুত্রদিগকে গন্ধর্ব্বেরা বদ্ধ করিয়াছিল অর্জ্জুন তাহাদিগের উদ্ধার করিয়াছে আমার পুত্রেরা বিরাট রাজ্যে দ্রৌপদী সহ অজ্ঞাত বাসকালে পাণ্ডবানুসন্ধান করিতে পারেন নাই ও উত্তর গো গ্রহে মৎ পক্ষীয় অতি প্রধান বীর দিগকে অর্জ্জুন একাকী পরাজয় করিয়াছে ও বিরাটরাজা আত্মকন্যা উত্তরাকে বস্ত্রালঙ্কারে ভুষিতা করিয়া অর্জ্জুনকে সম্প্রদান করিয়াছেন অর্জ্জুন তাহাকে আপন পুত্রের নিমিত্ত প্রতিগ্রহ করিয়াছে এবং যুধিষ্ঠির নির্জ্জিত নির্দ্ধন নির্বাসিত ও স্বজন বিয়োজিত হইয়াও সপ্ত অক্ষৌহিণী সৈন্য সংগ্রহ করিয়াছে তদবধি আমারও জয়ের আশা একেকারে পরিত্যাগ হইয়াছে অতএব হে সঞ্জয় তুমি শাস্ত্রজ্ঞ, মেধাবী বুদ্ধিমান্ পণ্ডিত ও মান্য সকলি বিবেচনা করিতে পার। সঞ্জয় যুধিষ্ঠির সন্নিকর্ষে উপস্থিত্যনন্তর ধৃতরাষ্ট্রের বিমর্ষিত বাক্য বিজ্ঞাপ্তি করিলেন তিনি কৌরবের প্রবোধার্থে আত্মদূতস্বরূপে সঞ্জয়েকেই প্রেরণ করিলেন যেহেতুক দুর্য্যোধন মৃত্যুশ্রেয়োজ্ঞানে, আত্মাভিমানে অনর্থক বিপ্রতিপত্তি সমুত্থিতি করত পুনঃ পুনর্যুদ্ধেচ্ছাই করিতেছেন, আমি কদাচ জ্ঞাতি সহ আহবে আশ্বসিত নহি কেননা অল্পকার্য্যে জ্ঞাতি বধে নিষ্প্রয়োজন। হে সঞ্জয়ে নৈর্ঘৃণ্যাদি গুণ প্রতিভান্বিত দুর্য্যোধনকে ইত্যাদ্যুপদেশ বিশেষ রূপে [illegible]ভাবে প্রদান করিবা যে আত্মসম্মান রক্ষা করত শাস্ত্রবিহিত রাজ্যভাগ দিয়া অস্মদাদিকে বাধ্য রাখেন। সঞ্জয় তথা হইতে প্রত্যাগমন পুরঃসর অন্ধরাজান্তিকাগত হইয়া কুরুসভায় সন্নিবিষ্ট সভ্যগণ সম্বোধনে সকল সদযুক্তি উক্ত

করিলে তত্রস্থ সমস্ত মহাত্মাই নিরুত্তর হইলেন অন্ধ নৃপতি তদ্বাক্য শ্রবণান্তে শোকান্ধকারে অন্ধীভূত হইয়া বস্ত্রাক্ষেপ যুক্ত নিরুক্ত করিলেন। যেমন ক্রোধেতে গুণ সমূহ ও দম্ভেতে সত্যবাক্য ও পরদ্বেষী হইলে ধন ও কুচেষ্টা বিশিষ্ট জনের পৌরুষত্বশীঘ্র নষ্ট হয় তদ্রূপ পৈশুন্যতা দোষে কুল বিনাশ পায় অতএব মমপুত্র দুর্জ্জয় দুর্য্যোধন অবিবেচনীয় সংকল্প ও বিবদনীয় প্রসঙ্গ পরিত্যাগ না করিয়া বিজিগীষা মদে মত্ত হইয়া বিষম বিপদে পতিত হওনের নিমিত্তেই শকুনি কর্ণ দুঃশাসনের মন্ত্রণায় যুদ্ধসজ্জায় সজ্জীভূত হইতে উদ্যোগী আছেন এই বিগ্রহ বাসনা রূপ নিগ্রহ বীজ, প্রগাঢ় হৃদয় গহ্বরে উপ্ত হইল ইহাতেই যে ক্ষত্রিয় কুল বৈবস্বত কর গৃহীত হইয়া দারুণা যন্ত্রণা প্রাপ্ত হইবেন তাহাতে কোন সন্দেহ রহিল না। ধৃতরাষ্ট্রের প্রমুখাৎ সঞ্জয় এই সকল বাক্য শুনিয়া সবিস্ময়ে সত্বরে বিরাট নগরে গমন পুরঃসর যুধিষ্ঠিরাদির সন্নিধানে তাবদ্বৃত্তান্ত কহিলেন অনন্তর কৌরবের দিগের সহিত বৈরানুবন্ধের কোন কারণ না দর্শাইয়া ধর্ম্মশীল যুধিষ্ঠির তৎক্ষালেও লোক ধর্ম্মভয়ে তত্রস্থ রাজসভায় সমুপস্থিত দৈবকীনন্দন শ্রীকৃষ্ণ সমীপে শ্রীকৃষ্ণের কুরুসভায় গমন। পূর্ব্বং অপূর্ব্ব বার্ত্তা সমুদায় করপুটে নিবেদন পূর্ব্বক কুরুসভায় প্রেরণোপযুক্ত পাত্র তাঁহাকেই নিরূপণ করিলেন। ভক্তবৎসল দীন দয়ালু ভগবান ভক্তাধীন হইয়া কুরু সন্তানের প্রবোধার্থে হস্তিনা নগরে গমনে স্বীকৃত হইলেন। তৎকালে দ্রৌপদী অতি দুঃখিতাভাবে ঝটিতি সন্নিহিত হইয়া সবিনয়ে সমাবেদন করিলেন হে পরাৎপর জগ জ্জাগরূক জনার্দ্দন অস্মদ্দুঃখের কথা কি কহিব নিতান্তই নিঠুর পাপী দুর্য্যোধন যত কষ্ট দিয়াছে তাহার ইয়ত্তা নাই তথাপি তাহার অন্তঃকরণে সমর সম্বন্ধ বাসনার নিরাস হইতেছে না কিন্তু নিরন্তর জ্ঞাতি নিচয় পূষণ তনয় নিলয়ে গমনার্থক বিবিধ চেষ্টার বৈয়র্থ্যতা প্রযুক্তই সুনির্ম্মল কৌরব কুলে কলঙ্কাঙ্কিত

করিতেছেন তথাপি তাহার পাপ পিপাসার কৃশা না হইয়া বরঞ্চ অহরহ নিরবগ্রহ সম আত্ম গৌরবত্ব প্রাপ্ত্যর্থে বিদ্বেষ্টাভাবে চিত্তবাধ করত পাণ্ডবদিগের অহিত চিকীর্ষু হইয়াছেন। হে কমল লোচন বিষ্ণো নির্ম্মল শান্তনিত্য সূক্ষ্মবুদ্ধি দ্বারা সকলের অন্তর্যামিত্বরূপে প্রাণস্বরূপ জীবমাত্রেরই কার্য্যাকার্য্যে দেখিতেছেন দুর্য্যোধন সকলের বাক্যাবজ্ঞাকরত অহঙ্কারে অহিতকার্য্য প্রবর্ত্তহইয়া শান্তান্তঃকরণে রাজ্যাংশ প্রদানে অসম্মতি প্রকাশ করিতেছে, বিশেষতঃ ঐ পাপিষ্ঠ দুষ্টের মন্ত্রণায় সভামধ্যে অনুপযুক্তাভিমর্ষণে আসক্তমনা হইয়া এঅধিনীর কেশাকর্ষণ পূর্ব্বক আকস্মিক উপস্থিত করাইয়া আত্মন্যায় অপর দুরাচারিকে বিবস্ত্রা করিতে অনুমতি দিয়াছিল ও যখন পরিধেয় বস্ত্র আক্রোশ পূর্ব্বক ধারণ করিল তখন প্রতিক্ষণ অনুতাপিনী হইয়া লজ্জানিবারণার্থে তোমারই প্রতীক্ষণ করত অনুনয়ে গ্রাহকের অনুগ্রহ যাচ্ঞা করিয়াছিলাম ও বিপুল বিক্রান্ত বিপক্ষাবলী বেষ্টিত হইয়া অপার সমুদ্রে পতিতানন্তর আত্মলজ্জা রক্ষার অন্যোপায়াভাব দর্শনে ম্রিয়মাণে তবচরণে একান্ত শরণ লইলাম এবং অন্তর্ব্বেদনাভিভূতত্ব নিমিত্ত কতই বা আমেড়িত বিনতি স্তুতি ও সকরুণ বাক্যোক্তি করত মুক্তি প্রার্থনা করিলাম মহাত্মা সভ্যগণ দুষ্টের ভয়ে নিরুত্তর হইল, কেহই আমা প্রতি করুণা বিতরণ করিল না, সুতরাং ক্রমশোবসন্না হইয়া কেবল তব করুণা বলবতীজ্ঞানে ব্যাকুলিতান্তঃকরণে তোমার সজল জলদ শ্যামল স্মেরবক্ত্র কমল লোচন ও পীতবাসঃ পরিধায়ি পরেশ রূপ স্মরণ পূর্ব্বক তূষ্ণীম্ভূতা হইলে তৎকালে ঘোরতর বিপদ ভিমিরাপনয়নার্থে করুণালিঙ্গিত বিমলনয়ন কিরণ বিস্তারিত করিয়া আপদ ভঞ্জন নামগুণে অস্মদ্দুঃখদর্শনে অস্থির হইয়া গগন মার্গ হইতে অনবরত বিধিধা বিচিত্র চিত্র চিত্রিত রাশী

ভূত বস্ত্র যোগাইয়াছিলা তাহাতে নানামত বর্ণযুক্ত নীলপীত লোহিত সীত শ্বেত বিরচিত বসন পর্ব্বত প্রমাণ দর্শনে ত্রাসিত ও চমৎকৃত জ্ঞানে তোমারই গুণোৎকীর্ত্তনে দৃঢ়াবিষ্ট হইলাম যেহেতুক দুঃশাসন আমার পিন্ধন বসন সযত্নে যতবার আকর্ষণ করিল ততই বৃদ্ধি হইতে লাগিল সভ্যগণ তোমার এই বিচিত্রিত কার্য্যে আশ্চর্য্য, অনীক্ষিত ব্যাপারে পরস্পর কহিয়াছিলেন যে এতদ্রূপ কখন অশ্রুত বিবিধ শাড়ী স্থানেং পুঞ্জং সঞ্চিত দৃষ্ট করেন নাই,, এবঞ্চ অনপত্রপিষ্ণু দুর্য্যোধন ও সমস্ত সভ্যগণ কর্ত্তৃক দূষিত আবিষ্কৃত হইলেন হে কৃষ্ণ তব প্রসাদাৎ তৎকালীন কেহ বিবস্ত্রা করিতে পারে নাই অপর যখন শুনিলাম কুরুরাজান্তঃপুরে দাসী হইয়া অবস্থিতি করিতে হইবেক তখন থরহরে কম্পিত কলেবরে সভয়ান্তরে বিষম শোক পাঁথারে পতিত হইয়া স্বামিগণ দৃষ্ট পুরঃসরে উচ্চৈঃস্বরে কাতরে রোদন করত অধো বদনে মৌনাবলম্বনে রহিলাম ইতিমধ্যে মন্দবুদ্ধি দুঃশাসন নানা প্রকার কটূক্তিকরত কর্ণের আজ্ঞায় অন্তঃপুরী মধ্যে যাইতে কহিলে শিরে বজ্রাঘাত প্রায় জ্ঞান করিয়া সমূহ পরিতাপিতা হইলাম যে হেতুক পূর্ব্ব জন্মান্তরীয় অনুত্তম কর্ম্মাকরণ প্রত্যবায়ে সম্প্রতি বিধাতা বুঝি এই অলৌকিক শাস্তি দিলেন, হায়ং শোক সাগরে নিমগ্ন হইয়া যত বিনতি স্তুতি করিয়াছিলাম তত্তাবৎ বাণী কাহারু কর্ণ কুহরে স্থান পাইল না একি সামান্য বিড়ম্বনা অহৌকৃষ্ণ পূর্ব্বে মম স্বয়ম্বরকালে পিতৃগৃহে সমাগত রাজবর্গ আমাকে একবার মাত্র দেখিয়াছিল তদবধি চন্দ্রসূর্য্য পবনাদি কি অন্যান্য জন কখন দৃষ্ট করেন নাই কদাচ ভ্রম বশত ত্বিষাম্পতীন্দু সন্দর্শিত হইলে তৎক্ষণাৎ পাণ্ডবেরা সমূহ ক্রোধী হইতেন এতদ্রূপাবস্থায় অবস্থিত্যনন্তর এ অভাগিনীর দুঃসময় সহ কারে সেই পাণ্ডবগণের দৃগ্‌গোচরে আপামর সাধারণ মনুষ্যই আমার দুর্গতি দেখিয়াছিল। পরন্তু লাঞ্ছনান্বিতা হইয়া গুরুজন সম্বোধনে

দাসীর যোগ্যা যোগ্যা বিচারার্থে পুনঃং কহিলে সভাস্থ সমস্ত ব্যক্তিই নিরুত্তর হইলেন কেবল অস্মদ্দুঃখাসহ্যতায় কুরুকুল শ্রেষ্ঠ পুণ্যবান ভীষ্মদেব স্তব্ধপ্রায় থাকিয়া ও করুণা তিমিরান্বিত উপদেশক বাক্য কহিয়াছিলেন যে বারম্বার কেন জিজ্ঞাসা কর সভাস্থিত প্রাচীন দ্রোণাদি মহাত্মা নিবূহের জীবনে কি জীবন আছে সকলেই হত প্রায় হইয়াছেন অতএব মৃতলোককে কোন কথা জিজ্ঞাসিত হইলে কি প্রতি বাক্য প্রদানে শক্ত হয়েন, হে কল্যাণি দ্রুপদসুতে ধর্ম্মব্যতীত ইহ সংসারে অন্যাভীষিত সখানাই তদ্ধর্ম্মাশ্রয় করাই শ্রেয়স্কর কেননা ধার্ম্মিক ব্যক্তি ধর্ম্মবলে বহুকষ্ট যুক্ত না হইয়া বরং রক্ষিত হয়েন তুমি সেই ধর্ম্ম সহায়িনী হইয়া অচিরেই অরিগণ নিধন করিবা তাহার কোন সন্দেহ নাই অপর তোমার দাস্যবৃত্তিতা বিষয়ে যুধিষ্ঠিরকে জিজ্ঞাসা করাবিধেয় এ বিচারণা অস্মদাদির নিতান্ত সাধ্যাতীত ইহা শ্রবণ করিয়া মনোদুঃখে অধোমুখী হইয়া ক্রন্দন করিতেছিলাম তৎ সময়ে দুঃশাসন বারম্বার কেশাকর্ষণ করিতে লাগিল এবং দুর্য্যোধন সহাস্য বদনে উক্ত করিল অরে কৃষ্ণা অকারণে কেন রোরুদ্যমানা হই তেছিস্ তোর স্বামী যুধিষ্ঠির পাশক্রীড়ার প্রতিজ্ঞায় তোরে বিসর্জ্জনা দিল ইদানীং পরাজিতা হইয়া দাসীবৃত্তির আপত্তি করিতেছিস দেখ তোর পঞ্চপতি বসন ভূষণ পরিত্যাগ করিয়া ভূমিতলে ভৃত্যভাবে দণ্ডায়মান রহিয়াছে। আসনোপবেশনের যোগ্যতা নাই তুই কি অহঙ্কারে কথাকহিতেছিস ইত্যাদি দারুণা বাণী কর্ণ বিবরে অশনি পতনবৎ সম্প্রবেশিত হইলেসভাস্থ রাজবর্গ সদ্ধর্ম্মিষ্ঠ জন সমবায় বাঙ্‌ নিষ্পত্তি না করিয়া নিঃশব্দে একদা পঞ্চপাণ্ডবের মুখ নিরীক্ষণ করিলেন তখন ধারাধর বর্ষণপ্রায়া বিগলিতাশ্রু মুখী ও দীনামলিনা ভাবান্বিতা আমাকে দর্শন করিয়া ভীম নিতান্ত দুঃখ ও অপমান সহ্যকরণা সমর্থ হইয়া ভীষণ মূর্ত্তিধারণ পূর্ব্বক করেং করাকর্ষণ করিয়া ভয়ঙ্কর

শ্বাস প্রশ্বাস ত্যাগকরত মহাক্রোধে কেশরি গর্জ্জনের ন্যায় ধ্বান করত তর্জ্জন গর্জ্জনে সভামধ্যে ভুজোত্তোলন পূর্ব্বক বিকট বদনে দুর্য্যোধনের প্রতি দৃষ্টিপাত পুরঃসর কহিতে লাগিলেন পাণ্ডবের পতি এই রাজা যুধিষ্ঠির বিহীনে অস্মদাদির অন্যগতি নাই সুতরাং ইহাঁরই ধর্ম্মবলে আমরা বাধ্য হইয়াছি যদি এমত ধর্ম্মাত্মা পাণ্ডবেশ্বর না হইতেন তবে কি এতক্ষণ কৌরব পামর গণ জীবন রক্ষণে সমর্থ হইত অরে দুষ্ট গরিষ্ঠ পাপিষ্ঠ নিচয় তোরদিগের দৌর্জ্জন্যতা সহ্যতা ও শমতা করণের ক্ষমতা কি অন্যের আছে। যুধিষ্ঠিরস্বয়ং পরাভূতত্ব স্বীকার পূর্ব্বক দাস হইলেন অতএব দাসীর কথা কি বলিব তোরদিগের পক্ষীয় নিখিলানর্থকারি শঠ শকুনি সহ পাপিষ্ঠ ক্রীড়ায় ছলনা দ্বারা পরাজিত হইয়া অস্মদাদি ভ্রাতৃ চতুষ্টয়কেও হারিলেন তদ্ধেতুক সকল দুঃখ সহ্যকরিতেছি এবং ধর্ম্মনন্দন ধর্ম্মরাজ ধর্ম্মপাশে আবদ্ধ হইয়াছেন তৎপ্রযুক্তই তাঁহার প্রতিজ্ঞার সফল তারূপ দুরবস্থাবলম্বন পূর্ব্বক শচীপতি পরাজিত মম ভুজের দর্প খর্ব্ব তা জন্য কৌরবগণের গর্ব্বগুরুতা বর্দ্ধিত হইতেছে কিন্তু রে পামর আমি বর্ত্তমান থাকিতে রাজাজ্ঞা হইলে তোরদের সমূল সশাখ নিধন করিয়া যমদণ্ড সম অখণ্ড দোর্দ্দণ্ড বাহু দণ্ডদ্বারা রাজ্য লণ্ডভণ্ড ও খণ্ড২ করিয়া পারিতাপ দূর করিতে পারি। বৃকোদর নিঃশব্দ হইলে কর্ণ কৌতূহলাক্রান্ত হইয়া লঘিমাজ্ঞানে কহিল" রে দাসভার্য্যে দাসি ধৃতরাষ্ট্রগৃহে শীঘ্র প্রবেশ করিয়া যথোচিত দাসীর কার্য্য নির্ব্বাহ কর এক্ষণে তোর উপর পাণ্ডবদিগের কোন কর্ত্তৃত্ব নাই। ধার্ত্তরাষ্ট্রগণ তোর প্রভু হইল সম্প্রতি যাহাকে ইচ্ছাহয় তাহাকেই ভজনা করিতে পারিস ইত্যাদি বহুতর কটূক্তি শ্রবণে ভীম কলেবর প্রভাত বাতাহত কম্পিতাকৃতি, কুমুদ্বতী সদৃশ"হইয়া রক্তিমাবর্ণ চক্ষুঃ ঘূর্ণন দ্বারা সক্রোধে কর্ণকে দৃষ্টি করিয়া কাদম্বিনী গর্জ্জনের ন্যায় ঘোরশব্দে

কহিয়াছিলেন "অরে মূঢ় সাশ্রুধারাক্ষি যুক্তা বিনম্রমুখী দ্রৌপদী প্রতি যে অযুক্ত উক্ত করিলি তৎসমুচিত শাস্তি মমহস্তে ন্যস্ত আছে এখনই দিতেপারি কিন্তু ধর্ম্মাধিকারী ধর্ম্মপাশে বদ্ধবিধায়ে অবাধ্য হইয়া কোনকার্য্য করণের সাধ্যনাই যাহাহউক পয়নাগ্নিবৎ অন্তর্বীতি হোত্র প্রজ্বলিত হইয়া প্রখর দাহদহে অন্তর্দাহ হইতেছে। অনন্তর যুধিষ্ঠির প্রতি কৌরব প্রধান আত্মগ্রাহি দুর্য্যোধন কর্ত্তৃক উক্ত হইল যে কৃষ্ণা জিতা কি অজিতা তুমিই ইহার বিধান করহ ধর্ম্মনন্দন তদ্বচন শ্রবণ পুরঃসর অধোবদন হইয়া সংব্যান বসন দ্বারা লোচননানাচ্ছাদন করিলেন দুর্য্যোধন তদ্দর্শনে মদগর্ব্বে হর্ষমাণ হইয়া কর্ণপ্রতীক্ষণে প্রফুল্ল বদনে ভীমের প্রতি অপাঙ্গদর্শন ভঙ্গীদ্বারা গজশুণ্ড সদৃশ রম্ভাতরূপম সকল লক্ষণাক্রান্ত বজ্রবৎ উরুবাসোত্তোলন পূর্ব্বক আমাকে দেখাইয়াছিল তদ্ধেতুক মহাবীর বৃকোদর মহাক্রোধে এতদ্রূপ কুকর্ম্ম স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া সভাবিদ্যমানে প্রতিজ্ঞা করিয়াছিলেন যে উক্ত ভারত কুলের পশু, নির্লজ্জপামর যে উরু দেখাইল সমর মধ্যে সেই শকৃৎভ্যন্তরে স্বীয় শক্তি সাধ্যে শস্ত্রসম গদা সম্প্রহারে উহাকে সংহার করিব,,অতএব প্রভো এমত অসমীক্ষ্যকারিকে প্রবোধ প্রদানার্থে যাইবেন কিন্তু সে পাষণ্ড অবশ্যই তব বাক্যানবজ্ঞা করিবে না এবং তৎসহ প্রীতি করিয়াও কোন উপকার নাই বরঞ্চ অপকার দর্শে ও সে পাপী অস্মদাদির জুগুপ্সাতেই সতত রত তাহার সাধুতা কিঞ্চিন্মাত্রও নাই যেহেতুক দুর্জ্জন ব্যক্তি লোকতঃ ধর্ম্মতঃ ব্যবহারে বর্জ্জিত হইয়া সর্ব্বদা কাপথগামী হয় সুতরাং বর্ত্তিষ্যু অথচ মহদ্ব্যক্তি আত্মনিন্দা ভয়ে তদনুগত হইতে অভিলাষ করেন না সেই হেতুক কুরু সভায় গমন করিয়া প্রীত হওয়া কঠিন' প্রত্যুত অস্মজ্জ্ঞানে তাহার শঠতা জ্বলেশ আপনিও বদ্ধ হইবেন "অন্যান্ পরিবদন্ সাধুর্যথাহি পরিতপ্যতে। তথা পরিবদন্নন্যান্ হৃষ্টোভবতি দুর্জ্জনঃ" যেমন পরের

নিন্দা করিয়া শিষ্ট ব্যক্তি দুঃখিত হয়েন সেইরূপ দুর্জ্জনব্যক্তি পরের নিন্দাকরিয়া আহ্লাদিত হয়েন। হে কৃষ্ণ ইহ জগতী মধ্যে কি আশ্চর্য্য ব্যবহার দৃষ্ট হইতেছে যেহেতুক কুরুকুলাধম দুর্য্যোধন অদ্যাপিও হিংসাবলে হিংসারূপ বৃক্ষরোপণ করিয়া তদাশ্রয়ে জীবন রক্ষা ও পুণ্যজনিত সুফলরূপ রাজ্যাদি সুখাস্বাদন করিতেছে আর অহিংসা পথাবলম্বী তবানুগত যে পাণ্ডবগণ তাঁহারা অশেষ দুঃখাদি ভোগ করিতেছেন তথাপি পর্য্যবসান হয়না অতএব পুণ্যবন্তেরই কাল সহকারে পাপলক্ষণ দৃষ্ট হইতেছে সে যাহাহউক কুরুকুল ধ্বংসধ্যতীত পাণ্ডবদিগের নিস্তারের পন্থান্তর দৃষ্ট হয়না এবং পাণ্ডবেরা দূত প্রেরণ করিয়াও পাপকারি দুর্য্যোধনকে পুনঃ২নীতিধর্ম্ম বুঝাইবারজন্য অশেষ যত্ন করিয়াছেন তথাপি প্রবুদ্ধ হয়েন নাই যেমন রোগিজন মৃত্যুকালে ঔষধ ভক্ষণ করেনা ও যেমন অলি বৃশ্চিক বেণুরন্ধ্র বিনাশকালে ফলো দ্ধার করে সেইমত দুর্য্যোধনের আসন্নকাল উপস্থিত হইয়াছে তজ্জন্যই সুহৃদ্বর্গের বাক্য গ্রহণ করেনা কিন্তু তোমার বাক্যা বজ্ঞাকৃতহইলে তত্তৎ পাপ বৃহেরপ্রতিফল অবশ্যই হইবেক ইত্যাদি দ্রুপদকন্যার খেদান্বিত বচনে কৃষ্ণ কৃষ্ণাকে করুণারসাভিষিক্ত বাক্যোক্তি করিয়া শান্ত না করিলেন যে তোমার দুঃখ ত্বরায় প্রমোচন ও দুর্য্যোধনাদি অচিরে শমন গ্রাসে পতিত হইবে। হস্তিনায় শুভ যাত্রাকালীন শ্রীহরি সন্নিধানে পাণ্ডব সকলে ঐকমত্য হইয়া ক্ষমাশীল স্বভাবে ইহাও কহিয়াছিলেন যে হে বিপন্নিরাকরিষ্ণু কৃষ্ণ অন্ধরাজকে কহিবেন রাজ্যদেশ বৃত্তি অশ্ব গজ ধন, জন, সমস্তই তাঁহার বশতাপন্ন হেতুক বিসর্জ্জন দিয়া উদা সীন হইয়াছেন এক্ষণে যদিচ দুর্য্যোধন সমুচিত রাজ্যাংশ না দেন তবে কেবল ইন্দ্রপ্রস্থ কুশস্থল বারণানগর হস্তিনার উত্তরাংশে সুকান্তি বা সিদ্ধি গ্রাম ও তাহার দক্ষিণাংশে পাণ্ডব নগর এই পঞ্চগ্রাম মাত্র প্রদান পূর্ব্বক অবশিষ্ট সাগরাবধি হিমাচল পর্য্যন্ত সমস্ত রাজ্য সম্ভোগ

করুন্ পুনর্বিরোধে প্রয়োজন নাই যদিস্যাৎ কুরুসন্তানেরা ইহাতে অস্বীকৃত হয়েন তবে এই মহাপাপে চিরস্থায়িনী রাজলক্ষ্মী অবিলম্বেই দবীয়সী গন্তা হইবেক এবং রাজ্য প্রাপ্ত্যর্থে তাঁহাদিগকে সংহার করিলেও পাপ ও কলঙ্ক নাই। অনন্তর ভগবান্ উপস্থিত হইলে যথা যোগ্য সম্মান পুরঃসর সভাস্থ সভ্যনিকায় সমভিবাদন করিতে লাগিলেন ভগবান্ তত্রস্থ মহাত্মাগণকে বচন মাধুর্য্যতায় তৃপ্ত করিয়া তদ্দিবস বিদুর গৃহে উপস্থিত্যনন্তর অধিবাস করিলেন, ঐ দীনহীন বিদুর সং সক্তমনা হইয়া যথার্থ ভক্তিভাব প্রকাশ পূর্ব্বক অখণ্ড সাধ্য সেবা শুশ্রূষা সম্পন্ন করত কৃষ্ণ মাহাত্ম্য বর্ণনা করিলে স্তুতি বশতঃ সম্মদ সমন্বিত হইয়া নারায়ণ সকৌতুকে কহিলেন হে বিদুর তোমার মধুর কথায় কি উদর জ্বালা দূরহয়, আপাততঃ ক্ষুৎপিপাসাভিভূতত্ব নিমিত্ত জঠর জ্বলিতেছে এবং স্নানানন্তর বিনা জলপানে চিত্তাস্থৈর্য্যতায় কাতর হইতেছি বিদুর ইত্যুক্তিতে উদার বিদুর অম্বর দামোদরের ক্ষুধা দূর করণার্থে সমাদরে স্বীয় গৃহেদার সমাবিষ্ট হইয়া অবশিষ্ট কেবল কঞ্চিৎ ক্ষুদ্রভিন্ন দ্রব্যান্তর প্রাপ্ত দুরূহ দেখিয়া দুরদৃষ্ট মন্যমানে দুঃখি তান্তঃকরণে দুঃসাহসে তাহাই পদ্মপতির পদ্ম করে প্রদান করিলে শ্রীপতি দুঃস্থাবস্থাবস্থিত বিদুর দত্ত তণ্ডুলকণামাত্র প্রাপ্তি পূর্ব্বক করেং করান্তরে বন্ধন করিয়া সন্তুষ্টে মুখব্যাদান করত যথোপ্সিতাদন করিলেন বিদুর তৎকালে লজ্জায় নয়নোন্মীলন না করিয়া কৃষ্ণ প্রতীক্ষণে নিমীলন করিলে অন্তর্যামী নারায়ণ তাঁহার এবম্ভূতাচরণ দর্শনে পরম ভক্তজ্ঞানে উদীরিত হইল যে অদ্যবাসরে যাহা ভিক্ষায় লব্ধ হইয়াছে তাহাই রন্ধন করিয়া দেহ। অদ্য তব গৃহে অবস্থান পূর্ব্বক মাধ্যাহ্নিক ভোজন ও আমোদ প্রমোদে ইষ্টালাপ করত কৌরবের বিবরণ শ্রবণ পুরঃসর রজনী জাগরণ ও কর্ত্তব্যানুষ্ঠান প্রসঙ্গ করিবারই সম্পূর্ণ আকু ঞ্চন করিতেছি। বিদুর ভোজনায়োজন নিমিত্তক কুন্তীকে কহিলে তিনি

সত্বরে রন্ধন সমাপনান্তে ভোজনাস্থান করিলে সাত্যকিসহ শ্রীকৃষ্ণ সানন্দে জঙ্ঘি সম্পাদন ও আচমনান্তে হরীতকী চর্ব্বণ পরে বিলক্ষণ উদর পূর্ত্তি পরিতৃপ্তি প্রকাশ করিলেন অনন্তর বিদুর কর্ত্তৃক ব্যাহৃত হইল যে তবাগমনে শকুনি মন্ত্রী পরামর্শ পূর্ব্বক দুর্য্যোধনকে উপদেশ দিতেছেন যে পাণ্ডবপক্ষে কৃষ্ণ নিতান্তই সহকারী হইয়াছেন অতএব তাঁহাকে বন্ধন করিয়া রাখিলে উহারা বিনা কৃষ্ণে অবশ্যই সমর শায়ী হইবে যেমন বলিকে বন্ধন করিয়া ইন্দ্র দেবরাজত্ব করিয়াছিলেন তদ্রূপ তুমিও রাজ্যভোগ করিবা বিশেষতঃ পূর্ব্বাপর শাস্ত্রমত এই নীতিও আছে যে শত্রুকে ছলেবলে কলে কৌশলে দমন করিলে পাপস্পর্শ হয়না। দুর্য্যোধনাধমধামে রধানন্দন প্রভৃতি নিভৃত স্থানে উক্তযুক্তি সম্পাদিতা অপ্রিয়া বাণী কর্ণবিবরে প্রবিবেশ হেতুক গোবিন্দ হৃদি কম্পমান রক্তাক্ত বিম্বাভাতিরিক্ত সবক্রনেত্রস্থ কনীনিকা কুম্ভকার চক্র সদৃশী বিঘূর্ণিতা করিয়া ক্রোধ সহকারে কহিলেন পাপাচারি দুর্য্যোধনের ইয়ৎ অহঙ্কার জন্মিয়াছে অতএব মুহূর্ত্ত মধ্যে সমুচিত শাস্তি দিয়া কুরুকুলান্ত করিতে পারি। ইত্যাদি বিধুর রোষ নিশিত বচনে বিদুর ভীতি বশতঃ করযোড়ে পুনরুক্তি করিলেন হে কৃষ্ণ তুমি ত্রিভুবনে শ্রষ্ঠাপাতা সংহর্ত্তা জগতপতি অসৌম্যস্বর ভাষিত অহংষু দুর্য্যোধন তোমাকে বন্ধন করিবেক এমত প্রশক্তি তাহার কি আছে হে স্বেচ্ছাময় বিষ্ণো তুমি ইচ্ছা করিলে নিমেষার্দ্ধ কালে সৃষ্টি প্রলয় করিতে পার। হে ভক্তাধীন ভগবান ভক্তজনৈক তোষণার্থে কেবল ভক্তিপাশেই বন্ধন গ্রস্থ হইতে পার নচেৎ তোমাকে বদ্ধ করণের সাধ্য কাহার আছে। তাহার দৃষ্টান্ত একদিন গোকুলে বাল্যলীলা করণকালে ছলে যশোদার ক্রোধ বাড়াইলে তোমার বৃহতী মায়ায় মোহিত হইয়া যশোদা যত যতনে বিষন্নমনে রজ্জু আনয়নে বন্ধনে নিযোজন করিলেন ততই তোমার শরীর বৃদ্ধিহইতে লাগিল দ্যাকুলি প্রমাণ বন্ধনেও অনটন

হইল ইত্যন্তে মায়া প্রকাশ পূর্ব্বক মাতৃদুঃখ দর্শনে মায়াবি স্বভাবে দয়াদ্যোতি প্রসারণ দ্বারা নিজ মায়া পরিত্যাগ করত স্বেচ্ছায় বন্ধন যাতন গ্রহণ করিয়াছিলা হে আদি নিরঞ্জন পূর্ণব্রহ্মন্ অল্পমতি দুর্য্যোধন নিমিত্ত কি কারণ ক্রোধ করিতেছেন সর্ব্বশক্তিমান্ নারায়ণের শক্ত্যতিক্রান্ত পরাক্রান্ত কে আছে অতএব মায়িক স্বভাবে মমাপরাধ ক্ষমা করুন্। কৃষ্ণ বিদুরের প্রবোধবাক্যে কোপাগ্নিদ্ধম মানস বারিতে বারণ করিয়া কৌরবের দোষ খণ্ডন পূর্ব্বক উক্ত করিলেন যে অচিরে দুষ্টদমন হইবেক অত্র সন্দেহো নাস্তি। অনন্তর বিদুর পরম পুলকান্বিত হইয়া কৃষ্ণ সাত্যকিসহ নানাপ্রকার কাব্য কৌতুক কথালাপে তিন জনে বহুনিশীথিনী সুখে জাগরণপূর্ব্বক অবশেষে কথাশেষে শেসতমসে শয়ন করিলেন। পরেদ্যুঃ শ্রীকৃষ্ণ প্রভাতে প্রাতঃকৃত্য সমাপন করত কুরুরাজ সদনে প্রয়াণ পূর্ব্বক দিব্য রাজসিংহানোবেশন করিলে নানা দিগ্‌দেশীয় রাজসমূহ এবং নারদ, পৌলস্ত্য দেবলাদি মুনিগণ অন্ধের ভবনে উপস্থিত হইয়া যথাযোগ্যাসনে বসিলেন তাহাতে সভার পরমাশোভার পরিসীমায় ইন্দ্রের দেবসভার রুচিও সামান্য জ্ঞান হইতে লাগিল। তত্রস্থ রাজসভায় শৌরি প্রসঙ্গাধীন কহিলেন হে পূজ্য রাষ্ট্রাদি কৌরবগণ ও রাজা দুর্য্যোধন একায়নে শ্রবণ কর ধর্ম্মনন্দন জ্ঞাতি বিরোধ ভঞ্জনার্থে বিনতি প্রকাশ পূর্ব্বক আমাকে সংপ্রেষণ করিয়াছেন তাহাঁরা সমুচিত রাজ্যাংশ প্রাপ্ত হইলেই তৃপ্ত হয়েন এবং পরস্পর ভ্রাতৃগণ নির্ব্বিরোধে রাজ্যাদি ভোগ সুখে নিবৃত থাকেন ইহাই সম্পূর্ণ বাসনা করেন ও দ্রঢ়িষ্ঠ বলিষ্ঠ পরিশুদ্ধ চিত্ত সাধু পাণ্ডবেরা আত্মদুর দৃষ্ট মন্যমানে দুর্য্যোধনাদি কৃতাপরাধ বৃন্দ মার্জ্জনা করিয়াছেন,, ইত্যাদি বাক্য শ্রুতি গোচরীভূতা হইলে ধৃতরাষ্ট্র দুর্য্যোধন প্রতি কহিলেন হে পুত্র শুভংশু কৃষ্ণ প্রমুখাৎ পাণ্ডবদিগের বিনয় বচন শ্রবণ করিলা এক্ষণে তাঁহাদের পূর্ব্বাধিকৃত রাজ্য ধন রত্নগ্রাম নগর্য্যাদি প্রদান

পূর্ব্বক সম্যক্‌রূপে সম্প্রীতি বর্দ্ধনও ইহলোক প্রাপ্য পূর্ণানন্দ ভোগ কর নচেৎ পশ্চাৎ বহুদুঃখ পাইবে। এবং পাণ্ডবেরা পাশক্রীড়ায় যে নিয়ম করিয়াছিল তাহাতেও মুক্ত হইয়াছে তবে অকারণে কেনইবা দ্বন্দ্ব কর এই গর্হিত অপকর্ম্মে ধর্ম্মে সহ্যতা না হইয়া বরঞ্চ সর্ব্বতো ভাবে ইহ সংসারে অপযশ অপকলঙ্ক ভাজন হইবা, দুর্য্যোধন উত্তর করিলেন তাত জীবিতবান্ থাকিতে কি পরৈধিত পাণ্ডব সহিত প্রীতি সংঘটনা হইবেক তাহাদের শক্তি থাকে যুদ্ধ করিয়া রাজ্য লউক। ইতিবাক্যে ধৃতরাষ্ট্র নিতান্ত বিরক্ত হইলেন। অনন্তর ভীষ্ম দ্রোণ কৃপ অশ্বত্থামা ও নারদমুনি প্রভৃতি সভাসদ্ মহাজনগণও প্রত্যেকেই প্রবোধ দিতে লাগিলেন হে মলিনাশয় রাজন্ তোমার মানস মলাপ কর্ষণ ও মাৎসর্য্যাদি দোষ বিনির্ম্মুক্ত কি হইবেই না। যাহাহউক ধর্ম্ম শাস্ত্রসম্মত জ্ঞাতি বত্ত্যপহরণ রূপ কর্ম্মই অতি অধর্ম্ম জ্ঞান করিতে হয় অতএব তুমি স্বধর্ম্মে স্থিতিকরত উপস্থিতবিষয়ে সম্মতিতে সম্মত হইয়া অধর্ম্মকর্ম্মাহতি দুর্ম্মতি প্রকৃতি প্রকৃতরূপে পরিত্যাগ পূর্ব্বক সম্প্রতি প্রকৃত রাজ্যাংশ প্রদান করণক পাণ্ডবগণের প্রতি প্রীত কর তাহাঁদিগকে বিরক্ত করা কদাচ শ্রেয়স্কর নহে যে হেতুক পাণ্ডুসন্তানেরা জগন্মণ্ডল মধ্যে অজেয় হইয়াছেন ইন্দ্রাদি দেবগণ তোমার স্বপক্ষ হইলেও তাঁহাদিগের সহিত সমরে জয়ী হওয়া কঠিন হইবেক। অতএব স্বধর্ম্মে থাকিয়া অতিশীঘ্র ধর্ম্মাধিকারি যুধিষ্ঠির সন্নিধানে প্রয়াণ পুরঃসর গণ্ডস্থলে কুঠারি বন্ধন ও দন্তে তৃণচ্ছেদন করত বিনম্র পূর্ব্বক পূর্ব্ব পূর্ব্বাপরাধ ক্ষমা প্রার্থনা ও অর্দ্ধ রাজ্যাংশ প্রদান ও রাজাকে ইন্দ্রপ্রস্থে আনিয়া রাজ্যাভিষিক্ত করিলেই কুশল হইবেক। সর্ব্বশেষে পরশুরাম ব্যাস পৌলস্ত্য প্রভৃতি প্রাজ্ঞতম পুরুষ কর্ত্তৃক পূর্ব্বোক্ত বিবিধ বিধি বিধানে প্ররোচক বাক্য প্রোক্ত হইলেও প্রবোধিত হওয়া দূরে থাকুক বরঞ্চ ঐ সকল বাক্য কাপুরুষ কুরুকুলপতির কর্ণকুহরে

কণ্টকেরন্যায় প্রবেশ করিল তদ্ধেতুক কাহারু কথাই তাহাঁর শাঠ্যো পহত চিত্তে স্থান পাইল না সুতরাং তৎকালে অন্ধরাজ অধোবদনে চিন্তা করিতেন যে শেষকালে মম দৌর্ভাগ্য বশতঃ কুপুত্রের কুমতি বৃক্ষের বলে কালেতে ফল ফলনের প্রাক্‌কাল দেখিতেছি। তখন ও কৃষ্ণ কহিলেন হে কুরুরাজন্ যদ্যপি অর্দ্ধ রাজ্য প্রদান না কর তবে ইন্দ্রপ্রস্থ কুশস্থল বারণাবত সিদ্ধিগ্রাম পাণ্ডবনগর এই পঞ্চগ্রামমাত্র প্রদান করিয়া নির্দ্বন্দ্বে বৈভব ভোগ কর। আমি তোমাদিগের উভয় কুলেরই সর্ব্বদা হিতচিন্তা করিতেছি অতএব মমবাক্যে পাণ্ড বসহ প্রীতি করাই শ্রেয়স্কর, কেননা পরাধীন পাণ্ডুপুত্রেরা তোমাকর্ত্তৃক বহু কষ্ট পাইয়া অরণ্যাদি ভ্রমণ হেতুক ইদানীন্তন একান্তক্লান্ত হইয়াছে কদাচ তবসহ রণেচ্ছুক নহে এমত সময়ে জ্ঞাতি হনন করা অতি অনুচিত। হে দুর্য্যোধন তুমিও অনেক শাস্ত্রাধ্যয়ন করিয়াছ, পৃথিবীতে জ্ঞাতিবধ তুল্য আর মহাপাতক নাই অতএব পুনঃ২ বারণ করিলেও আমার বাক্য উপেক্ষা কর। জগৎপতির ব্যাহার শ্রবণে দুর্য্যোধন মহারোষে উত্থান পূর্ব্বক মুক্তকণ্ঠে ব্যক্ত করিলেন যে পাণ্ডবকে তীক্ষ্ণ সূচ্যগ্র পরিমিত ভূমিও বিনাযুদ্ধে দিব না এই অখণ্ড প্রতিজ্ঞা করিলাম। এবম্বিধ কঠোর লপিত প্রতীত হইলে নিঃশব্দে রহিলেন কিয়ৎকাল গতে কৃষ্ণ ধৃতরাষ্ট্রকে কহিলেন, আমি উভয় পক্ষের হিতার্থে দূত স্বরূপে আসিয়া বিদুর মুখে অত্যদ্ভুত বাক্য শুনিলাম যে তোমার পুত্র আমাকে বন্ধন করিতে ইচ্ছা করিয়াছিল অধিক কি কহিব "রুষ্টোদেবঃ কুবুদ্ধিং দর্শয়তি" এক্ষণে দুরাশয় দুর্য্যোধনের স্কন্ধে রুষ্ট দেবাধিষ্ঠান করত কুবুদ্ধিকে প্রদর্শন করাইতেছে হে রাজন্ তোমাপ্রতি দৃষ্টিপাত করত সমস্ত দোষ মার্জ্জনা করিতেছি নতুবা পাণ্ডবেরাই বা কেন বন ভূমি ভ্রমণ ও বহুবিধ দুঃখভোগ করিবে এবং আমিই বা কেন তব বিদ্যমানে

আগমন পুরঃসর দুর্য্যোধন কর্ত্তৃক তুচ্ছীকৃত হইব। যেমন প্রকাণ্ড প্রচণ্ড কেশরী ক্ষুদ্র মৃগকে ও গরুত্মান নাগগণকে বিনায়াসে খণ্ড২ করে তদ্রূপ কুরুগণকে এক মুহূর্ত্তেই উষ্ণধৃষ্টি তনয়াগারে প্রকর্ষরূপে প্রেরণ করিতে পারি। ইত্যাদি বাক্য কহিতে২ উচ্চৈঃস্বরে হাসিতে২ আরক্ত লোচনে অতিরোষে ভয়ানক মূর্ত্তি ধারণ পূর্ব্বক দয়াময় দেব মায়াদ্বারা স্বীয়াঙ্গে অপাঙ্গভঙ্গীতে ত্রিলোকলোক দেখাইলেন। তাহাতে সমাগত সভ্যনিকায় দিব্যচক্ষু প্রাপ্ত হইয়া একতান স্থিরদৃষ্টে ভগবানের বিশ্বমূর্ত্তি দর্শন করত বিস্মিত ও মূর্চ্ছিত হইলেন। অনন্তর শ্রীকৃষ্ণ মহাত্মা মুনি নিচয় ও ভীষ্মাদি মহাজনগণের স্তুতি তৎপরতায় প্রসন্ন হইয়া বিশ্বরূপ মায়ার বিভূতি সম্বরণ পূর্ব্বক পুনরপি দুর্য্যোধনকে সভ্যগণ সাহিত্যে নানামত সদুপদেশ সম্প্রদান করিলেন তাহাতেও সুবোধিত না হওয়াতে পরম ভাজন সভাজন সম্ভাষণ করত তথা হইতে প্রস্থান পূর্ব্বক কুন্তী ও কর্ণ সহ সাক্ষাৎ ও কুরুসভার সমস্ত বৃত্তান্ত সুবিদিত করাইয়া সৈন্যগণ সাহিত্যে নানা বাদ্যোদ্যম কোলাহলে বিরাট রাজসভায় উপনীত হইলেন। পঞ্চপাণ্ডব সসম্ভ্রমে বিশ্বপ্রেমের উপবেশনাসন সমর্পণ করত কার্য্যসাধন বিবরণ বিস্তারিত রূপে শ্রবণ করণ কারণ জনার্দ্দন সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসিত হইলে শ্রীহরি কহিলেন নরাধম দুর্য্যোধনের অবাধ্যতার কথা কি ব্যক্ত করিব, তোমাদের প্রাপ্য রাজ্যাংশ প্রদানার্থে বিধিমতে বুঝাইলাম কোন ক্রমেই স্বীকৃত হইলনা অনন্তর পঞ্চগ্রাম মাত্র দিতে কহিলে তৎকর্ত্তৃক উররীকৃত হইল যে যুদ্ধব্যতীত সূচ্যগ্রাচ্ছাদিত ভূমিও দিব না এবং মমবাক্য সমুজ্ঝিতানন্তর সভা হইতে যুগপৎসক্রোধে উঠিয়া গেল অতএবই দুর্য্যোধন সহ নিশ্চয় যুদ্ধ করিতে হইবেক সম্প্রতি ইহার প্রবিধান করহ। রাজা যুধিষ্ঠির এবম্ভূত আশ্চর্য্য উচ্চবাচ্য শ্রবণ করিয়া দুর্য্যোধনের মাৎসর্য্যে ও চাতুর্য্যের প্রাখর্য্যে যুদ্ধকার্য্যে প্রবর্ত্ত

হইয়া কোপ পরতন্ত্র প্রযুক্ত অবশাঙ্গ হইলেন, পরক্ষণে অর্জ্জুনাদিকে কহিলেন দুর্য্যোধন মৃতপথ সৃজন করত পুনঃ২ সমরেপ্সিত হইতেছে অতএব রণসম্বন্ধে প্রবর্ত্ত হও। নিজানুজ সহদেবকে কহিলেন রণযাত্রার শুভদিন নির্ণয় ও কুরুক্ষেত্রে যুদ্ধার্থে সপ্তাক্ষৌহিণী সেনাগণকে সুসজ্জীভূত হইতে আদেশ কর। তিনি ভ্রাত্রনুজ্ঞা শিরে ধারণ পূর্ব্বক সৈন্য কটকে সংবাদ দিলেন। রণোন্মত্ত সেনানিচয় নানাস্ত্র শস্ত্রে সুসজ্জীভূত হইয়া মহা সমারোহে গগণস্পর্দ্ধী হুহুঙ্কার রবে পৃথ্বী কম্পান্বিত করিতে লাগিল। রাজা যুধিষ্ঠির উলূক দূত মুখাৎ কৌরবগণের বিগ্রহান্বিত বাক্য শুনিয়া সবিনয়ে শ্রীহরিকে কহিলেন বিনারণে আর নিস্তারের পথনাই অতএব তদুচিত কার্য্য বিধানই কর্ত্তব্য হইল। অন্তঃপ্রজ্ঞ কারুণ্যময় শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ যুদ্ধাজ্ঞা প্রদান করিলেন অনন্তর যুধিষ্ঠিরের অনুমত্যনুসারে চত্বারিংশৎ সহস্র রাজবগ স্বংসৈন্য সমভিব্যাহৃত হইয়া বিরাট নগরে উপস্থিত হইলেন এবং পঞ্চকোটি রথী ও ত্রিংশৎ কোটি হস্তী ও ষষ্টিকোটি পদাতি এবং হস্ত্যশ্বারূঢ় অসংখ্য মহাবীর পদাতিগণ ও প্রাগুক্ত সপ্ত অক্ষৌহিণী সেনা সহ আগত মহাবল পরাক্রান্ত বিপক্ষ কৃতান্ত সম দুর্দ্দন্তি সৈন্যাবলী সমবেত হইয়া বিপুল বিক্রমে সিংহনাদ শঙ্খধ্বনি জয়ঢক্কাদি বিবিধ বাদ্যোদ্যম করিতে লাগিল এবং মহাপ্রভাবান্বিত ঘটোৎকচ বীর কিম্বদন্তী দ্বারা সমস্ত পঞ্চকে কুরু পাণ্ডবের যুদ্ধ বার্ত্তা প্রাপ্ত্যনন্তর দুই কোটি রাক্ষস পরিবার সহ উপস্থিত হইলেন। পুত্র সহ বিরাট নৃপতি ও পঞ্চাল রাট্ধৃষ্টদ্যুম্ন ভোজতনয় জয়সেন শূরসেন নৃপ কাশীরাজ শিখণ্ডী প্রভৃতি সমাহূত সমৃদ্ধিমান্ ক্ষ্মাভুগবর্গ চতুরঙ্গ সৈন্য দলবল সাহিত্যে উপনীত হইলে বৃকোদর বীর একদা শত২ বৃংহিতসম মহাঘোর শব্দে ত্রিভুবন কম্পমান করিয়া পরমামোদে পাথোধি সলিলে নিমজ্জমান হইয়া সানন্দে গদাধারণ করিলেন এবং

অর্জ্জুন, নকুল সহদেব ও দ্রৌপদীর পঞ্চপুত্র অভিমন্যু প্রভৃতি সুসজ্জীভূত হইলেন সর্ব্বাগ্রে শ্রীকৃষ্ণ স্যন্দনারোহণ করিলেন তদনু সরণ ক্রমে রাজা যুধিষ্ঠির সাত্যকি সহযোগে ও ভ্রাতৃবর্গ এবং অন্যান্য ভূপবর্গ ও অসংখ্য সেনাঙ্গ সৈনিকাদি সমভিব্যাহারে শুভ দিনে রণযাত্রা করিলেন। উক্ত পাণ্ডববাহিনী বিরাট নগর হইতে দিনত্রয়ে একশত যোজন পথোত্তীর্ণ হইয়া জয়২ শব্দে কুরুক্ষেত্রস্থ উত্তরাংশে উপস্থিত হইলেন। অপর পক্ষে দুর্য্যোধনের আজ্ঞায় দুঃশাসন বৈরনির্য্যাতনার্থে কুরুসৈন্য কটকে ঘোষণা দ্বারা একাদশ অক্ষৌহিণী সৈন্যগণকে সমর সজ্জায় সুসজ্জীভূত হইতে আদেশ করিলেন। অনন্তর মহাবীর ভীষ্ম দ্রোণ কর্ণ কৃপাচার্য্য ভূরিশ্রবা শকুনি কৃতবর্ম্মা অশ্বত্থামা *সোমদত্ত বাহ্লীক ভগদত্ত শল্যরাজাদি ও অপরাপর রাজবৃন্দ ও শ্রেণীবদ্ধ শ্বেতাতপত্র পতকাপরিশোভিত দুর্য্যোধন প্রভৃতি শত সহোদর সহ কৌরব বাহিনী সংগ্রাম সজ্জা করিলে তৎসঙ্গে কঞ্চুক সরাশন শিরোস্ত্র সংযুত ও বর্ম্মিত শস্ত্রাজীবপত্তি সংহতি কতিপয় দলে বিভক্ত হইয়া দণ্ডায়মান হইল এবং কতি২ দল নৈস্ত্রিংশিক শাক্তীক পরশু হেতিক অতিজব বাহিনী এবং দিব্য মৌর্ব্বীযুত কোদণ্ড বাণ ও নরাচ খড়্গচর্ম্ম মুদ্গার ভিন্দিপাল পরিঘ কুঠার পরশু শল্য তোমর প্রভৃতি নানাবিধাস্ত্র শস্ত্র ধারণ পূর্ব্বক রণ বিশারদ বীরগণ সংপ্রহারোন্মত্ততায় শৌর্য্য বীর্য্য প্রকাশপূর্ব্বক সিংহনাদ বাহ্বাস্ফালন লম্ফোল্লম্ফনে ও প্রবহনশীল ঘোর বাতন্ধম দ্বারা পদপাংশু অন্তরীক্ষাচ্ছাদিত ও নানাবিধ শব্দে শ্রুতি নয়ন সমূহ সম্পীড্যমান হইতে লাগিল। কৌরবানুগত ষষ্টি সহস্র মণ্ডলেশ্বর ভূপতি উরশ্ছদ পরি

* ভীষ্ম সান্তনুরপুত্র, বাহ্লীক রাজা তাঁহার ভ্রাতা বালখদেশ ইহাঁর রাজ্য ছিল। ঐ বাহ্লীক রাজার পুত্র সোমদত্ত। সত্যধৃত্রির পুত্র কৃপ ইহাঁর ভগিনী।০

চ্ছদাদি পরিধান পূর্ব্বক যুদ্ধে প্রবর্ত্ত হইলেন তাহাঁদের একৈক রাজার সহ একশত সহস্র গজারোহী ও প্রত্যেক হস্তির সহ শত২ অশ্বারূঢ় সৈন্য ও তদনুগত একশত ধানুষ্কী ও একৈক ধন্বি সহিত দশ২ ফলক পাণি সেনা ইত্যাদিক্রমে উৎসাহশীল অথচ প্রীতি বিশ্রম্ভভাজন জ্ঞাতি বন্ধু ধীসচিব সজ্জন কুটুম্ব ও সপ্রতাপ ভূপনিচয় রথকড্যা রোহণ পূর্ব্বক সমবেত হইলে গজবাজি রথধ্বজ প্রচুর পতাকা পরিশোভিত ভূরি২ অস্ত্রশস্ত্র বিশারদ বিপক্ষ যম স্বরূপ মহাবল পরাক্রান্ত অসংখ্য কুরু সৈন্য ব্যূহের শঙ্খ ভের্য্যাদি ও ঢাক ঢোল বাদ্যোদ্যমে মহোদধি কল্লোল তুল্য মহাকোলাহল কল২ শব্দে একদা ত্রিভুবন কম্পমান হইতে লাগিল। এমত সময়ে অকস্মাৎ মহাশব্দে বায়ু বহন, মেঘ নির্ঘোষ রুধির বর্ষণ, দেবালয়ে প্রাচীর পতন, নিরুৎসাহে অশ্বগণ কম্পমান, দ্বিমুখ পেচকের ঘোরতর রব ও শিশুগণ পরস্পর দণ্ডহস্তে যুদ্ধ করণ বৃক্ষের বিপরীত ফলদর্শন ইত্যাদি অমঙ্গল সংযুক্ত অদ্ভুত ব্যাপার হইতে লাগিল। বিদুর তদ্দৃষ্টে অসন্তুষ্টে বিস্ময়জ্ঞানে ধৃতরাষ্ট্র সন্নিধানে সামুদায়িক বিবরণ নিবেদন করিতে অন্ধরাজা ব্যাকুল হইয়া শোকাকুলে অন্ধ প্রায় নিরুৎসাহে উপবেশন পূর্ব্বক চিন্তা করিতে লাগিলেন যে দুষ্টের মন্ত্রণায় কুরুকুল ধ্বংস হেতুক আহবায়োজন ও অভব্য দর্শন হইতেছে। তদানীন্তন এতদ্রূপ নানাপ্রকার অঘটঘটনায় ব্যাসদেব কুরুসমাজ সন্নিকর্ষণে ঝটিতি উপস্থিত হইয়া বৃদ্ধান্ধ রাজাকে কহিলেন কুরুকুল নিশ্চয় ক্ষয় হইবেক যে হেতুক কর্ম্মফলায়ত্ত বশতঃ জীব সকল সংসারে ভ্রমণ করিয়া দৈবকর্ত্তৃক ফলাফল প্রাপ্ত হয় অতএব দৈবকৃত কর্ম্মের খণ্ডন কেহই করিতে পারেন না কি করা যায় পৃথ্বীর যাবৎক্ষত্রিয় একত্র হইয়া তদ্বংশ ধ্বংস হেতুক এই মহাযুদ্ধোপস্থিত হইল। হে রাজন্ বিজ্ঞ বিচক্ষণ হইয়া কি কারণ শোক করিতেছেন তোমার পুত্রগণ এই সমরেই নিপতন হইবেন যদি পুত্র স্বজন কুটুম্বাদি বধ ও রণ দর্শন করণ প্রয়াস

হয় তবে তোমার দিব্য চক্ষুঃ প্রদান করিতে পারি, তাহাতে অন্ধরাজা করুণা বচনে ব্যাস তপোধনকে কহিলেন, তদ্দর্শন দূরে থাকুক পৃথ্বী মধ্যে এমত কোন ব্যক্তি আছে যে আত্মকুল ক্ষয় প্রাণে সহ্যতা করিতে পারে। অতএব আত্মনঃপ্রসাদাৎ স্বকর্ণেই শ্রবণ করিব ইত্যুক্তানন্তর তাঁহার চরণ ধারণ করিলেন। মহর্ষি ব্যাসদেব গোস্বামী ক্ষণৈক চিন্তা করত সঞ্জয়কে ত্রিভুবনেক্ষণ যোগ্য দর্শনার্পণ করত ধৃতরাষ্ট্রকে কহিলেন সঞ্জয় দিব্য চক্ষুঃ প্রত্যক্ষে উভয় পক্ষের সংখ্যা লক্ষ করিয়া তোমার সমক্ষে অহোরাত্রের বিবরণ বিস্তারিত রূপে কহিবে। তুমি গৃহে থাকিয়া সর্ব্ববার্ত্তা প্রাপ্ত হইবা পরন্তু দিবসে ধূমকেতু ও নক্ষত্রোদয় এবং আকাশ অগ্নিবর্ণবদ্ভাতি ও পৃথিবীতে নির্ঘাত উল্কাপাত ও ঘন মণ্ডলী উদয়ে ঘনং শোণিত বর্ষণ ইত্যাদি অলক্ষণও কেবল তোমার বংশ নাশের কারণ হইতেছে ইহা কহিয়া ব্যাস স্বস্থানে প্রস্থান করিলেন। অন্ধরাজা তদবধি অনুক্ষণ অশেষোদ্ভূমে, অসীম শোকার্ণবে নিমজ্জিত ও ভ্রান্তি স্বরূপ আবর্ত্তে পতিত ও বিষাদিত রহিলেন। পার্শ্বিগ্রাহ ও পুরোগামী এবং পশ্চাদ্বর্ত্তি রূপে কাবচিক ভূপতি প্রভৃতিকে লইয়া সুশ্রেণী পূর্ব্বক বলবিন্যাস করত রাজা দুর্য্যোধন অসংখ্য সৈন্য সেনাপতি সহ সানন্দে সুসজ্জিত হইয়া কালান্তক কালতুল্য প্রবলতর দ্রোণাদি মহাযোদ্ধাগণকে সম্ভাষণ ও পিতামহ ভীষ্মদেব পদে প্রাণিপাত পুরঃসর তাহাঁকে সর্ব্ব সৈন্যাধ্যক্ষ পদ প্রদান করিলেন। দ্বিতীয়ক্ষণে পাণ্ডবগণের সহ যুদ্ধে জয়ী হইব বলিয়া মহানন্দিত হইলেন। তৎকালীন ভীষ্মদেব সর্ব্বজন সম্বোধনে আত্মাভিপ্রায় প্রকাশ করিলেন যে আমাকর্ত্তৃক কুরুক্ষেত্রে* কদাচ অন্যায় সমর

* পূর্ব্ব চন্দ্রবংশীয় কুরুরাজা বহুরূপাকন্যা প্রাপ্ত্যর্থে সুরভিবচনে হস্তিনার উত্তরাংশে সরস্বতী তীরস্থ উপবনের উত্তরে ইন্দ্রারাধনা করাতে বহুরূপা প্রাপ্ত হন এবং ইন্দ্রবরে ঐ স্থান পুণ্যতীর্থ স্বরূপে কুরুক্ষেত্র সংজ্ঞা প্রাপ্ত হয় অদ্যাপি বর্ত্তমান আছে।

হইবেক না এবং অস্ত্রহীন ও শরণাগত ও ত্রাসযুক্ত ও দৌত্যকার্য্যে নিযুক্ত ও শংখভেরী অস্ত্রাদি বাহক ব্যক্তি দিগকে যুদ্ধে প্রবর্ত্ত হইয়া কখন প্রহার করিব না এবং নিয়ম পূর্ব্বক পরস্পর রথী, পদাতি, গজ, অশ্ব, স্বসমান ব্যক্তি সহ যুদ্ধ হইবেক। যুদ্ধ শাস্ত্যনুসারে এই ধর্ম্ম নিরূপণ হইল। হে যুযুৎসু সর্ব্বজন অস্মন্নিয়মাতিক্রম হইলে তৎক্ষণাৎ রণোপেক্ষা করিব। অনন্তর অগ্রহায়ণ মাসের কৃষ্ণা পঞ্চমী ও মঘা নক্ষত্রে যুদ্ধযাত্রা করিয়া একাদশ অক্ষৌহিণী সেনাগণ ও দুর্জ্জয় ভীষ্মদেব সেনাপতি সমর সজ্জিত হইলে সামান্য নরের কথা কি বলিব অমর গণ ও সভয়ান্তরে কাতরে কম্পিত হইল। দুর্য্যোধন পিতামহাদি সমভিব্যাহারে জয়ং শব্দ করত কুরুক্ষেত্রে উপনীত হইয়া পূর্ব্বখণ্ডে শতযোজন বিস্তীর্ণা ভূমিতে অবস্থিতি করিলে অগণিত পত্তি সংখ্যা রথ রথি গজ বাজী প্রভৃতির প্রলয় সিন্ধু সম গর্জ্জনে জগদ্ধধির হইল অর্থাৎ কাহারু শ্রবণ শক্তি রহিল না। ইতিপূর্ব্বে বিষ্ণুপরায়ণ পাণ্ডব বাহিনী কুরুক্ষেত্রের * উত্তরাংশে ব্যূহিয়া স্থিতি করিয়াছিলেন কিন্তু কুরুসৈন্য উপস্থান হইলে পাণ্ডবেরা তৎকালে যুদ্ধার্থে সম্মুখাসুখি হওনার্থে পূর্ব্বাভিমুখে দণ্ডায়মান হইলে কুরুগণেরাও পশ্চিমাভিমুখী হইলেন। রাজা যুধিষ্ঠির বিপক্ষ পক্ষের সৈন্যদল বল দৃষ্টে বিকল হইয়া পূর্ব্বতনীয় দুঃখ সকল স্মরণ করিলেন। হায়ং, কিমাশ্চর্য্যমতঃ পরং " যিনি শান্ত শুদ্ধ স্বভাবে স্বধর্ম্মে সত্ত্বগুণে সর্ব্বত্র সমভাবে অস্মদাদির প্রতি স্বতঃপরতঃ সর্ব্বমতে স্নেহ প্রকাশ করিতেন সেই সান্তনু

* কুরুক্ষেত্রে (স্থানেশ্বর) প্রদেশ দিল্লী (হস্তিনা) হইতে ত্রিশ ক্রোশ মাইল অন্তর। তন্নিকটে সরস্বতী নদী ইহার নাম সারস্বত দেশ আধুনিক সংজ্ঞা সরহিন্দ ঐ স্থানেশ্বরের নিকট দ্বৈপায়ন হ্রদ।

সন্তান মহাবল পরাক্রান্ত ভীষ্ম মহাশয় রথারোহণ পূর্ব্বক নিজকরে শরাসন ধারণ করত সর্ব্ব সৈন্যাগ্রে সেনাপতি হইয়া পাণ্ডুসন্তান সংহারার্থে সমরে সমুপস্থিত হইলেন হা তাঁহার স্বপক্ষ বিপক্ষ সর্ব্ব পক্ষে পক্ষপাত ছিলনা সম্প্রতি শত্রুপক্ষে স্বপক্ষ হইয়া অস্মদাদির বিপক্ষ হইলেন এই পক্ষপাতিত্ব ব্যবহার প্রযুক্তই সমূহ খেদিত ও পারিতাপিত হইয়া ধর্ম্মরাজ কৃষ্ণকে কহিলেন হে দয়াময় যাহাঁর যুদ্ধে ভৃগুরাম পরাজিত হেতুক লজ্জিত হইয়াছিলেন এমত বলবান্ ভীষ্মসহ সংসারের মধ্যে যুদ্ধ করণের সাধ্য কাহারু নাই অতএব তাঁহার সহিত অদ্য সদ্য যুদ্ধোদ্যত কে হইবেক এবং গুরু দ্রোণাচার্য্য ও অদ্বিতীয় মহাবীর ইতি চিন্তাকরত পদব্রজে কুরুসৈন্যারণ্যে প্রবেশ করিয়া ভীষ্ম দ্রোণ কৃপের পদাভিবন্দন পূর্ব্বক কৃতাঞ্জলি পুটে কাকূক্তিতে স্তব করিতে লাগিলেন তাহাঁরা ধর্ম্মের প্রতি সন্তুষ্ট হইয়া তিন জনেই আশীর্ব্বচন পুরঃসর বর প্রদান করিলেনযে তবাভীষ্টসিদ্ধ হইবেক এবং অচিরে অরিদল সংহার পূর্ব্বক সংগ্রামজয়ী হইবা। ধর্ম্মরাজ উক্ত করিলেন যে ইহ সংসারে আপনারদিগের অলঙ্ঘ্যবাক্য নাশ কদাচ হইবেক না অতএব আশীর্ব্বাদ প্রসাদাৎ অবশ্যই জয়ী হইব এতদ্রূপ ভরসা জন্মিল, কিন্তু অরিন্দমার্থে অস্মদাদির কোন ক্ষমতা নাই যেহেতু চলচিত্ত দুর্য্যোধন মহাবল পরাক্রান্ত যোদ্ধাগণ সম্বেত হইয়া যুদ্ধে প্রবর্ত্ত হইয়াছেন বিশেষতঃ তৎপক্ষে আপনারা সহায় হইয়াছেন এই সকল অসম্ভাব্য ব্যাপার দর্শনে সর্ব্বদাই চিন্তা গ্রস্ত হইতেছি পরন্তু কৌরব পাণ্ডব উভয়দলেরই সহ যুষ্মদাদির তুল্য সম্বন্ধ সত্ত্বেও যে ইদানীং কেবল কৌরব পক্ষে সমুদয় হইয়াছেন ইহাতেই সমুদয় বিফল মন্যমান করিতে হয় এবং যুদ্ধা সমর্থ হইয়া পুনর্বনান্তরে প্রবেশ পূর্ব্বক রাজ্যাদি লাভবাঞ্ছা পরিত্যাগ করিতে হইবেক। ভীষ্মাদি মহাত্মাত্রয় যুধিষ্ঠিরের প্রিয়বচনে পরম হর্ষান্বিত

হইয়া কহিলেন সাধুং ধর্ম্মতনয় তোমার নিরপেক্ষ ধর্ম্মবলে পৃথ্বী ধন্যা হইল। অস্মৎ সদৃশ শতং দ্রোণ ও শতং ভীষ্ম কিম্বা সুরপতিই হউন তোমার সহিত রণে কেহই সমর্থ হইবেন না কারণ ত্রিলোকেশ্বর স্বয়ং শ্রীকৃষ্ণ তথা ধর্ম্ম সহায় আছেন অতএব "যতোধর্ম্ম স্ততঃ কৃষ্ণো যতঃ কৃষ্ণ স্ততোজয়ঃ,, অর্থাৎ যেখানে ধর্ম্ম সেই খানেই কৃষ্ণ এবং যেস্থানে কৃষ্ণ সে স্থানেই জয় হইবেক। ইত্যাদি কথোপকথনান্তর ধর্ম্মনন্দন তথা হইতে নিবর্ত্ত হইয়া স্বীয় শিবিরে প্রত্যাগমন কালীন উচ্চৈঃস্বরে কহিলেন কুরুসৈন্য মধ্যে যাহাঁরা জীবনেচ্ছা করেন তাঁহারা শ্রীকৃষ্ণপদারবিন্দে আশ্রয় লউন যে হেতুক তাঁহার আশ্রিত ব্যক্তির কোন স্থানে কদাপি শঙ্কা নাই। যুধিষ্ঠিরের বাক্যে যুযুৎসুনৃপতি স্বীয় সমভিব্যাহারে লক্ষ সৈন্য লইয়া কৃতাঞ্জলি বন্ধন পূর্ব্বক ধর্ম্মাগ্রে নিবেদন করিলেন হে ধর্ম্মাধিকারিন তব শরণাগত হইলাম সম্প্রতি প্রসন্ন হইয়া মুরারির দর্শন করাইলে কৃত কার্য্য হই। রাজা যুধিষ্ঠির বিপক্ষদল মধ্যে পদব্রজে গমন করিলে স্বপক্ষীয় রাজবর্গ ও অন্যান্য আত্মীয়গণ সকলেই চমৎকৃত হইলেন এবং ভীমার্জ্জুন মহাক্রোধে নিতান্ত অসন্তুষ্ট হইয়া কৃষ্ণপ্রতি কহিলেন হে হরে বিপক্ষ দলাভ্যন্তরে একেশ্বর ধর্ম্ম নৃপবর কোন্ বুদ্ধিতে গমন করিলেন তাহা কিছুই বোধগম্য হয় না যে হেতুক তাহাঁরই বিপরীতা বুদ্ধিতে রাজ্যধন ত্যাগ ও বনবাসাদি মহাদুঃখ সম্ভোগ করিলাম অনুভূত হয় সেই মনীষাই অদ্যোদয় হইয়া এই প্রবৃত্তিই জন্মিয়াছে ইত্যাচক্ষাণ ব্যাখ্যান শ্রুতি গোচরীভূত হইলে শ্রীকৃষ্ণ সহাস্য বদনে উত্তর করিলেন যে ইহাতে কোন আশঙ্কা করিওনা ধর্ম্মপুত্র সাধু সত্তম অথচ সদন্তঃকরণে সৎস্বভাবে সর্ব্বদা সত্ত্বগুণাবলম্বী হয়েন সেই নিদানীভূত স্বচ্ছস্বান্তস্থিত জ্ঞান প্রসারণ হেঁতুক তৎপক্ষে স্বপর দলাদল সকলই সাম্য হইয়াছে অতএব

সুযুক্তি বিচারেই স্বীয়কার্য্য সাধনার্থে গমন করিয়াছেন। ইতিমধ্যে পরপক্ষে যুযুৎসুরাজা যুযুৎসু ও তৎসৈন্য সাহিত্যে যুধিষ্ঠির জয়ং শব্দ করত গোবিন্দ সন্নিকর্ষে উপনীত হইয়া নিবেদন করিলেন যে অস্মদাদি পঞ্চজনের প্রতি যাদৃশী করুণা প্রকাশ আছে তদপেক্ষা অধিকানুকম্পা বিতরণদ্বারা এই যুযুৎসুকে পরমতৃপ্ত করুন। পক্ষান্তরে রাজা দুর্য্যোধন যুযুৎসুর গমন হেতুক উপস্থিত সমরে লক্ষসৈন্য ভঙ্গ দর্শনে অশ্বারোহণে বিষাদিতমনে ভীষ্মসন্নিধানে সমাবেদন করিলেন যে হে পিতামহবর ধর্ম্মরাজ রণস্থলে পদার্পণ পূর্ব্বক কি মন্ত্রণা করত লক্ষ সৈন্য লইয়া গেল আপনিই ইহার বিচারণ নির্দ্ধারণ অবধান করুন। তৎ শ্রুত্বা ভীষ্ম কহিলেন যুধিষ্ঠির অভিবন্দনার্থে আসিয়া প্রত্যাগমন সময়ে মধুরাণরূপে ধর্ম্মবাণী প্রয়োগ পূর্ব্বক সর্ব্ব যোদ্ধাগণ সম্ভাষণ করিলে এণহীন হিমকর করবৎ সুশীতল বচন কিরণ বিকিরণে অনেক মহামতি রথির মতি বিলোলায়মান হইল কিন্তু ধর্ম্মপুত্র মুখা দ্বিনির্গত উক্ত সংঘোষিত মধুরধ্বনি যুযুৎসুর মর্ম্মান্তিক প্রবেশ হেতুক কেবল তিনিই প্রাণভয়ে পরিপন্থি গণের শরণাপন্ন হইলেন তাহাতে তোমার কদাচ দুঃখ জ্ঞান করা উচিত নহে কেননা আমার বিক্রম তুমি বিশেষরূপে অবগত আছ মমাগ্রে সুরাসুর বৃন্দ সমর করিতে আসিলেও প্রতিজ্ঞা লঙ্ঘন হইবেক না এবং উপস্থিত জানিবে তাহা স্বচক্ষে দেখিবা যে শ্রীহরির নিয়ম ভঙ্গ পূর্ব্বক আত্মপণ রক্ষা করিব। দুর্য্যোধন পিতামহদেবের বাক্যে পরিতুষ্ট হইয়া কহিলেন ব্যাপনশীল ক্ষৌণী মণ্ডল মধ্যে এমত কোন ধনুর্দ্ধর আছে কি না যে এক রথারোহণ করত উভয় পক্ষের অষ্টাদশাক্ষৌহিণী সৈন্যাণী জয়ী হইতে পারে ভীষ্ম উত্তর করিলেন যে আমি যদি মনঃ সংযোগ পূর্ব্বক যুদ্ধ করি তবে এক দিনেই উভয় সৈন্য বিনাশ করিতে পারি এবং দ্রোণাচার্য্য বীর তিন

দিবসেও কর্ণবীর* পঞ্চদিবসে ও দ্রোণপুত্র তিনদণ্ডে এবঞ্চ অর্জ্জুন নিমেষকালে উভয় দলকেই সংহার করিতে পারে। পিতামহ বাক্যে বিস্ময়ান্বিত হইয়া দুর্য্যোধন সংত্রস্তচিত্তে অসকৃদ্যুক্তি করিলেন অর্জ্জুন কিপ্রকারে পরাজিত হইবেক তদনন্তর ভীষ্ম সহাস্যাস্যে প্রতিজ্ঞা করিলেন দশদিবস যাবৎ যুদ্ধভার গ্রহণ করিলাম প্রত্যহ অর্জ্জুনসহ সমরে স্বীয় সৈন্যরক্ষা করিয়া কৃষ্ণ সন্নিধিতে বিপক্ষের দশ সহস্র সেনা নিধন করিব। ভীষ্মের তাদৃশ পর কীর্ণিত উক্তি রাজা দুর্য্যোধনের কর্ণগহ্বরে সুখাবহ রূপে সম্প্রবেশ জন্য সন্তোষকালাবধি পরিগতমনা হইয়া স্বীয় শিবিরে গমন করিলে মহাকোলাহলে শঙ্খাদি বিবিধ বাদ্যোদ্যম হইতে লাগিল। কিয়ৎ কালাতীতে উভয়দলের রথী পত্তীত্যাদির দশদিগ্ ব্যাপ্ত অতুল ঘোর নাদে স্থূল সূক্ষ্ম তুমুলসংগ্রাম স্থলে অর্জ্জুন অপূর্ব্ব রথারোহণ পূর্ব্বক ধনুর্ব্বাণ পাণি হইয়া রথনিয়ন্তৃত্বে নিযুক্ত চক্রপাণিকে কহিলেন হে দয়ানিধে উভয় দলমধ্যে কিঞ্চিৎ কালের

* কৌরব সহ যুদ্ধার্থে কর্ণের গমন হইতে ইতিবার্ত্তা শ্রবণে কুন্তী যমুনাতীরে কর্ণের স্নান কালে তৎসাক্ষাতে কহিলেন। দুর্ব্বাসার দত্ত মন্ত্র প্রভাবে সূর্য্যাহ্বান করাতে তাঁহার সহ সঙ্গমে তোমার উৎপত্তি হইয়াছে অতএব হে পুত্র আমার কুমারীকালে তুমি জন্মিলে অখ্যাতি ভয়ে যমুনায় বিসর্জ্জন দিলে রাধা পালন করিল এই হেতুক তব সোদর্য্য ভ্রাতৃগণ সহ মেলন কর, কর্ণ কহিলেন মাতঃ দুর্য্যোধন শৈশব কালাবধি পালন ও রাজ্যদান করাতে নিত ন্ত বাধ্য আছি এবং অর্জ্জুনবধে প্রতিজ্ঞা করিয়াছি সুতরাং সত্যভ্রষ্ট হইবে না। কুন্তী কহিলেন তবে এই সত্য কর অপর চতুর্ভ্রাতাকে নষ্ট করিবা না তখন কর্ণ স্বীকার পূর্ব্বক উক্ত করিলেন মাতঃ আমার সহ কি অর্জ্জুন সহ তোমার পঞ্চপুত্র থাকিবে।

নিমিত্তে রথ স্থাপন করুন। তথাবিধ কৃত হইলে পার্থ ধীর সর্ব্বাগ্রে পিতামহ আচার্য্য মাতুল ভ্রাতৃপুত্র পৌত্র ও সৃজন বন্ধু অমাত্য প্রভৃতি প্রত্যেক বিপক্ষ যোদ্ধাগণ দৃষ্টানন্তর বিষণ্ণমনে মলিন বদনে ও রোমাঞ্চ শরীর কম্পমানে কর হইতে শরাসন স্খলিত হইয়া কাতরে করুণাবচনে কৃষ্ণকে কহিলেন যে নিজ পরিবারাদিকে হনন করিয়া কাহার নিমিত্তেই বা রাজ্য সুখ ভোগ করিব। এই অসার সংসারে রাজ্য লোভ প্রযুক্ত গুরুবন্ধু স্বগোত্র বধে মহাপাপ সঞ্চয়ার্থে নিমগ্ন হওনাপেক্ষা বরঞ্চ পুনর্ব্বন বাসে প্রয়াণ করাই শ্রেয়স্কর, এব ম্বিধ শোকোৎকলিকান্বিত বাক্যে ও ক্লৈব্যভাবে ভাবিত হইয়া প্রবোধ বচনে কৃষ্ণকর্ত্তৃক উদীরিত হইল, অহঙ্কার পূর্ব্বক যুদ্ধভূমিতে সমাগমন করিয়া সম্মুখ রণে অসুখে বিমুখ হওয়া কখন উচিত নহে। যদিস্যাৎ জ্ঞাতিবধে পাপজ্ঞান করিয়া ক্ষত্রিয় ধর্ম্ম বিসর্জ্জন পূর্ব্বক যুদ্ধে নিবর্ত্ত হও তবে দুর্য্যোধন খলস্বভাবে উজ্জ্বল মুখে ব্যক্ত করিবে যে ধনঞ্জয় অস্মদাদির দলবল দৃষ্টিপুঞ্জমর সভয়ে পলায়ন পরায়ণ হইল। হে পার্থ কেহ কাহাকে নষ্ট করিতে পারে না এবং কেহ কোন জনের হন্তা নহে, দেখ ইহ সংসারে কর্ম্মানুসারে মানববর্গ পুনঃ২ গতায়াত করত অশেষ ক্লেশ ভাগী হয়, যেমন দেহিগণ দেহধারণ করিয়া কৌমার যৌবন জরাবস্থা প্রাপ্ত্যনন্তর দেহান্তর পরিগত হয় তাহাতে মনীষিগণ কখন শোচিত হয়েন না তদ্রূপ অনিত্য দেহ বিনাশে জীব ধ্বংস কদাচ হয় না সুতরাং ইনি হন্তব্য নহেন ইহাই নিশ্চয় জ্ঞানকর অপর যেমন লোকে জীর্ণ বসন পরিত্যাগ পূর্ব্বক নূতন বস্ত্র পরিধান করে, সেই মত জীবাত্মা একদেহ ত্যাগ করিয়া অন্য শরীরান্তরে সঞ্চার হয়েন অতএব কি কারণ স্তব্ধীভূত হইয়া রথোপর্য্যুপবেশনই বা করি তেছ চিরত্ন শত্রু পরাজয় করিয়া নিজ কীর্ত্তিরক্ষা কর, বিশেষতঃ চতু র্দ্দশ লোকে যাবদ্বস্তু বিদ্যমান আছে তাহা সকলেই আত্মার মূর্ত্তি দেখ

বৃক্ষের মধ্যে অশ্বত্থ ও নদীর মধ্যে সুরনদী ও ঋষি ও মুনি মধ্যে নারদ ও কপিল ও দেবমধ্যে দেবরাজ এবং তোমারদিগের মধ্যে আমি তুমি মহামতি ইত্যাদি অনন্ত অখণ্ড ব্রহ্মাণ্ড আমাতেই ব্যাপ্ত আছে। এব ম্ভূত নানাপ্রকার যোগ কথনেও অর্জ্জুন মনঃসংযোগ না করাতে পুন রুক্তি করিলেন শুন ধনঞ্জয় এই সেনাসমুদয় পূর্ব্বেই আমাকর্ত্তৃক হত হইয়াছে তাহা সত্য বোধ কর তুমি কেবল নিমিত্ত মাত্র হও। পার্থ কহিলেন প্রভো যদ্যাপি সেই নষ্ট বাহিনী প্রত্যক্ষে দৃষ্টকরি তবে সত্য জ্ঞানে প্রত্যয় হয় তাহার কোন ব্যত্যয় নাই অনন্তর শ্রীকৃষ্ণ সব্যসাচি কে দিব্যচক্ষু প্রদান পূর্ব্বক আত্মশরীরে বিশ্বরূপ দর্শন করাইলেন অর্থাৎ মেঘবর্ষ মস্তক আকাশে স্পর্শ হইল। রবি শশী দুই চক্ষু। মুখ বৈশ্বা নর ও তারাগণ দন্ত, ইন্দ্র দেবরাজ বাহু। ব্রাহ্মণ হৃদয় নাভি সিন্ধু পৃষ্ঠে বসুময়। দশদিক জঙ্ঘা, পাতাল চরণ, শৈলগণ অস্থি, তরুগণ লোম মাংসরূপ ধরণী। ইত্যাদ্ভুত সমস্ত বিশ্বব্যাপক বিরাটমূর্ত্তি ধারণ করিলেন তাহাতে সকলেই বিস্মিত হইলেন। অর্জ্জুন ভগবানের সেই অত্যাশ্চর্য্য ভীষণাকৃতি সন্দর্শন করত লোমহর্ষণ ও ভীতি যুক্ত হইলে নারায়ণ বিস্তার বদন ব্যাদান পূর্ব্বক তদভ্যন্তরে অখিল ব্রহ্মাণ্ড সর্ব্ব নীকিনী হত পতিত দেখাইলেন তাহাতে অতিশয় লজ্জিত ও চমৎকৃত জ্ঞানে বিনম্রভাবে বহুতর স্তব করত পার্থ উক্ত করিলেন হে সর্ব্বসংসার ব্যাপক ত্রিদশেশ্বর বিষ্ণো ব্রহ্মাদি দেবগণ তোমার অনন্ত মাহাত্ম্য বর্ণ নাক্ষম হয়েন তাহাতে আমি অতিমূঢ় নরজাতি কি প্রকারে তবানন্ত শক্তি সীমার অন্ত করিতে শক্ত হইব এবং অপরিচ্ছিন্ন নিরঞ্জনের অপার মহিমা সম্যক সুবিদিত হওনেরইবা সাধ্য কাহার আছে অন ন্তর ত্রাসযুক্ত অর্জ্জুনকে সান্ত্বনা করিলে তাঁহার প্রত্যাদেশিত বাক্য প্রতীতি পূর্ব্বক পরম কৌতুকে ধনুর্ব্বাণ গ্রহণ করত পঞ্চম দিবস যাবৎ ঘোরতর সমর করিলেন তাহাতে বিপক্ষের সংখ্যাতীত সৈন্য হতাহত

ও রাশীকৃত মৃতশব ভূমি পতিত রহিল। ভীষ্ম প্রতিজ্ঞানুসারে শেষ যুদ্ধে প্রত্যহ দশ সহস্র সৈন্য নিধন করিয়া শিবিরে প্রত্যাবর্ত্তন করেন। ষষ্ঠ দিবসের যুদ্ধে ভীষ্মবীর মহা কোপে বিষ্ণুস্ত্র মন্ত্রপূত পূর্ব্বক প্রয়োগ করিলে শ্রীকৃষ্ণাজ্ঞায় অর্জ্জুন ও সমুদায় পাণ্ডব বাহিনী ধনুর্ব্বাণাদি তাবদস্ত্র পরিত্যাগ করত বিমুখী হইলেন কিন্তু ভীম ক্ষত্রিয় ধর্ম্ম বিরুদ্ধ অস্ত্রত্যাগে অস্বীকৃত হইয়া গদাহস্তে সাহসে নির্ভরকরত দণ্ডায় মান থাকাতে কৃষ্ণ উদ্বিগ্নমানসে সত্বরে রথত্যাগ পূর্ব্বক ভীম শরীরাচ্ছা দন করিয়া স্বীয়াঙ্গে বিষ্ণুস্ত্রতেজ গ্রহণ করিলেন। এবম্প্রকার ভক্ত বাৎসল্য ব্যবহারে ভীষ্ম নিরস্ত্র হইয়া মহানন্দার্ণবে নিমগ্নহইয়া ভগ বানের স্তব করত পাণ্ডুপুত্র গণের ধন্যবাদেই কিয়ৎক্ষণ রসনা যাপন করিলেন পরে বেলাবসানকালে যুদ্ধকরিয়া অর্জ্জুনের কবচ ছেদন পূর্ব্বক দশসহস্র রথি নিপাতকরত প্রতিজ্ঞাপূরণ করিলেন। সমস্ত দিবস ভীম বিষ্ণুশক্তি গ্রহণ পূর্ব্বক ভয়ানক রণ করত গদাঘাতে কোটিং কুরুসৈন্য ও শত সহোদরযুত কলিঙ্গ রাজাকে নিপাত করিলেন উত্তাহবে ভীম গদাগ্রে ঊনপঞ্চাশদ্বায়ু প্রবেশ হেতুক গদার ঘূর্ণনে ঘূর্ণিত পবনোৎপত্তি হইল। অদ্যাপি সেই ঘূর্ণন বাতাস একযোজন ঊর্দ্ধ পর্য্যন্তআকাশে বহন হইতেছে ভীষ্ম অর্জ্জুনাঙ্গ বিদ্ধ করত দশ হাজার রথি নিপাত করিলেন। রণ নিরস্ত হইলে সংসার সার শৌরি সন্ধ্যাবসানে সহদেবকে জিজ্ঞাসা করিলেন যে কল্য কি প্রকারে রণ সম্পন্ন হইবেক সহদেব কর্ত্তৃক উদীরিত হইল দুর্য্যোধনাদেশিত বাক্যে বদ্ধ হইয়া পিতামহদেব পরেদ্যবি অস্মদাদি পঞ্চভ্রাতাকে বিনা শার্থে প্রতিজ্ঞা করত স্বীয়তূণ হইতে মহাকাল সংজ্ঞক পঞ্চবাণ লইয়া শিবির বহির্দ্বারে অবস্থিতি করিয়াছেন ইতিবাক্যে রাজা যুধিষ্ঠির চিন্তার্ণবে আসক্তমনা হইয়া বহুবিধ বিলাপ করিতে লাগিলেন অন ন্তর শ্রীহরি দয়া প্রকাশ পূর্ব্বক শোকেমুগ্ধ পাণ্ডবকুল রক্ষার্থে সম্মুক্তি

ক্রমে সব্যসাচিকে সমভিব্যাহারী করত ছলনা দ্বারা উক্ত পঞ্চবাণ আনয়ন নিমিত্ত দুর্য্যোধন নিবেশে গমন করিয়া দূতদ্বারা তৎসমীপে সংবাদ দিলেন। রাজা তৎক্ষণাৎ অর্জ্জুনকে আহ্বান করত শিবিরান্তঃ পুরে দিব্যাসনে বসাইয়া জিজ্ঞাসিলেন কি হেতু গণরাত্রি আগত হইয়াছে তবাভিলষিত বিষয় ব্যক্ত করিলে সহর্ষিতান্তঃকরণে অবি লম্বনে মনোরথ সম্পাদন করিব। অর্জ্জুন কহিলেন পূর্ব্বে যখন আমরা পঞ্চজনে কাম্য বনে অবস্থিতি করিয়াছিলাম তৎকালীন অস্ম দাদির সংবাদ প্রাপ্ত হইয়া দুষ্ট মন্ত্রিগণের পরামর্শে আপনার অতু লৈশ্বর্য্য প্রদর্শন করাইবায় নিমিত্ত ও ভীষ্ম দ্রোণ ব্যতীত সর্ব্বযোদ্ধা ও ভূরি২ সৈন্য সাহিত্য সুসজ্জীভূত হইয়া সবান্ধব পৌরজনে প্রভাস তীর্থ স্নান যাত্রার সজ্ঞোষণায় ছলতাক্রমে গমন করিয়া ছিলা। তথায় গন্ধর্ব্ব বীরবরের চিত্ররথ ও বিবিধ বিচিত্র পুষ্পাদিদ্বারা বিভূষিত সুরম্য পুষ্পোদ্যান ভঙ্গকরাতে তদ্বার্ত্তা শ্রবণ পুরঃসর গন্ধর্ব্ববীরগণ সম্মিলিত হইয়া তোমার সহ ঘোরতর সংগ্রাম করিল তাহাতে কর্ণাদি মহাযোদ্ধা গণ তাহাদের অসহ্যাস্ত্রে ব্যথিত ও পরিতাপিত হইয়া রণ ভঙ্গ ও আতঙ্কে পলায়ন করিলে গন্ধর্ব্ব নিকর কর্ত্তৃক স্ত্রীগণ সহ বন্ধন গ্রস্ত হইয়াছিলা সেই মহারণ সংক্লিষ্ট বৃত্তান্ত প্রেষ্য প্রমুখাৎ শ্রবণ করত রাজা যুধিষ্ঠির দেবের আদেশানুসারে যুষ্মদাদির বন্ধন মোচন করিলে সমূহ পরিতুষ্ট হইয়া বর প্রদানে স্বীকৃত হইয়াছিলা কিন্তু তদানীন্তন সময়ানুসারে মম মনোভিলাষিত বর প্রার্থনা ছিল অতএব মহারাজ অদ্য সেই বাঙ্নিষ্ঠাদ্বারা সত্য পালন করত তোমার মস্তক মুকুট প্রদান কর। দুর্য্যোধন অগৌণে কিরীট আনয়ন পূর্ব্বক সমর্পণ করিলে অর্জ্জুন সহর্ষে শিরোপরি ধারণ করিয়া তথা হইতে ভীষ্ম সন্নিহিত হইলে তদ্দৃষ্টে দুর্য্যোধন ভ্রমে তিনি কহিলেন বহুনিশাগতা হইয়াছে

এখন কি হেতুক আসিয়াছ পার্থ স্মেরাননে উক্ত করিলেন হে পিতামহ স্বহস্তে পাণ্ডবগণ সংহার করিয়া রণজয়ী হইব অতএব সেই পঞ্চ মহা কালবাণ আমাকেই দিউন। ভীষ্মও ঈষদ্ধাস্যাস্যে তৎক্ষণাৎ মহাকাল স্বরূপ কালশর সমর্পণ করিলে ধনঞ্জয় বিপুল পুলকান্বিত হইয়া গ্রহণ করিলেন। এই সময়ে পাণ্ডবদিগের মহাকাল নাশক বিশিখ প্রাপ্তি সম্পন্ন জন্য হর্ষযুক্ত হইয়া শ্রীকৃষ্ণ স্বপ্রকাশিত হইলেন ভীষ্ম তাঁহাকে সম্প্রেক্ষণ করত অনিবার্য্য প্রতিজ্ঞা ভঙ্গ হেতুক মনোদুঃখে সাতিশয়া সহ্যতায় ও তাঁহার আশ্চর্য্য চাতুর্য্য কার্য্য ধার্য্য করত সম্যক্‌প্রকারে ভাষিত হইল ভালহ কৃষ্ণ তোমার পণভঙ্গ না করিয়া কল্য রণ ভঙ্গ দিব না ইহাই পুনরঙ্গীকার করিলাম,, অনন্তর শ্রীহরি তদ্বাক্যাবগত হইয়া সলজ্জিত মানসে তাঁহাকে সান্ত্বনা করিয়া তদ্রাত্রেই অর্জ্জুন সহ ঐ মহা কাল পুষৎক লইয়া পাণ্ডব শিবিরে গমন করিলে তাঁহাদের মৃত শরীরে প্রাণ সঞ্চার হইল। অষ্টম দিবস প্রত্যুষ কালে স্বীয় তূণীরোদ্‌ঘাটন পূর্ব্বক দিব্যহ বাণ গ্রহণ করিয়া আমরণ পণে মহারণে প্রবর্ত্ত হইয়া সন্ধ্যাপর্য্যন্ত অবিশ্রান্ত তুমুল সংগ্রাম করিলেন তাহাতে বিপক্ষের কোটিং সৈন্য বিনাশ হইতে লাগিল এবং তাহার দ্বিগুন কোপাগ্নি প্রজ্বলিত হইয়া যৎকালে লিপ্তকাদি বিবিধ বাণ বিক্ষেপিত হইল তখন পাণ্ডব পক্ষের কোন যোদ্ধাই তিষ্ঠিতে পারিল না তৎদিনে মহারথী সকলেই ভীত ও অসম্ভাবিত রণোন্মত্ত সাহসে সহসা সন্দর্শিত হইয়া সর্ম্মুখ রণে বল বিক্রম প্রকাশ পূর্ব্বক বহু পরিশ্রমেও যুদ্ধ কুশল হইতে পারিলেন না এতদ্রূপ সংগ্রাম সময়ে শেষে অর্জ্জুন ভীষ্মের সুতীক্ষবাণাঘাতে অচেতন হইলেন এবং কৃষ্ণ শরীর ক্ষত বিক্ষত হইয়া অনিবার্য্য প্রহারে অস্থিরান্তঃকরণে পুনঃ পুনর্বিক্ষিপ্ত ইষুসহিষ্ণু হইয়া দিগ্‌দাহ দাবাগ্নির ন্যায় মহা ক্রোধ বিশিষ্ট কম্পিত কলেবর সর্ব্বসংহারক মূর্ত্তিধারিণ করত সর্ব্ব

যোদ্ধা সাক্ষাতে রথহইতে লম্পপ্রদান পূর্ব্বক ভূমিপতিত হইয়া রথ চক্র গ্রহণ পুরঃসর ভীষ্ম বিনাশার্থে ধাবমান হইলেন। ভীষ্ম তৎক্ষণাৎ শরাসন শর ত্যাগ করিয়া মৃদুস্বরে কহিলেন কৃষ্ণ পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়াছিলা যে ভারত যুদ্ধে অস্ত্র ধারণ করিবা না অদ্য কেন পাণ্ডব সাহায্যে ব্যগ্র হইয়া মহাপ্রকোপ বশতঃ অনিত্যচিত্ত জন্য কুরুকুল নিঃশেষার্থে প্রবর্ত্ত হইলা যদি হে কমলাক্ষ নিরপেক্ষ হয়ে মম বাক্য গ্রহণকর তবে এইক্ষণেই আমাকে সংহার করিয়া নশ্বর সংসার যন্ত্রণা হইতে বিমুক্ত করত কৃতকার্য্য হও। কিয়ৎক্ষণ গতে অর্জ্জুন চেতন পাইয়া এবম্ভূত অদ্ভূত ক্রোধ দর্শনে বিস্ময়াবিষ্ট ও অগৌণে কৃষ্ণ কর গ্রহণ পুরঃসর অসীম রোষোপশমন এবং রথোপর্য্যারোহণ করাইয়া পুনর্যুদ্ধারম্ভ করিলেন ভীষ্মও ধনঞ্জয়কে বাণে ব্যথিত করিয়া পূর্ব্ব বদ্দশ সহস্র সেনা হত ও জয়ধ্বনি করিলেন। নবম বাসরে অর্জ্জুন ভীষ্মের তথা অন্যান্য রথি গণের ভয়ঙ্কর সংঘটিত সংগ্রামে পরস্পর বিপক্ষ পক্ষের লক্ষং সৈন্য কটাক্ষে সংহত হইতে লাগিল ও অনিবার্য্য সমরে সমস্ত যোদ্ধাই ক্রমশঃ হীনবীর্য্য ও অধৈর্য্য হইল এবং রথী পদাতিসেনা নিচয় সমস্ত দিনব্যাপ্ত অক্ষান্ত যুদ্ধে ব্যস্তত্রস্ত ও ক্ষত বিক্ষত জ্বলিতাঙ্গ হইয়া কেহং পর্য্যবসন্ন কেহবা অত্যন্ত ক্ষুত্তৃষ্ণা প্রযুক্ত অধিকতর সুশীতল জলপান করণানন্তর বাক্‌শক্তিহীন হইল কাহারু অনবরত অনিবারিত কালধর্ম্ম হইয়া ধরাপতিত মাত্রেই শমন সদনে যাইতে হইল। রণোন্মথিত বিকলাঙ্গ সেনাসমবায়ের অঙ্গ প্রত্যঙ্গ শোণিত নদীর ভয়ঙ্কর স্রোতঃ প্রবাহে পতিত হইলে চামুণ্ডাদি দেবী যোগিনীগণ সঙ্গেলইয়া সেই বেগে প্রবাহিতা রক্তাক্তা তটিনী সমীপ বর্ত্তিনী হইয়া কুরুক্ষেত্রের ক্ষত্রিয় যুদ্ধক্ষেত্রে ক্ষয় প্রাপ্ত পতিত নরমুণ্ড মালা গ্রন্থন পূর্ব্বক পরিধান করিলেন কেহ বা কৌতূহলাবিষ্ট হইয়া অখণ্ড খণ্ডং শুণ্ডসহ গজ মুণ্ড গ্রহণ করত কর্ণকুণ্ডল স্বরূপে ধারণ

করিলেন। কেহবা কর্পর লইয়া মহাকুতুহলে শোণিত পান করিতে লাগিলেন ইত্যাদি অসম্ভূত ব্যাপারে যোগিনীগণ লিপ্ত হইল শেষ সম্প্রহারে ভীষ্ম দশ সহস্র রথি নিসূদন ও জয় শঙ্খধ্বনি করিলেন। অনন্তর দুঃখানল সন্তপ্ত যুধিষ্ঠির মহোদ্বিগ্নচিত্তে রণসজ্জা পরিহার পূর্ব্বক উক্ত করিলেন হে গোবিন্দ হা কি অধর্ম্ম, মম কুবুদ্ধি বশতঃ কৃত কুকর্ম্মের মর্ম্ম না বুঝিয়া বিগ্রহে প্রবর্ত্ত হইলাম, হা কি নিগ্রহ, অনলে পতঙ্গপতিতবৎ পিতামহের দারুণ প্রহারে আত্মরক্ষার প্রয়াসাভাবে প্রযুক্ত আতঙ্কে সৈন্যচয় পীড়িত ও মৃত হইল অতএব আর সমর সিদ্ধ সাধনের প্রয়োজন নাই আজ্ঞা হইলে অস্মৎ পঞ্চভ্রাতা পুনর্ব্বনান্তরে গমন করিয়া তপস্যায় নিবিষ্টহই শ্রীকৃষ্ণ রাজার খেদ বচন শ্রবণ পূর্ব্বক অশেষ প্রকারে শান্তিপ্রবোধ প্রদান করিয়া সৎপরামর্শ দিলেন যে সত্যবাদি জিতেন্দ্রিয় ভীষ্মের ইচ্ছা ব্যতীত মৃত্যু হইবেক না ইহা জগদ্বিখ্যাত আছে অতএব তাহাঁকে প্রাণ বিয়োগোপায় জিজ্ঞাসিলে অবশ্যই সত্য কহিবেন। অনন্তর পঞ্চভ্রাতা গোবিন্দের সহিত ভীষ্ম শিবিরে উপনীত হইয়া পিতামহ চরণে প্রণিপাত পূর্ব্বক কহিলেন যে আপনার অতুল্য শক্তিতে অস্মদাদির বহুল সৈন্য ক্ষয়হীনবল হই তেছে অতএব তব সহ আহবে বিক্রম প্রকাশ করত জয়ী হওনের যোগ্যতা কাহারও নাই সম্প্রতি করপুটে এই নিবেদন করিতেছি যে অস্মদাদির প্রতি স্নেহানুবন্ধিতা ব্যবহারে তব মৃত্যুপায় কহিলে নিশ্চিত নিশ্চিন্ত হই। ভীষ্ম পরাৎপর নারায়ণ পদে প্রণতি পূর্ব্বক স্তুতি বাণী প্রয়োগ করত যুধিষ্ঠিরাদিকে ক্লিষ্ট দেখিয়া উক্ত করিলেন, পূর্ব্বে মম প্রতিজ্ঞা আছে যে স্ত্রীজাতি দেখিলে কখন যুদ্ধ করিতে প্রবর্ত্ত হইব না তদ্ধেতুক তোমারদিগের বিজয় কারণ কহিতেছি মহাবল পরাক্রান্ত দ্রুপদ তনয় শিখণ্ডী পূর্ব্বে নারীছিল দৈব নির্ব্বন্ধে পুরুষ জাতি হইয়াছে অতএব সেই অমঙ্গল ধ্বজা শিখণ্ডিকে অগ্রবর্ত্তী করিয়া

ধনঞ্জয় তীক্ষ্ণবাণে আমার শরীর বিদ্ধ করিবেন আমি তাহাকে দেখিয়া কদাচ অস্ত্রগ্রহণ করিব না পার্থও গৌরব উপেক্ষা করিয়া আমাকে নিপাত করিলে যে অনায়াসে দুর্য্যোধনকে পরাজয় করিতে পারিবা। তৎকালে অর্জ্জুন কৃষ্ণ নিরীক্ষণ করত কহিলেন আমি প্রবঞ্চনা পূর্ব্বক সমর করিয়া গুরু বৃদ্ধ পিতামহকে কদাচ নষ্ট করিতে পারিব না অব শেষে কৃষ্ণের বহুতর প্রবোধে ও উপরোধে পিতামহ বধ স্বীকৃত হইলেন। দশমদিবস পার্থ সংগ্রামে উপস্থিত হইবা মাত্রেই ভীষ্মের সুতীক্ষ্ণশরে জর্জ্জরিত কলেবরে ক্ষণে২ অধৈর্য্য ও ক্ষণে২ মুমূর্ষু হইয়া করধৃত ধনুঃশর স্খলিত হইতে লাগিল। কিঞ্চিৎ কালানন্তর রণার্ত্ত পার্থ পুনশ্চেতন প্রাপ্ত হইয়া উভয়ে বহুক্ষণ যাবৎ তুমুল সংগ্রাম করিলেন। কিন্তু ভীষ্মের সুশাণিত শোণিত প্রদর্শক শরে অসংখ্য পাণ্ডব সেনা সংহার হইলে যোদ্ধৃ সমুদয় আয়ুদোয় রক্ষার্থে ব্যস্ত হইয়া তাবতেই রণস্থলে শ্রেণীভঙ্গ ও রণাপেক্ষা করত পলায়ন করিল তদ্দৃষ্টেকৃষ্ণ আশঙ্কার্ণবে নিমগ্ন হওত ইষ্ট সাধনার্থে শিখণ্ডিকে আন য়ন পূর্ব্বক রথস্থিত করাইলেন অর্জ্জুন মহাচক্রি চক্রপাণির আদেশে চক্রান্তে সমরে প্রবর্ত্ত হইয়া শিখণ্ডির পশ্চাদ্বর্ত্তী দণ্ডায়মান পুরঃসর প্রাণ পণে দিব্য দিব্যায়ুধ সন্ধান করত পিতামহের সর্ব্বাঙ্গ সন্বিদ্ধ করিলে রক্ত স্রোতে রথাভিষিক্তান্তর মূর্চ্ছিত হইয়া ভূমিতলে পতিত হইলেন। মহাত্মা ভীষ্ম স্যন্দনারোহি শিখণ্ডিকে সন্দর্শন পূর্ব্বক নিরস্ত্র হইয়া একেবারে পাঞ্চ ভৌতিক মায়া পরিত্যাগ পুরঃসর বিনীত ভাবা পন্ন ও অনুক্ষণ সর্ব্ববিশ্বেশ্বর নারায়ণ ধ্যান করত ধরাসনে সন্নিবিষ্ট হইয়া অধোবদনে প্রক্ষেপিত তাবদস্ত্র প্রহার সহ্য করিলেন ঈদৃশ ব্যাপার দর্শন পূর্ব্বক দেবগণ প্রভৃতি ধন্যং প্রশংসাদ্বারা পুলকিত হইলেন। ভীষ্ম সমরশায়ী হইয়া উত্তরায়ণের অপেক্ষায় শরশয্যায় রহিলেন। তাঁহার পতন হেতুক তৎকালে কুরুপাণ্ডুসন্তানেরা উভয়

দলের যোদ্ধাগণ সাহিত্যে সর্ব্ব জনেই ভীষ্মের সমীপে আগমন পুরঃসর আভিশয্য রূপে শোকে অস্থির হইলেন। এবং দুর্য্যোধন বহু বিলাপ করত রণ ভূমিতে অপূর্ব্ব বস্ত্রময় গৃহ নির্ম্মাণ পূর্ব্বক তন্মধ্যে পিতামহকে রাখিয়া তাঁহার রক্ষণার্থে কতিপয় দল সৈন্য স্থাপন করিলেন ইতি॥

সারাবল্যাং দ্বিতীয়ঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

অথ তৃতীয় পরিচ্ছেদঃ

পরদিন প্রাতঃকালে রাজা দুর্য্যোধন কর্ত্তৃক মহাবীর দ্রোণাচার্য্য সেনাপতিত্বে নিযুক্ত হইয়া প্রতিজ্ঞা করিলেন যে অদ্য যুদ্ধ কালে সম্মুখে কর্ণবীর ধনুর্দ্ধারণ করিলে রণ নিবর্ত্ত হইবে এবং ধনঞ্জয়ের অপ্রত্যক্ষে রাজা যুধিষ্ঠিরকে ধৃত করিব। অনন্তর মহানন্দে দুর্য্যোধন পিতামহ সন্নিধানে যুদ্ধানুমতি গ্রহণার্থে গমন করিলে ভীষ্ম কহিলেন" তুমি কখন কৃষ্ণ সহায়ি পাণ্ডবগণকে পরাজয় করিতে শক্ত হইবা না অত এব তাঁহার দিগের সমুচিত রাজ্যভাগ প্রদান পূর্ব্বক এক্ষণেও প্রীতি কর, বংশ রক্ষাহেতুক বিহিত হিত বচন কহিলাম। যদিচ মমবাক্য অনিষ্ট কর বোধ হয় তবে দ্রোণকে জিজ্ঞাসা করিলে বিশেষ বিজ্ঞাত হইতে পারিবা। দুর্য্যোধনের মতের বৈলক্ষণ্যে ক্ষুণ্ণ হইয়া দ্রোণ ও ভীষ্মকে কহিলেন, আমি অসাধারণ নিদর্শন প্রদর্শন করাইয়া বিলক্ষণ প্রবোধ দিয়াছি তথাপি ইহাঁর চিত্তে দিব্য জ্ঞান প্রদান করিতে পারি নাই ফলিতার্থ হতাদরে কিছুই শ্রবণ করিবে না। যেমন চোরা না মানে ধর্ম্মকাহিনী ও অসতী রমণী বিবিধ চেষ্টাদ্বারা কখন সতীত্বাপন্না হয় না এবং রোগী মৃত্যুকালে ঔষধ ভক্ষণ করে না তদ্রূপ অহরহ কুবর্ত্ম বর্ত্তিত দুর্য্যোধন অজ্ঞানান্ধকারে পতিত হইয়া কেবল কুবুদ্ধি কেই অসকৃদাশ্রয় করিতেছেন সুতরাং কাহারু বাক্যই গ্রহণোপযোগ্য হয় না অধিকন্তু অবজ্ঞাকৃত হইয়াথাকে ইহা শুনিয়া রাজা দ্রোণের কটূক্তি অসহিষ্ণুতায় বৈমুখহইয়া কহিলেন আমার সহিত সমরে অমরে কাতরে পরাভূত হয় ইদানীং কি নিমিত্ত শত্রুভয় করিব এবং অক্ষো ভে সমস্তক্ষিতি পালন করিয়া মৃত্যুভয়াতিরিক্ত পাণ্ডব বাধ্য হওনাপে ক্ষা মরণই শ্রেয়স্কর জ্ঞান করিয়া অতিদুঃখে কর্ণ দুঃশাসনাদিকে সঙ্গে লইয়া রণে প্রবর্ত্ত হইলেন অনন্তর ভুবন বিজয়ী দ্রোণাচার্য্যও নিরুপায় হইয়া ভীতি সাহচর্য্য রথোপর্য্যারোহণ পূর্ব্বক রণস্থলে উপনীত ও কঠিনরূপে চক্রব্যূহ রচনা করিলেন। পাণ্ডবপক্ষে শ্রীকৃষ্ণের

আজ্ঞায় ভীম সেনাপতি হইয়া রণক্ষেত্রে মকরব্যূহ রচনা পূর্ব্বক দণ্ডায়মান হইলেন। যোদ্ধাগণ বজ্রসম ধনুষ্টঙ্কার ও মুহুর্মুহু হুঙ্কার শব্দ করত যুদ্ধে উপস্থিত হইলে উভয় দলের পরস্পর স্বসম্মান রাজগণ কিয়ৎকাল সমর বাধ্য হইলেন অবশেষে দ্রোণার্জ্জুনের মহাযুদ্ধে রণক্ষেত্রে বহুসৈন্য হতাহত হইল। দ্বিতীয় দিনে অহর্মুখ সময়ে অর্জ্জুন সহক্রমে দুর্য্যোধনাদির আয়োধনে ভীমার্জ্জুনকর্ত্তৃক প্রচুর সৈন্য ক্ষয় হইলে রাজা বিপন্ন হইয়া দ্রোণকে কহিলেন হে গুরো আপনাকে মহা রথী দেখিয়া সেনাপতি করিলাম কিন্তু বুঝি পাণ্ডবোপরোধে যুদ্ধে মনঃ সংযোগ হইতেছে না যেহেতুক আপনার শিক্ষিত অস্ত্র শিক্ষায় দীক্ষিত অর্জ্জুনবীর তবাগ্রে অসংখ্য সেনা সানন্দে সংহার করিতেছে এ কি আশ্চর্য্য আপনি তাহা দণ্ডায়মান হইয়া প্রত্যক্ষতঃ দেখিতেছেন দ্রোণ মহারোষে দুর্য্যোধনকে কহিলেন আমি বৃদ্ধ ভিক্ষুক ব্রাহ্মণ আমার যুদ্ধকরার কি প্রয়োজন। যদিচ তবানুরোধে প্রবর্ত্ত হইয়া প্রাণপণে রণ সম্পন্ন করিতেছি তথাপি যশোভাজন হইলাম না অতএব এ স্থলে তিষ্ঠনই উচিত নহে ইহা কহিয়া স্বীয় প্রিয়পুত্র অশ্বত্থামাকে লইয়া রণোপেক্ষা করত তথাহইতে প্রস্থান করিলেন। দুর্য্যোধন মহদুঃখে ব্যথিত হৃদয়ে অতিব্যগ্রে দ্রোণপদাগ্রে একাগ্র চিত্তে পতিত হইয়া রোদন করত উক্ত করিলেন গুরো তাবাশ্বাসে এ পর্য্যন্ত জীবনে জীবনাবস্থান করিতেছে অতএব ক্রোধী হইলে আর নিস্তারের পথ নাই ইত্যাদ্যুক্তি শ্রবণে তিনি রোষ পরিহার পূর্ব্বক কহিলেন, যে সময়ে ধনঞ্জয় সম্মুখে না থাকে সেই কালে আমাকে সংবাদ দিলে অবশ্যই যুধিষ্ঠিরকে ধৃত পুরঃসর বন্ধন করিব তুমি কোন চিন্তা করিও না বিশেষতঃ তোমার কাতরোক্তিতে নিতান্ত বদ্ধ হইলাম। তৃতীয় দিবস নারায়ণী সেনাবলির সেনাপতি হইয়া ত্রিগর্ত্তরাজকীয় সুশর্ম্মা ভূপতি অর্জ্জুন সহ সমর সাধন করিতে লাগিলেন। এ দিকে দ্রোণাদি মহাযোদ্ধাগণ

তুমুল সংগ্রাম করত বিষণ্ণ ও বিপন্ন করিয়া লক্ষং পাণ্ডববাহিনী নিতান্ত কৃতান্তের করাল বদনান্তরে প্রক্ষেপ করিলেন। তদানীং অন্য গত্যন্ত রাভাবে যুধিষ্ঠির মহোৎ কণ্ঠিত ও অপরাপর পাণ্ডব সহ অস্থির হইয়া অভিমন্যুকে কহিলেন পুত্র এই অনিবার্য্য রণে তোমাভিন্ন অন্যগতি প্রদর্শন হয়না অতএব চক্রব্যূহ প্রবেশ পূর্ব্বক অদ্য যুদ্ধ করিয়া আমাদির ক্ষুব্ধ নিবৃত্তি করহ। জ্যেষ্ঠতাত বাক্যে অভিমন্যু প্রতি বাক্য প্রদান করিলেন যে আমি ব্যূহ প্রবেশ করণের সন্ধান অনবগত নহি কিন্তু নির্গমোপায় উদ্দেশাশক্ত প্রযুক্ত ভবিষ্যতে কিপ্রকারে আমার উদ্ধরণ হইবেক। রাজা যুধিষ্ঠির কহিলেন আপাততঃ ব্যূহ প্রবেশ পুরঃসর পাণ্ডবকুল রক্ষা কর পরিণামে ভীমাদি মহা যোদ্ধা বীরগণ তোমাকে অবশ্যই রক্ষা করিবেন তজ্জন্য ভীতি যুক্ত হওয়া কর্ত্তব্য নহে, অভিমন্যু বীরবর তদাজ্ঞা শিরোধার্য্য পূর্ব্বক মহা বিক্রম প্রকাশ করত মহা রণস্থলে পদার্পণ মাত্রেই ব্যূহ দ্বারস্থ জয়দ্রথকে পরাস্ত করিল হানি করিয়া সপ্তরথি মধ্যে প্রবেশ পুরঃসর যুদ্ধোদ্যত হইয়া একেশ্বর ভাবৎ মহারথিকেই অস্থির করিতে লাগিলেন। ভীমাদি মহাবীরগণ ব্যূহ বহির্দ্বারে জয়দ্রথ সহ আহবে অস্বাস্থ্য গ্রস্ত ও ত্রাসিত হইয়া সমীচীন সুযত্ন সাধন করিলেন তথাপি ঐ নিদারুণ দুর্জ্জেয় রিপু দমন করিতে পারিলেন না প্রত্যুত সকলেই পরাভূত হইলেন এবং ব্যূহ প্রবেশক পথা প্রাপ্ত বিধায়ে অপায় সিন্ধুপতি তানন্তর উপায়ের সিন্ধু বিধি বন্ধুকে স্মরণ পূর্ব্বক মহাদ্বন্দ্বে ধৈর্য্যাসম্ব রণে ক্রন্দন করিতে লাগিলেন। এ দিকে অতি মনোহর রমণী মোহন নবকলেবর পীতাম্বর পরিধায়ী অভিমন্যু সুমন্ত্র সংজ্ঞক সারথির রথারোহণে একেশ্বর ধনুঃশর গ্রহণ পুরঃসর সুতীব্র শরাঘাতে কুরুসৈন্যরণ্যানী মধ্যে রণক্ষেত্রে মহারণ করণক রক্তনদী প্রবাহিত করাইলেন এবং তিনি সমর স্থলে পিঞ্জর মধ্যে বিহঙ্গবৎ আবদ্ধ হইয়া ও কটাক্ষে লক্ষিত প্রখর তর শর বিক্ষেপে বিপক্ষ পক্ষের লক্ষং সৈনাবলির বক্ষঃ কক্ষ ভিদ্যমান করিয়া মহারথী বীর সকলকেই পরাজয় করিলেন এবং

কতশত যোদ্ধাকে যুগ্ম প্রহারে হত করিলেন। যখন তিনি মীনবন্ধ হাযোদ্ধা জালে বদ্ধ হইয়া আবদ্ধ অদ্ধে শক্তি সাধ্যে ভূরিং বিপক্ষ মধ্যে অস্থিরচিত্তে অভগ্নধনুর্গ্রহণ পূর্ব্বক এক রথে পরিভ্রাম্যমাণ হইয়া তাবৎ সৈন্য হতাহত করত দুঃশাসন সুত উল্লুক কুমারকে নিপাত করিলেন তখন কৌরবেরা হাহাকার শব্দে বিলাপ করিতে লাগিলেন। দুঃশাসন পুত্রশোকে সর্ব্ব শূন্য দেখিয়া অরণ্য সংশ্রয় শ্রেয়ঃ জ্ঞানে বহুবিধ বিলাপ করিলেন তচ্ছ বণে দুর্য্যোধন পুত্র লক্ষ্মণ ও পদ্মবীর দ্বয় সক্রোধে ধনুর্ধারণ পূর্ব্বক অতি বেগে অনুক্রমে যুদ্ধোদ্যত হইবা মাত্রেই অভিমন্যু তাহাঁদের সকুণ্ডল মস্তক ছেদন করিলেন। রাজা পুত্রদ্বয়ের শোকে অধৈর্য্য ও ভূমি পতিত হইয়া রোদন করত অতি ব্যস্তে গদাহস্তে সংত্রস্তে আর্জ্জুনির প্রতি ধাবমান হইলেন কিন্তু অভিমন্যুর সুতীক্ষ্ণ দশ ভল্লাস্ত্রাঘাতে অন্তর্ব্যথিত হইয়া শৃগালের ন্যায় পলায়ন করিলেন পরক্ষণে দৃঢ় বিক্রমী জিঘাংসু অভিমন্যু অকুতোভয়ে দুর্য্যোধন প্রভৃতি একশত সহোদরের তাবৎ সন্তান বিনাশ করিলেন এবং তাঁহার বীর্য্য দর্পে কুরুকুলের গুরুগর্ব্ব খর্ব্ব হইতে লাগিল ও তাহাঁর অসীম সাহসে শৌর্য্যবীর্য্য প্রকাশে সত্রাসে তাবতেই নিরাশ হইতে লাগিল এবং তাঁহার মনঃ সংযোগে শর প্রয়োগে ক্রমশ অনেক যোদ্ধার প্রাণ বিয়োগ হইল যখন তিনি বিবিধ অস্ত্র চর্য্যা দ্বারা বিঘূর্ণিত বেগে বিচরণ করিতে লাগিলেন ও তাঁহার রণোপপন্ন প্রভাব প্রদীপ্ত হইতে লাগিল তখন শত্রুগণ বিষণ্ণ ও নিদারুণ প্রহারে ব্যাকুল হইল। উক্ত ষোড়শ বর্ষ বয়স্ক বালকের যুদ্ধে কৌরব পক্ষে তিন কোটি রথী ও ছয় বৃন্দ মদমত্ত কুঞ্জর এবং সপ্তপদ্ম বাজী সহ অশ্বারোহী সৈন্য ও অসংখ্য পদাতি নিপাত হইলে অগণিত প্রাণী বর্গের শরীর বিগলিত শোণিত সাগর তরঙ্গে আতঙ্কেকবন্ধগণ সন্তরণে ভাসমান হইল। তখন শকুনি পুত্র দুঃসাহসে রণে প্রবর্ত্ত হইলে অভিমন্যু বীরবর অবহেলে তাহাঁর শ্রবণ নাসিকা মুণ্ড খণ্ডং পূর্ব্বক ছেদন করিয়া অখণ্ড দোর্দ্দণ্ড ভুজদণ্ড সার্থক করিলেন। আর্জ্জুনির ঈদৃশ যুদ্ধে দুর্য্যোধনের আন্তরিক আশঙ্কা ও মহাসঙ্কটে পতিতানন্তর

নিরাশিত প্রায় সমূহ ভয় ও খেদ সহকারে শোকাবিষ্ট নয়নে গ্লানি সূচক ম্লানি বচনে দ্রোণকে কহিলেন আচার্য্য একাকী শিশু কর্ণাদি মহারথী গণকে সমরে পরাস্ত করিয়া বহুল সৈন্য নষ্ট করিতেছে তাহা স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া ও বিপ্রকৃষ্টরূপে কেনইবা নিরস্ত হইতেছেন। অনুমান করি বালকের প্রতি স্নেহ প্রকাশে অদ্য আমার সর্ব্বনাশ করিবেন যাহাহউক এক্ষণে নিশ্চয় প্রবুদ্ধ হইল যে আর সমরে জয় নাই দ্রোণ ক্রোধে উক্ত করিলেন হে রাজন তব কর্ম্ম অনুক্ষণ করিলেও কোন যশ লাভ নাই বরঞ্চ দোষার্পণ করিতে বিলক্ষণ সক্ষম হও এবং সুতার বশতঃ কটুভাষণে পটু হও ইহার প্রত্যক্ষ প্রমাণ তোমাতেই ঈক্ষণ হইতেছে যদিচ পূর্ব্বে তোমার সহবাসে প্রাণ বিনাশাশঙ্কা হইত তবে কেন জিঘাংসক হস্তে পতিত হইয়া দুর্দ্দশাগ্রস্ত হইব এবং তুমি রাজা হইয়া শিশুর সহ যুদ্ধে কেন পলায়ন পুরঃসর জীবন রক্ষা করিয়াছিলা অতএব দুর্য্যোধন সত্যাবধারণ পূর্ব্বক ইহাও মন্যমান কর শ্রীকৃষ্ণের ভাগিনেয় অভিমন্যুকে ন্যায় যুদ্ধে নিরুদ্ধ করণের ক্ষমতা কাহার নাই, তখন দুর্য্যোধন মহাপাপ ভুজঙ্গে গ্রাসিত হইয়া কহিলেন যেমম শমন সরূপ সর্ব্বনাশক শিশুর বধ সাধনার্থে একদা সপ্তরথী ঐক্যমতে পরিবেষ্টন পূর্ব্বক যুদ্ধে প্রবর্ত্ত হইলে অবশ্যই অভিমন্যু নিপাত হইবেক। তাহাতে দ্রোণাদি মহাত্মা নিচয় রাজার দুর্নীত যুক্ত বচন শ্রবণে চমৎকৃত জ্ঞান করত তদনুরূপ অন্যায় কর্ম্মকরণে অস্বীকৃত হইলেন তথাপি রাজা আত্মকুল ক্ষয়ার্থে অলক্ষণীয় লক্ষণে নির্ভর করত অনুজ্ঞা প্রদান করিলেন সুতরাং রাজভয়ে অগত্যা দ্রোণ কৃপ অশ্বত্থামা কর্ণ দুঃশাসন শকুনি এবং স্বয়ং রাজা দুর্য্যোধন ঐক্য হইয়া শিশুসহ রণোদ্যত হইলেন। আর্জ্জুনি অতুল্য পরাক্রমে দ্যুতিমান্ ভয়ানক বিশিখ প্রক্ষেপণে তাবদ্ যোদ্ধাগণকেই অস্থির করিতে লাগিলেন। এবং যুগান্ত কাল প্রলয় পবন প্রবাহবৎ বিবিধাস্ত্র প্রহার দ্বারা ক্রমেং মহাবীরগণ সপ্তবার মূর্চ্ছিত ও পরাজিত হইয়াও আন্তরিক যন্ত্রণা পাইয়া পূর্ব্ব মন্ত্রণা সাফল্যার্থে ধনুঃশর শীল কুমারকে চতুর্দ্দিক হইতে বেষ্টন করিয়া বিষমাস্ত্রাঘাতে সম্যক্ প্রকারে আকীর্ণ করিলেক

তখন ও তিনি রণে বিমুখ হইলেন না যেহেতু তাঁহার ইহা দৃঢ় মর্ম্মগ ছিল যে সমরে পরাজয় হওয়া ক্ষত্রিয় ধর্ম্ম নহে। শেষে কেহ রথ কেহ অশ্ব কেহবা সারথী ও কেহ ধনুর্ব্বাণ কাটিয়া অভিমন্যুকে নিরস্ত্র করিল এবং তাঁহারসমুদয় সৈন্যও হত হইল তথাপি তিনি ভীত না হইয়া স্বীয় ধর্ম্ম স্মরণ পূর্ব্বক অসি চর্ম্ম ধারণ করিয়া রথ হইতে স্বচ্ছন্দে ঝম্প প্রদান পুরঃসর ভূমি গত হইলেন। মহারথী সমবায় বিস্ময়াংফুল্ল নেত্র হইয়া তাঁহার প্রতি বাণ বর্ষণ করিতে লাগিল তাঁহার শরীর বাণেং শল্লকী তুল্য হইল, তখন ও তিনি নির্ভয় মহা সাহসে খড়্গ ও রথচক্র ও পদমুষ্টি প্রহারে বিপক্ষের বহু সৈন্য নিহত করিলেন তিনি আমরণপণে প্রাণ সমর্পণ করত ও পরাধীনতাকে তুচ্ছ জ্ঞান করতঃ রণোন্মত্ত হইয়া জ্বলন্ত বজ্র সম মহাগদা ধারণ পুরঃসর অতি শক্তিতা প্রকাশে কুরুসৈন্য সমাজ মধ্যে ভ্রাম্যমাণ হইলেন। এবম্প্রকার মৃত্যু গ্রাসে পতিত হওনকাল পর্য্যন্ত সম্মুখ যুদ্ধে মহাবীর্য্য প্রকাশ করিতে ত্রুটি করেন নাই কিন্তু ব্যূহ নির্গমনের সন্ধান অনবগত হেতুক পলায়না সমর্থ হইয়া দুঃশাসন পুত্র কর্ত্তৃক গদাঘাতে অত্যন্ত মোহ প্রাপ্তানন্তর অভিমানে নয়ন নিঃসৃত অনবরত রক্তধারা বর্ষণে সর্ব্বাঙ্গাভিষিক্ত হইলে কৃষ্ণস্মরণ পূর্ব্বক প্রাণত্যাগ করতঃ তৎক্ষণাৎ চন্দ্রলোকে গমন করিলেন। উক্ত অভিমন্যুর সমর সুখ্যাতি পতাকা অনুরাগ প্রভঞ্জন হিল্লোলে উড্ডীয়মান হইয়া সাধারণ যোদ্ধাগণের হৃদয়ে বিলক্ষণ রূপে নিরীক্ষ্য হইতে লাগিল। কুরুক্ষেত্রের উত্তরাংশে অর্জুন নারায়ণী সেনাসহ রণ করত নানাবিধ অমঙ্গল দর্শন ও অঘটঘটন হেতুক উচ্চাটন ও শুষ্ককণ্ঠোষ্ঠ হইয়া ক্ষণেং ব্যাকুল হইতে লাগিলেন এবম্বিধকালে দূর হইতে কুরুসৈন্য গণের জয়ধ্বনি শ্রবণ ও স্বীয় সৈন্য মধ্যে নিঃস্তব্ধে হাহাকার স্বর শ্রবণোত্তর সত্বর শিবিরে প্রত্যাগমন পুরঃসর অভিমন্যুর শোকে সমূহ বিষণ্ণ হইয়া আক্ষেপযুক্ত বিস্তর বাক্য উক্ত করিতে লাগিলেন, তৎ শ্রবণে শ্রীকৃষ্ণ ও বহুবিধ উপদেশ দ্বারা সান্ত্বনা করিয়া কহিলেন যে "একবৃক্ষে সমারূঢ়া নানাপক্ষ বিহঙ্গমাঃ। প্রভাতে দশদিকং যান্তি কাকস্য পরিবেদনা,,॥ অর্থাৎ রাত্রকালে

যেমন নানাজাতি পক্ষিগণ একত্রে বাসকরত প্রভাতে সকলেই স্বস্বাভিলসিত দশদিগে প্রস্থান করে তদ্রূপ ইহ সংসারে জীববর্গ গতায়াত করণ হেতুক স্বকর্ম্ম ভোগাবসানে প্রাপ্তকালে নিধন হয় তাহাতে কাহার কি বেদনা আছে। তৎকালে সত্যবতী পুত্র ব্যাসদেব তথায় উপস্থিত হইয়া অর্জ্জুনকে কহিলেন। বিধাতা ত্রিভুবন সৃষ্টিকরিলে প্রাণীগণ পৃথিবীতে পরিপূর্ণ হইল। পুণ্যবলে কোন প্রাণীই পতন হয়েন না তদ্ধেতুক পৃথ্বী অসহ্যভারে দোলায়মান হইতে লাগিল। তদবলোকনে নারায়ণ সচিন্তায় হুহুঙ্কার শব্দ করত এক অতি দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিলেন তাহাতে পরম স্বেচ্ছাময়ের নাসাপথ হইতে এক দুর্ঘট ঘটন পটীয়সী কন্যা উৎপত্তি হইয়া দণ্ডায়মান হইল প্রভু তাঁহাকে কহিলেন যে "মৃত্যুরূপা মূর্ত্তিতে চতুর্দ্দশপুরে পরিভ্রাম্যমাণ হওত কাল প্রাপ্ত জনকে সংহার কর,, তদবধি এই অনিত্য সংসারে কালসহকারে প্রাণী সংহার হইতেছে অতএব ক্ষয়ণীয় শরীর সত্ত্বাধ্বংস প্রযুক্ত অভিমন্যুর নিমিত্ত কেন প্রাচুর্য্য দুঃখ সম্ভারিত শোক মোহে মুগ্ধ হইতেছ। ব্যাস বিদায় হইলে যুধিষ্ঠির বক্ত্রাব্ধিনির্গত সমস্ত বার্ত্তা সুবিদিত হইয়া অর্জ্জুন দৃঢ়রূপে প্রতিজ্ঞা করিলেন যে জয়দ্রথ ব্যূহদ্বার বদ্ধ করাতেই মমপুত্র নিধন হইয়াছে অতএব কল্য তাঁহাকে বধ না করিয়া পুনরাগমন করিব না যদ্যপিও বিনা বিনাশে সূর্য্যাস্তগত হয়েন তবে প্রজ্বলিত জ্বলন মধ্যে স্বীয়াঙ্গদগ্ধ করাইব। এই কঠিন পণে কৃষ্ণ সমূহোৎকণ্ঠিত হইয়া অর্দ্ধরাত্র্যবসানে সঙ্গোপনে সঞ্জয়কে সঙ্গে লইয়া কৈলাশ শিখরে হরপার্ব্বতীর সন্নিধানে উপস্থিত হইয়া বহুবিধ স্তুতি মিনতি করিলেন হে বৃষবাহন শম্ভো তব বিভূতি সকল সহস্রং প্রকারে পৃথ্বী বিস্তারিত হইতেছে জয়দ্রথ বধার্থে দৃঢ়তর পণ সাধনার্থে সম্প্রতি স্ত্রে ব্যগ্র হইতেছি তাহার সিদ্ধানুমতি প্রদান হইলেই কৃতকার্য্যহই মহাদেব স্তুতি পরতন্ত্রতায় সন্তোষিত হইয়া কৃষ্ণার্জুনকে বর প্রদান করিলেন যে অতি শীঘ্র জয়দ্রথ বধ করিয়া কুরুকুল ক্ষয় করিবা তাহাতে কোন সংশয় নাই; অধিকন্তু অর্জুনকে কহিলেন তোমার সাহায্যার্থে কুরুগণের সহিত স্বয়ং যুদ্ধও করিব। দরিদ্রজন ধনলাভে

যে প্রকার অত্যন্ত সন্তুষ্ট হয় তদ্রূপ বাঞ্ছিতবর প্রাপ্তে কৃষ্ণ ধনঞ্জয় মহানন্দ চিত্তে তথা হইতে বিদায় হইয়া সর্ব্বজনের অগোচরে স্বীয় শিবিরে পুনরাসক্তি করত সুখে শয়ন করিলেন।

চতুর্থবাসর প্রাতঃকালে পাণ্ডবেরা সুচারু যুদ্ধ পরিচ্ছদ পরিধান পূর্ব্বক কৃষ্ণ সমভিব্যাহারে রণস্থলে উপস্থিত হইলেন। পরপক্ষে মহা বীর দ্রোণাচার্য্য সর্ব্ব সেনা পরিগ্রহ পূর্ব্বক দ্বাদশ ক্রোশ ব্যাপিয়া যুদ্ধ ক্ষেত্রে সুবিপুল সর্ব্বাঙ্গসুন্দর দিব্যাদ্ভূত ব্যূহ রচনা করতঃ তদভ্যন্তরে দুর্য্যোধনসহ অতি সাবধানে জয়দ্রথকে রক্ষা করিলেন। অর্জুন কৌরব দলবল নিরীক্ষণ করত কাতর হইতে লাগিলেন তখন কৃষ্ণ সপ্রবোধে উক্তি করিলেন যদি সিন্ধুনন্দন নিধনার্থ অসমর্থ হও তবে অদ্য স্বয়ং যুদ্ধ করিয়া কুরুবংশ ধ্বংস করিব তজ্জন্য কোন সন্দেহ করিহ না ইত্যু ক্তানন্তর দারুকের প্রতি আদেশ করিলেন যে “শাঙ্গ ধনুরাদিসহ মমরথ সুসজ্জিত করিয়া রাখ আমার শঙ্খধ্বনি শ্রবণ মাত্রেই যুদ্ধস্থলে রথ লইয়া যাইবা,, শ্রীকৃষ্ণ ইতি সংকেত দান পূর্ব্বক অতিরেল বেগে রথ সঞ্চালন করতঃ নিগূঢ় ব্যূহদ্বারে উপস্থিত হইলেন, দ্বাররক্ষক দ্রোণা চার্য্য পথরুদ্ধ করাতে কিয়ৎকাল সেই বদ্ধ অদ্ধে যুদ্ধ করিয়াও মহা বীর্য্যবন্ত অর্জুন বিক্রান্ত দ্রোণ কর্ত্তৃক আক্রান্ত বিধায়ে শেষে পরাস্ত হইলেন অনন্তর কৃষ্ণের উপদেশে আচার্য্যের দক্ষিণভাগে গমন পূর্ব্বক বহুল সৈন্য বিনাশ করত দ্রোণের পশ্চাৎ রথ চালাইয়া ব্যূহভেদ পুরঃসর তন্মধ্যে প্রবিষ্ট হইলেন তন্নিরীক্ষণ করত দ্রোণ ক্রোধ সাহচর্য্য প্রচুর প্রাগল্ভ্য পূর্ব্বক কহিলেন “পার্থ মমাগ্রে এখন পলায়ন করিলা বটে কিন্তু দেখা যাউক কতদূর গমন করিতে শক্ত্য হও। অর্জুন ভীত হইয়া স্তব্ধচিত্তে নম্রভাবে প্রণাম পুরঃসর উক্ত করিলেন গুরো তব সমক্ষে সমর করণোপযুক্ত প্রশক্তি কাহার আছে অতএব মমদোষ মার্জ্জনা করুন। পার্থের ইত্যভি ব্যক্তিতে দ্রোণ দয়াদান পূর্ব্বক সহাস্যে একপার্শ্বে রথ স্থাপন করিয়া পথ প্রদান করিলে, ধনঞ্জয় হর্ষোৎ ফুল্লান্তঃকরণে ধনুর্বাণ ধারণ করত আকর্ণ সন্ধান পূরণ পূর্ব্বক বহু সৈন্য বিনাশ ও অশ্বত্থামা এবং কর্ণকে পুনঃ২ মূর্চ্ছিত করিয়া অতি

সাহসে নির্ভর করত ছয় ক্রোশ পর্য্যন্ত ব্যূহান্তরে প্রবিষ্ট হইলেন পথি মধ্যে মহা২ যোদ্ধাগণকে অচেতন করিয়া কোটি২ সেনাচয় ক্ষয় করিলে কুরুদলে হাহাকার রব ধ্বনিত হইতে লাগিল সৈন্যেরা ক্ষুত্ তৃষ্ণাভিভূতত্ব নিমিত্ত বেলা দ্বিতীয় প্রহরের সময়ে রণে ভঙ্গদিয়া পলায়ন করিল। ব্যাস অর্জুনকে কহেন এই সময়ে পূর্ব্বাঙ্গীকার প্রতিপালনার্থে শঙ্কর সমর স্থলে উপনীত হইয়া কৌরব পক্ষীয় অনেক সৈন্য ত্রিশূলাঘাতে নিপাত করিলেন তাহাতে তাবৎ যোদ্ধাবীরগণ বিস্ময়ান্বিত হইয়া বিশ্ব ম্ভরের অদ্ভূত মূর্ত্তি দর্শন করত পলায়ন করিতে লাগিল। তৎকালে শ্রীকৃষ্ণ ধনঞ্জয়কে কহিলেন যে “কিঞ্চিৎকাল ভূমি স্থিতহইয়া যুদ্ধ কর, যেহেতুক বাণাঘাতে ব্যথিত অশ্বগণকে তৃণজল ভক্ষণ করাইয়া সত্বরে তব সন্নিধানে উপস্থিত হইব,, পার্থ নিতান্ত সংশয়াকুল হইয়া খেদ সহ কারে উক্ত করিলেন হে প্রপন্ন ভয় ভঞ্জন হরে এস্থলে তৃণবারি প্রভৃ তির কোন সম্ভাবনা নাই, অতএব বুঝি এই মহাসঙ্কটে অস্মদাদিকে ছলনা দ্বারা পরিত্যাগ করিতে মানস করিয়াছেন, হে দয়াময় মধুসূদন তব দর্শন হেতুক অনুদয় হৃদয় উদয় হয় এতদ্রূপ অনাথ স্বামী যে আপনি সম্প্রতি কেন সমূহ দুঃখে নিমগ্ন করাইবেন। ইত্যুক্তি শ্রবণে সুখকর বোধে কৃষ্ণ উক্ত করিলেন, অর্জ্জুন তোমরা পঞ্চভ্রাতা ও যাজ্ঞ সেনী ভক্তি করণক আমাকে ক্রয় করিয়া বাধ্য রাখিয়াছ অতএব ভক্তি ক্রয্য হৃদয় শৃঙ্খল বন্ধন কি কখন মুক্ত হইয়া একদণ্ড নিমিত্ত স্থানান্তরে তিষ্ঠিতে পারি অনর্থক দুঃখ জনিত করুণাক্লিষ্ট বচন প্রয়োগে প্রয়ো জনাভাব এক্ষণে স্থিরচিত্ত হও। অনন্তর অনন্তের স্বেচ্ছায় এক অপূর্ব্ব পুষ্কলশীল সরোবর হইল তাহাতে করুণানিধান কৃষ্ণ রথাশ্ব লইয়া শোণিতাদি ধৌত করত কচ্চরত্ব দূরীভূত ও উক্ত বাজিগণকে বারিপান করাইয়া ত্বরায় সমর ভূমিতে আগত হইয়া দেখিলেন একাকী অর্জু নের প্রতি প্রতিপক্ষ পক্ষীয় যোদ্ধা সকলেই প্রাণপণে বিপুলাস্ত্র প্রক্ষে পণ করিতেছে তখন অবতরণ শীল অর্জ্জুনকে রথারোহণ করাইলেন। রাজা যুধিষ্ঠির দুই প্রহর বেলা পর্য্যন্ত অর্জুনের কোন বার্ত্তা প্রাপ্ত বিধায়ে ভাবনাকুলিতান্তঃকরণে বিক্রিয়া ভাবাপন্ন হইলেন যে একে

শ্বর পার্থ ব্যূহ প্রবেশ করিয়াছেন না জানি বা অভিমন্যুর সদৃশ মহা সঙ্কটেই পতিত হইলেন ইত্যাদি চিন্তায় চিন্তিত হইয়া অচিন্তনীয় চিন্তামণির স্মরণ পূর্ব্বক উদ্দেশসন্ধানার্থে সাত্যকী বীরকে প্রেরণ করিলেন। তৎকালিন সাত্যকী দ্রোণাচার্য্যের মহদ্ভয়ে রাজাকে রক্ষা করণার্থ তৎ সন্নিকৃষ্ট নিযুক্ত ছিলেন তিনি নৃপাদেশিত বাক্যে পার্থের অন্বেষণ নিমিত্ত গমন সময়ে যুধিষ্ঠির সদেশে ভীমাদি যোদ্ধাগণকে স্থাপন করত কঠিনব্যূহ দ্বারে উপস্থিত হইলেন। কৌরব পক্ষীয় যোদ্ধাবীরগণ অর্জ্জুন শিষ্য সাত্যকী সন্দর্শন পূর্ব্বক সম্মিলিত হইয়া একদা অসংখ্যাস্ত্র বিক্ষেপণ করিলে তিনি তাবদ্বিশিখ উচ্ছন্ন করিয়া স্বীয়াস্ত্রে দুঃশাসন শকুনি প্রভৃতিকে অচেতন করিলেন, তাঁহারা অস্থিরচিত্তে সমর পরিত্যাগ করিতে লাগিলেন সাত্যকীর অতি বিচক্ষণ সারথী সমীরণ সদৃশ সম্বেগে রথ প্রচালন করিয়া মুহূর্ত্তেক কালাত্যয়ে পঞ্চক্রোশ উত্তীর্ণ হইয়া অর্জুনের চক্রিধ্বজ নিরীক্ষণে মহানন্দার্ণবে মগ্ন হইলেন এবং ধনুষ্মান্ সাত্যকী শাণিতশর বর্ষণে লক্ষ২ কৌরব ধ্বজিনী বিনাশ করিতে লাগিলেন। অনন্তর ভূরিশ্রবা তৎসহ রণেপ্রবর্ত্তমান হইয়া মহাক্রোধে সাত্যকীকে বাণাঘাতে মূর্চ্ছিত করিয়া তাঁহার বক্ষস্থলে উপবেশন পূর্ব্বক চিকুরাকর্ষণ করত খড়্গ প্রহার দ্বারা বিনাশোদ্যত হইলে শ্রীকৃষ্ণ তদ্দর্শনে অর্জ্জুনের প্রতি ইঙ্গিত করিবামাত্রেই চতুর চূড়ামণি পার্থ সমর্থ প্রকাশ পুরঃসর স্বার্থ সম্পাদনার্থ সোমদত্ত অপত্য ভূরিশ্রবার হস্তদ্বয় তৎক্ষণাৎ ছেদন করিলেন ইত্যদ্ভূত যুদ্ধ দর্শনে যোদ্ধৃ সমবায় চমৎকৃত জ্ঞানে বিক্ষুব্ধ হইয়া ভূরিশ্রবার অতুল্য পরাক্রমে ধন্য২ অগণ্য প্রশংসা ও অর্জুনের অন্যায় সমর এবংকাপট্য ব্যবহারে হাহাকারশব্দ করিতে লাগিলেন কিন্তু তৎকালে সামান্য ভূরিশ্রবারসহ বিগ্রহে সাত্যকীর ঈদৃশী দুর্গতি প্রাপ্তি ও যুদ্ধে পরাভূত হওয়া অত্যাশ্চর্য্য বোধহয় কারণ এই যে পূর্ব্বে বসুদেবের পিতৃশ্রাদ্ধকালে তৎপিতৃব্য শিনি সহ সোমদত্ত ভূপতির বাক্‌কলহ হেতুক মহাযুদ্ধে চপেটাঘাতে সোমদত্তের দণ্ডোপমদন্ত ভগ্ন হইলে তিনি ক্ষুব্ধচিত্তে মহাদেবের তপস্যা করিলেন বহুদিবস পর্য্যবসিত হইলে শিব প্রসাদাৎ বর

প্রাপ্ত হইলেন যে তব পুত্র শিনিসুতকে পরাজয় করিবেক। তদ্ধেতুক উক্ত যুদ্ধেসাত্যকী তৎ কর্ত্তৃক পরাজিত হইলেন। ভূরি শ্রবা রণস্থলে অতি দুঃখেপতিত হইয়া বিষদৃষ্টি পূর্ব্বক অর্জ্জুনকে কহিলেন বিতথ সমরে কুলাঙ্গার আমার হস্তছেদন করিল কিন্তু এই মহাকিল্বিষে অবশ্যই তোমার নিরয় নিলয়ে গমন করিতে হইবেক। পতয়ালু সাত্যকী চেতন প্রাপ্ত হইয়া ভূরিশ্রবার কেশাকর্ষণ পূর্ব্বক খড়্গদ্বারা তচ্ছরীর খণ্ড বিখণ্ড করিলেন। কৌরবগণ মহা কোপিত হইয়া সাত্যকীর প্রতি বান বিক্ষেপ করিলেতিনি ক্ষণে২ বিহ্বলওঅচৈতন্য হইতেলাগিলেন, কিয়ৎকাল গতে পুন শ্চেতন প্রাপ্ত হইয়া দৃঢ় সাহসে উত্থান করিয়া বিপক্ষপক্ষীয় শূরগণ লক্ষকরত বিশাল শরসন্ধান পূর্ব্বক সপত্ন গণকে অচেতন ও জর্জ্জরিত করিলেন। তৃতীয়প্রহর বেলাবসান হইলে সাত্যকীর অনাগমনে যধিষ্ঠির মহোৎ কণ্ঠিতহইয়া ব্যগ্রচিত্তে তৎপর্য্যেষণার্থে ভীমকে প্রেরণ করিলেন। মহা দুর্দ্ধর্ষ বৃকোদর বীরবর সহর্ষে লোমাঞ্চিত হইয়া বিচক্ষণ বিশোক সর্ব্বেষ্টাকে আহ্বান করিলে তিনি স্বসজ্জাবৃত রথ আনয়ন করিবা মাত্রেই অশান্ত দুর্দ্দান্ত ভীমবর বৈর সজ্জ সংঘাতনার্থ স্থেয়সী শেমুষী স্থত শ্বান্তসঞ্চালন পুরঃসর অরগতি ক্রমে তদারোহনে নানাবিধাস্ত্র পরিগ্রহন পূর্ব্বক সমীর বিজিতবৎ সত্বর বেগে ব্যূহমধ্যে প্রবিষ্টানন্তর রণমত্ত প্রমত কেশরী সম উন্মত্ত হইয়া আবদ্ধ বর্ত্ম স্বচ্ছন্দে মুক্তকরত মনস্কারে লক্ষ ২ বিপক্ষপক্ষ পৃতনা কটাক্ষপাতে হতাহত করিলেভীম ভয়োপদ্রুত সৈন্যচয় হতাশায়নিরাশিত হইতে লাগিল। ইতিমধ্যে তদ্বীক্ষণে দ্রোণবীর সরোষে অন্তদ্বার রোধ করিলে ভীম ভবিষ্যতে অপরাধ ভীতি মন্যামানে ঘন ২ ঘনাবৃত ঘনধ্বনি সদৃশ ভীর ভাষে গুরু সকাশে দুর্গমাবৃত বর্ত্ম ত্বরিত মুক্ত নিমিত্ত উপরোধ করাতে অঞ্চিত গুরুং গর্ব্বে গর্জ্জন করিয়া উঠিলেন। এই চিত্র কার্য্য আচার্য্য সমীপে ভীরুতা স্বভাব পরিত্যাগ পূর্ব্বক প্রভাবান্বিত পৌরুষত্ব প্রকাশ না করিলে সাহসের হাস্যতা হয়

তন্নিমিত্তেই অভিরাগে বিঘুর্ণিত গদাগ্রে প্রবল বায়ু প্রবাহিত করাইয়া উদ্‌ঘাটবেগে গমন করিলে কুরুসৈন্যগণ যোগেযাগে জীবন রক্ষায় অন্য দিগন্তরালে প্রবিষ্ট হইলে ভীম আগ্রেভাগে কৃষ্ণাগ্রে উপস্থিত হইলেন। মহা ২ যোদ্ধা নিবহ তাঁহার অক্ষান্তিগতি প্রতিরোধীহইতে পারিল না। বৃকোদর পথিমধ্যে কর্ণকে বৃত করিয়াও অর্জ্জুনের পণ পালনার্থে পরিত্যাগ করিলেন। উক্ত দিবস একেশ্বর ভীম মহীয়সী শক্ত্যবলম্বী হইয়া বিপক্ষের চতুরক্ষৌহিণী সেনা তথা দুর্য্যোধনের অষ্টনবতি সহোদরকে নিপাত করিলেন। সাত্যকী সহ অর্জ্জুন পরস্পর একায়নগত হইয়া চতুরক্ষৌহিণী কুরুসৈন্যগণকে যমালয়ে দিলেন। রাজা দুর্য্যোধনের হৃদয়ে ভ্রাত্রাদির বিশাল শোক স্বরূপ শূল বিদ্ধ হেতুক অসহ্য বেদনায় ধুল্যবগুণ্ঠিত ও মোহিত হইলেন তাঁহার নেত্র সলিলে কলধৌতরুচির সম্যক নিস্প্রভ হইল। চতুর্দ্দিক্ষু সমন্বিত সৈন্যামাত্য সন্দ্রোহ বিচিকিৎসাযুক্ত হইয়া রাজার ঈদৃশীদশা দর্শন করত হাহাকারধ্বনি করিতে লাগিলেন। অতিপ্রিয় কর্ণ রাজার মৃত প্রায় কায় প্রতি চক্ষ বিক্ষেপ করত বিপুলাক্ষেপার্ণবে নিমগ্ন হইয়া দৃঢ় সংকল্প পূর্ব্বক পুন যদ্ধে মনার্পণ করিলেন এবং ক্রমশঃ ষষ্ঠবার পরাজিত ও লজ্জিত হইলেও দুঃসাহসে ভর করত নিঃসাধ্বস ভীমকে নিরস্ত্র করিলেন তথাপি তিনি রণস্থলে পতিত মৃত হস্তী অশ্বাদি শব স্তোম ও রথ রথাঙ্গাদি প্রহারে বিরাম করেন নাই, অদ্বিতীয় কর্ণবীর ও তৎসমুদায় ছেদন করিয়া স্বীয় শক্তি প্রকাশ পুরঃসর প্রচণ্ড ২ বান প্রক্ষেপণ করত ভীমের অখণ্ড প্রতাপ চূর্ণ করেনও তাঁহার শরীর ছিন্ন ভিন্নহইয়া সর্ব্বাঙ্গে রুধিরবর্ষণ হইতেলাগিল অবশেষেতাঁহাকে সমরা শক্ত সন্দর্শন করিয়া অতিশীঘ্র হস্তদ্বয় ধৃত করত বিধাপমান সূচক বাক্য প্রয়োগানন্তর মাতা কুন্তীদেবীর বচন (আমার পঞ্চ পুত্রকে নষ্ট করিও না)স্মরণ হইলে ভীমকে পরিত্যাগ করিলেন। তৎকালে শ্রীকৃষ্ণ পার্থকে কহিলেন দেখ অদ্য বৃকোদর কর্ণ কর্ত্তৃক আততায়ীরূপে তিরস্কৃত ও তাঁহার উপহাসে সংশয়াপন্ন ও মর্ম্মপীড়িত হইয়াছেন,

অর্জ্জুন ও ভীমের দুরবস্থা বিদ্যমানে বীক্ষণ করত বিষণ্ন বদনে দুঃখ গর্ভাবিষ্কৃত বাক্যোক্তি করিতে লাগিলেন। ভীম মৃয়মানে সলজ্জায় রথারোহণ করিলে পর পার্থ মহাক্রোধে সুতীব্রতীর বিক্ষেপে কৌরব দিগের অসংখ্য হয়, গজ রথ পদাতি খণ্ড২করত চতুর্দ্দণ্ড বেলাবশিষ্ট থাকিতে সমস্ত বিন্যস্ত সৈন্যাভ্যন্তরে একাদশ ক্রোশোত্তীর্ণ হইলেন কিয়দ্দূর হইতে গোপায়িত জয়দ্রথ পার্থের রথ বৈজয়ন্তী সমীক্ষণ করিয়া সমূহ ভয় সঙ্কুলিত হইয়া নিস্তব্ধে পলায়ন করিল। নারায়ণ তদ্বিলোকন করিয়া অতিশয় ভাবনানুকর্ষিত হইলেন। পরিশেষে ভগবান্ পাণ্ডুকুল রক্ষার্থ সুদর্শন মহাচক্রদ্বারা সূর্য্যাচ্ছাদন করিলে আকস্মিক রজনী সমুদয় হইল। তখন দুর্য্যোধনও জয়দ্রথ সানন্দে জয়২ ধ্বনি করত পাণ্ডব সন্নিধিতে উদয় হইলেন। অর্জ্জুনের প্রতিজ্ঞানুসারে স্বয়ং শ্রীহরি বিবিধ সৌগন্ধি কাষ্ঠ শ্রেণী পূর্ব্বক সংস্থাপন করত অগ্নি প্রদান করিলেন তাহাতে ঘ্রাণ তর্পণযুক্ত হুতাশন স্ফুলিঙ্গ কদম্বগগন মার্গে উড্ডীয়মান্ হইতে লাগিল, প্রবল প্রবাহিত শ্বসন হুহুঙ্কারে ঘোর নির্ঘোষে প্রচণ্ডরূপে ধনঞ্জয় প্রজ্জলিত হইলে ধনঞ্জয় গোবিন্দাদেশে সংজ্বর সন্নিহিত হইয়া শর চাপ করাকর্ষণ পূর্ব্বক ধারণ করিয়া সপ্তবার শোচিষ্কেশ বেষ্টন করত প্রসন্ন হরিমুখ নিরীক্ষণ ও কিঞ্চিৎ কাল স্থিতি করিলে দুর্য্যোধন সাহাস্যবদনে কহিলেন "পাবক প্রবেশে বিলম্ব হইলে শেষে প্রাপঞ্চিক মায়ার বৃদ্ধি হইবেক অতএব চক্ষুর্মুদ্রিত করিয়া শীঘ্র ঝম্প প্রদান কর,, অর্জ্জুন দুর্য্যোধনের উষতীবাক্য শ্রবণে উক্ত করিলেন,রাজন্! তুমি জয়দ্রথ লইয়া গৃহে গমন কর,আমি এখনই অগ্নিতে আত্ম সমর্পণ করিব,, অনন্তর অর্জ্জুন সন্নিধানে জয়দ্রথকে দৃষ্ট করিয়া কৃষ্ণ সন্তুষ্ট হইয়া দুষ্ট অরিষ্ট নষ্ট করনার্থ সুদর্শনাচ্ছাদন মুক্ত করিলে জগন্মণ্ডলে ভানুকিরণজাল পরিব্যাপ্ত হইল ইত্যাশ্চর্য্য ব্যাপার দর্শনে প্রাবল্যমায়া বাগুরা বদ্ধ হইয়া সবিস্ময়ে কৌরবদল সংত্রাসযুক্ত এবং কমঠ পৃষ্ঠবৎ কঠোর কৃষ্ণের সঙ্কট কপাট আটক করিতে অক্ষম হইয়া সেই অপ্রতিকার্য্য বিষম সঙ্কটে কান্দিশীক

দৃষ্ট হইলেন। ঈদৃশকালে ভক্তাবিষ্ট কৃষ্ণ কহিলেন সখে অর্জ্জুন চারি দণ্ড বেলাবশিষ্ট আছে অতএব আর কেন জয়দ্রথ বধে বিলম্ব করিতেছ, ঐ পাপিষ্ঠের মুণ্ডছেদ করিয়া ভুমিতলে পতিত না হয় এতদ্রূপে বাণে ২ কাম্যবনে উহার পিতা সিন্ধু নৃপতির ভুজান্তরে প্রক্ষেপণ করিলে রক্ষা পাইবা। * পার্থ এবম্ভূতাদেশে তথাবিধ কার্য্য সম্পাদান করিলে সন্ধ্যার সময়ে গুণসিন্ধু সিন্ধুরাজার সন্ধ্যোপাসনায় হস্তবদ্ধ জলাঞ্জলি মধ্যে মৃত মুণ্ড পতিত হইবা মাত্রেই তিনি সত্রাসে তন্মুণ্ড ভুমণ্ডলে বিক্ষেপ করিলেন তাহাতে সিন্ধুর স্বীয় মস্তক ছিন্ন হইয়া ভূমিতলে পতিতও জীবনের শেষ জলাঞ্জলি দত্ত হইল। অর্জ্জুন অবিলম্বে সাত্যকী ভীম সহিত পবনবেগে ব্যূহ বহির্গত হইয়া নৃপ সমীপে উপনীত হইলেন। যুধিষ্ঠির অত্যন্ত হৃষ্টচিত্তে আলিঙ্গন প্রদান পূর্ব্বক উপবেশন যোগ্য দিব্যাসন দিলে কৃপানিধান ভগবান্ জয়দ্রথের মৃত্যু বিবরণ শ্রবণ করাইলেন। বিপক্ষপক্ষে রণক্ষান্ত না হইয়া দুর্য্যোধনাজ্ঞায় লক্ষ২ উল্লুকা প্রজ্জ্বলিত করিয়া রজন্যুদয়ে সমীকস্থলে সমাগত হইলেন তৎ সমীক্ষ করত বাহিনী সাহিত্যে পাণ্ডবগণ ও আলোকাভাবে শত ২ উলূকা জালিয়া মহারণোৎসাহী হইলেন। রাজা যধিষ্ঠিরকে ধৃত করণাশয়ে দ্রোণাচার্য্য অতুল্য পরাক্রমে অনীক সম্পন্ন করাতে ভীম পরাস্ত হইলেন তৎপরে সমরানুরাগী অতিবলী দ্রোণ স্বকার্য্য সাধনার্থ মহাবল প্রকাশ পূর্ব্বক রাজাকে ধৃত করণোদ্যত হইয়া নৃপতির শরীর নীরাঘাতে ছিন্নভিন্ন ও মুচ্ছা পন্ন করিলেন যুধিষ্ঠির রথত্যাগ করত ভুমোপবেশন পূর্ব্বক শোকাবিষ্ট হইয়া উপায় চিন্তা করিতে ২ ঘটোৎকচ মহাবীরকে দেখিয়া যুদ্ধ করণার্থ দৃঢানুজ্ঞা দান করিলেন। হিড়িম্বানন্দন জ্যেষ্ঠতাতাজ্ঞায় নিমেষকালাভ্যন্তরে ব্যূহ ভেদ করত সৈন্য নিরান্তারালে প্রবিষ্ট হইলে তদনুসরণক্রমে ভীম

* স্মরহর জয়দ্রথকে এই বর দিয়াছিলেন, যে ব্যক্তি তোমার ছিন্নশির ভুমিতলে নিক্ষেপ করিবে তাহারও তৎক্ষণাৎ মুণ্ডছেদ হইবে এজন্য ভগবান্ অর্জ্জুনের প্রতি উক্তাদেশ করিলেন

প্রভৃতি তাবৎ মহাযোদ্ধা কুরুসৈন্যারণ্যচারী হইয়া সৃষ্টি প্রলয় প্রায় মহামারারম্ভ করিলেন। ঘটোৎকচবীর উৎকট প্রতাপে দুঃশাসন পুত্র দোষণকে সংহত করিয়া তজ্জনকের কবচচ্ছেদ পুরঃসর বক্ষোভেদ করিলে খরশর শরীরে প্রবেশ হেতুক মোহিত হইলেন, কর্ণাশ্বত্থামা অতি কোপে উগ্রমর্ত্তি স্ফর্ত্তি করত সমিতি স্থলে উপস্থিতি মাত্রেই ভীষণভীমতনয়ের অসহ্যবাণে পীড়িত ও মর্ম্মাঘাতী হইয়া রণে ভঙ্গ দিলেন তদ্দৃষ্টে তাবদ্বাহিনী সেনানীসহ পলায়ন করিল। ভীমনন্দন স্বীয় বিক্রমে দৃঢ়গদা ধারন পূর্ব্বক অসংখ্য রাক্ষস বরূথিনী ও কোটি ২ কৌরব সৈন্য সংহার করত শেষে অলম্বুষ ওতদাতমজ অলায়ুধকে বিষমায়ুধ প্রহার করণক নিপাত করিলেন। অনন্তর পাণ্ড্যকে নিধন করত যুদ্ধস্থল হইতে দ্বাদশ যোজনান্তরে নিক্ষেপ করিলে বিপক্ষীয় যোদ্ধাগণ ঐকাগ্র্যচিত্তে একদা বিবিধাস্ত্র বর্ষণ করিতে লাগিল, ঘটোৎকচের শরীরে শত ২ প্রক্ষেপিত বাণ শূলবদ্বিদ্ধ হইয়া অজস্ররক্তস্রব ধারা ধারাধর বদ্ধরণী পতিতা হইতে লাগিল, তাঁহার কায় লোহিত বর্ণে প্রাতঃ প্রভাকর প্রায় প্রদীপ্ত হইল, তাঁহার সিংহধ্বনিবৎ ঘোর গভীর গর্জ্জন ব্যোমান্তাবলম্বী হইতে লাগিল। তচ্ছ্রবণে অরাতি সমূহের শ্রবণ শক্তি রহিত হইল তিনি রাগরূপ সাগর তরঙ্গোচ্ছ্বসিত হইয়া অসীম সাহসালম্বন পূর্ব্বক বিপক্ষ বিক্ষেপিত অখিলাস্ত্র নিবারণ করত কোটি ২ সৈন্য সেনাপতি হতাহত ও তাবদ যোদ্ধাকে পরাভুত করিলেন। রাজা দুর্য্যোধন তদবলোকনে প্রত্যূহ ব্যূহ পরিগত হইয়া শোকাকূলে তাঁহার হৃদয় শুষ্ক ও চিন্তাজরে কম্পিত কলেবরে অসহ্যানুতাপে বিষম গাত্রাগ্নি প্রজ্জলিত হইতে লাগিল। এমতকালে কর্ণ দ্রোণীর উপরোধে একঘ্নী * বাণ সন্ধান পূর্ব্বক ঘটোৎকচের বক্ষোভেদ করিলেন তিনি ঘোরতর তিমিরাবৃতা তামসী দ্বিতীয় প্রহর সময়ে সংহার হইলেন। তাঁহার দ্বাদশ যোজন বিস্তীর্ণ দীর্ঘ কলেবর সমরস্থলে পতিত হইলে কৌরব পক্ষের বহুপত্তী মর্দ্দিত হইল তন্নিরীক্ষণে উভয়

* কর্ণ ইন্দ্রদত্ত একঘাতী অস্ত্র অর্জ্জুন নিধনার্থ গুপ্ত রাখিয়াছিলেন।

দলেই হাহতোস্মিরম্বে ক্রন্দন করিতে লাগিলেন। পুত্র নিধন হেতুক
ভীমের হৃদয় মধ্যে প্রচুর প্রখর শোক পুনঃ ২ প্রবাহিত হইয়া রোদন
করিতে ২ অধৈর্য্য হইলেন। পরক্ষণে শোকাভিরত ভীম রিপুবৃন্দ বিনা
শাথ প্রচণ্ড চণ্ডরূপে দীপ্তিমান হইয়া অখণ্ড প্রতাপে স্বীয় হস্তে
অজেয় গদা ধারণ পূর্ব্বক সমস্ত রজনী রণ সাধন করিলেন। তাঁহার
গদাঘাতে প্রতিপক্ষীয় বাহিনীগণ ও রথীচয় সমস্ত বিভাবরী জাগরণ
হেতুক রণ কাতরে ও ক্ষুধা তৃষ্ণায় তাঁহাদের অধরোষ্ঠ শুষ্ক হইতে
লাগিল। তাঁহারা বহুতর কষ্ট স্বীকার করিয়া ও সমরে নির্ভর
করত ক্রমশঃ নষ্ট হইতে লাগিলেন, দুর্দ্ধর্ষ দুর্য্যোধন ভুপভয়ে কম্পিত
কায় চমুসমুহ দূরদৃষ্ট জ্ঞানোরণ বারণাসমর্থ হইলেন, মহদ্ধর্ম্মশীল
ধনঞ্জয় সর্ব্বজন সম্বোধন করতযুদ্ধ নিবৃত্তি করিলে অশেষ ক্লেশ প্রাপ্ত,
সমস্ত সৈন্যানী ও রাজাগণ অগণনীয় ধন্যবাদ ভাষণে তাঁহাকে বিজয়া
শীর্ব্বাদ প্রদান করিয়া নিদ্রাবিল নয়নে অচেতনে শবাকারবৎ পতিত
হইলেন তম্মধ্যে কেহ ২ ভুমিতে কেহ ২ শবাদির দুর্গন্ধামোদিত স্থানে
কেহবা শবোপরে অঘোর নিদ্রিত হইলেন, পার্থ সমুহ খেদ সহকারে
দুর্য্যোধনকে শতাধিক ধিক্কার পূর্ব্বক স্বীয় দলবল সাহিত্যে শিবিরে
প্রত্যাবৃত্ত হইলেন। পঞ্চমদিবস প্রত্যুষে কৃষ্ণার্জ্জুন বৈর প্রতীকারথে
শংসপ্তকগণ সমীপে গমণ করিলেন। এদিকে স্বসমান যোদ্ধাগণের
সমরে পরস্পর পক্ষীয় জাতূজয় পরাজয় হইতে লাগিল. বীরশ্রেষ্ঠ
ভগদত্ত অসম সাহসে ভীমসহ মহাসংগ্রাম ও বহুল পাণ্ডব বাহিনী
নিপাত করিলেন শেষে ভীমের প্রতি আস্তরণাদি সুসর্জ্জনাবৃত মদোৎ
কট যূথনাথ প্রচালন করাইয়া মহারোষে সুতীক্ষ্ন দশ বাণ প্রক্ষেপণ
পূর্ব্বক তাঁহার গদা ছিন্ন করিলেন, ভীম অতি কোপে প্রলদগ্নি সন্নিভ
ধাবিত হইলে ভগদত্তের উন্মত্ত হস্তীবর চীৎকার ধনি করত শুণ্ডো
থিত করিয়া তাঁহাকে বেষ্টনাথ অগ্রবর্ত্তী হইল, ভীম ও মত্তমাতঙ্গের
পশ্চাৎ পদদ্বয় দৃঢ় মনঃসংযোগে তৎক্ষণাৎ ধারণ ও সক্রোধে আকর্ষণ
করিলেন, কিন্তু করিও যথাসাধ্যথেস্বপদাকর্ষণ করিতেলাগিল; অবশেষে

ভীমকে বিপাকে পতিত দেখিয়া যোদ্ধাগণ সহিত যুধিষ্ঠির অত্যন্ত
ব্যগ্রচিত্তে হাহাকার ধ্বনি করত উপস্থিত্যনন্তর তাঁহাকে উদ্ধার করি
লেম, তিনি কিয়ৎকাল বিশ্রাম পুরঃসর মহাবল বীর্য্যপ্রকাশে করি কুম্ভ
স্থলে দারুণ মুষ্টি প্রহার করাতেই কুঞ্জরবর অসহ্যাঘাতী ও ভীত
হইয়া গগণ ব্যাপ্ত চীৎকার শব্দ করত তথা হইতে প্রস্থান করিল।
নারায়ণ ত্বরিত গতিক্রমে রথ চালাইয়া ভগদত্তের সম্মুখবর্ত্তী হইলে
তিনি অর্জ্জুনকে দেখিয়া মেঘে বারি বর্ষণের ন্যায় বিশিখ বর্ষণ করত
সেই বিক্ষিপ্ত চিত্ত হস্তীকে চালাইয়া দিলেন, দন্তিবর বায়ুবেগে রথো
পরে পতিত হওনোন্মুখ সময়ে শ্রীকৃষ্ণ অস্থির হইয়া একপার্শ্বে
স্যন্দন স্থাপন করিলেন; পরে পার্থের নারাচাঘাতে করিকুম্ভ বিদীর্ণ
হইয়া পতিত হইল। ভগদত্ত তৎক্ষণাৎ রথারোহণ পূর্ব্বক নিমেষার্দ্ধ
কালে অর্জ্জুনের প্রক্ষিপ্ত ভাবদ্বাণ বাণে ২ তৃণবচ্ছেদন করিয়া দৃঢ়
বিক্রমে জলন্তানল সঙ্কাশ বৈষ্ণবাস্ত্র প্রয়োগ করিলে পার্থ নিমিত্ত কৃষ্ণ
চিন্তান্বিত হইয়া তাঁহাকে পশ্চাদ্ভাগে রাখিয়া বক্ষঃস্থলে অস্ত্র গ্রহণকরি
লেন, অনন্তর বৈষ্ণবাস্ত্রের তেজ বিষ্ণুতেই লিপ্ত হইলে পার্থ অপূর্ব্বার্দ্ধ
চন্দ্র পৃষৎক বিনিযোগ করিলে ক্ষিপ্তবাণ দ্বারা ভগদত্তের শরীর দ্বিখণ্ড
হইয়া রথোপরে পতিত হইল। মহদ্রিপু নিধন হেতুক পাণ্ডবেরা মহা
নন্দিত হইলেন কিন্তু দুর্য্যোধন ভগদত্তের মৃত্যুতে নিতান্ত শোকোপ
ক্রান্ত হইয়া চিত্তাস্থৈর্য্যতায় ক্রমশঃ হতাশ হইতে লাগিলেন। দুর্ব্বার
বীর্য্য দ্রোণাচার্য্য ক্রোধমনে রণোদ্যত হইয়া পাণ্ডবদের মহা ২ যোদ্ধা
গণকে পরাস্ত ও বহুল সৈন্য নষ্ট করিলে দামোদর প্রতারণা পূর্ব্বক
দ্রোণকে কহিলেন " অদ্য তোমার অশ্বথামা ভীম হস্তে নিধন হই
য়াছে,, দ্রোণ ইহা শ্রবণ পূর্ব্বক অতিশয় বিস্মিত হইয়া উক্ত করিলেন
অমরবর প্রাপ্ত পুত্র নিধন হওয়া অত্যসম্ভব, কিন্তু যুধিষ্ঠির কহিলেই
সত্য প্রত্যায় হয় যেহেতুক দ্রোণের ইহা দৃঢ় প্রতীত ছিল যে ধর্ম্মরাজ
কদাচ মৃষাভাষা কহিতে যোগ্য হইবেন না সুতরাং তিনি অনৃত
বাক্যোক্তি করিতে অস্বীকৃত হইলে, ভীম অতি রোষে দ্রোণকে কহি-

লেন " অশ্বথামা নিশ্চয়ই হত হইয়াছে আমি যথার্থ অবগত আছি। দ্রোণ অস্তত্রাসিত হইয়া ও সিঞ্চিত নীরবশ্মিথ্যার অস্থায়িত্ব প্রযুক্ত সংশয়ে বিশেষ রূপে প্রত্যয় না করিয়া উক্ত করিলেন, ধর্ম্মপুত্র কহিলেই সত্যজ্ঞান করি। অনন্তর নারায়ন অত্যন্ত কোপিত হইয়া পুন যুধিষ্ঠিরকে কহিলেন যদি অসত্য কথনে নরক গমনের আশঙ্কা কর তবে প্রকারান্তরে দ্রোণের প্রত্যয়ার্থ অশ্বথামা হত কহিয়া ইতিগজ লঘুস্বরে উক্ত করিলেই সত্য হইবেক, যেহেতুক ভীম কর্ত্তৃক দুর্য্যোধনের অশ্বথামা নামক হস্তী ও যথার্থ হত হইয়াছে। অনন্তর যুধিষ্ঠির পুনঃ২ কৃষ্ণ বাক্যাল্লঙ্ঘনে ভীত ও বিষাদিত হইয়া ছলতাযুক্ত সত্য কথনে ও বিস্তর অধর্ম্মজ্ঞানে সমুহ বিপদে পতিত হইয়া পুনঃ২ দ্রোণের প্রশ্নে " অশ্বথামা হত ইতিগজ লঘুস্বরে„ কহিলে পুত্রের মৃত্যু সত্য প্রত্যয়ে মহাশাকে চক্ষুঃসলিলে শরীর সিক্তানন্তর উচ্চৈঃস্বরে ক্রন্দন করত বামকরে ধনুর্ধারণ পূর্ব্বক কণ্ঠ তলে স্থাপন করিলে ধনুর্গুণে অশ্রুপতন হইতে লাগিল, কৃষ্ণের বাক্যে পার্থ ও দৃঢ়শর সন্ধান পূর্ব্বক কালসর্প জ্ঞানে ধনুর্গুণ চ্ছেদন করিলে দ্রোণের কণ্ঠতল হস্তস্থ ধনুর্বিদ্ধ হইয়া ঘোর যাতনায় সায়াহনি সময়ে রথোপরে পতিতহইলে ধৃষ্টদ্যুম্ন শত্বরে খড়্গ লইয়া তাঁহার সিরশ্ছেদ করাতে দুর্য্যোধন মহচ্ছোকাভিমানে সমগ্র যোদ্ধা সম্বোধনে কহিলেন এই মহাবিপদে কোনজন কি প্রকারে ইষ্টার্থোদযুক্ত হইবেন। কর্ণ কহিলেন আমি পাণ্ডবগণকে অনায়াসে ধৃত করিব। ঈদৃশকালে অশ্বথামা আগত হইয়া পিতৃ মৃত্যু সংবাদ শ্রবণে বিশাল শোকে প্রতিজ্ঞা করিলেন যে ধৃষ্টদ্যুম্নকে নিহত না করিয়া আর ধনুর্গ্রহণ করিব না। ষষ্ঠ দিবস রাজা দুর্য্যোধন শকুনির পরামর্শে মহাবীর কর্ণকে সেনাপতিত্বে অভিষিক্ত করিলেন। জয়বান কর্ণ দিব্য কবচ পরিধান পূর্ব্বক চতুর্দ্দিকে রণ ক্ষেত্র নিরীক্ষণ করত উদ্যমবজল ধর ধনি তুল্য গম্ভীর স্বরে রণোৎসাহী হইলেন তাহাতে যোদ্ধাগণ চমৎকারে গতিহীন স্থিরনেত্র রহিল। পাণ্ডব বাহিনী ঘোর ? ' সংকুল স্থলে সমাগত হইয়া যুদ্ধে প্রবর্ত্ত মাত্রেই

ভীমসেন কুলুত দেশের নৃপতি ক্ষেমধূর্ত্তিকে গদাঘাতে হত করাতে কর্ণ সরোষে বহুতরায়াসে লক্ষ লক্ষ পাণ্ডবসৈন্য সংহার পূর্ব্বক নকুলকে ধৃত করিয়াও কুন্তীর বচন স্মরণ হইলে তাঁহাকে পরিত্যাগ করিলেন। সপ্তম দিবসে কর্ণবীর শল্যরাজাকে সারথী পদে নিযুক্ত করিলেন, এবং দাবানল তুল্য অত্যুগ্র প্রতাপশালী কর্ণের শাণিত শর প্রক্ষেপণে প্রতিপক্ষীয় সেনাবলী জাজ্বল্যমান জ্বলনে অতি শুষ্ক তৃণ পতিত ন্যায় সমরশায়ী হইতে লাগিল, ইহা সমবলোকন পূর্ব্বক যুধিষ্ঠির নৃপতি কর্ণ সহ রণোদ্যত হইয়া শেষে অসহনীয় শরে জর্জ্জরিত ও মূর্চ্ছিত এবং পরাজিত হইয়া শিবিরে গেলেন। রণে ভঙ্গ সৈন্যেরা অর্জ্জুন সমীপে সমাগত হইয়া ভূপতির দুর্দশা জ্ঞাত করাতে তিনি ভীতচিত্তে শংসপ্তকগণ সহ যুদ্ধ বারণ করিয়া কৃষ্ণ সাহিত্যে যুধিষ্ঠির সন্নিধি উপস্থিত হইলেন। রাজা তাঁহার বাচনিক কর্ণের অক্ষয়াবস্থা শ্রবণে মহা ক্রুদ্ধ হইয়া তাঁহাকে বিবিধ ভৎসনা করত কহিলেন, ' ধিক্ ধিক্ অর্জ্জুন অক্ষয় গাণ্ডীব ধনুঃশর ও শ্রীকৃষ্ণ নিয়ন্তা এবং ভুবন সংহারক হরদত্ত দিব্যাস্ত্র সত্ত্বেও কর্ণ ভয়ে পলায়ন করাই বিচিত্র কার্য্য হইয়াছে। শৃণুরে বর্ব্বর তুমি গাণ্ডীবের যোগ্য ধনুর্ধর নহ, ইদানীং অগৌণে কৃষ্ণকে গাণ্ডীব দেও। মধুমথন মুরারি মহারথী হউন, তুমি সারথী হও। ইত্যাদি অযোগ্য দুর্ব্বাণী শ্রবণ পূর্ব্বক দুর্ব্বার পার্থ মহাক্রোধে উশর্ব্বুধবৎ প্রজ্জ্বলিত হইয়া রাজাকে খণ্ড খণ্ড করণার্থ পুনঃ পুনঃ খড়্গ লইয়া খণ্ডপ্রলয় উপস্থিত করিলেন। দয়ালু কৃষ্ণ অর্জ্জুনকে নিন্দা করত কহিলেন, সখে! ক্ষান্ত হও, কদাচ গুরুজনকে বধ কর্ত্তব্য নহে। ধনঞ্জয় কহিলেন, যে ব্যক্তি আমাকে গাণ্ডীব পরিত্যাগ করিতে কহিবে তিনি মহাগুরু হইলেও নিতান্ত আমার বধ্য হইবেন, ইহা নিশ্চয় প্রতিজ্ঞা আছে এবং যে জন দোষ অনবগত অথচ অপমানিত বাক্য প্রয়োগ করে, শাস্ত্রানুসারে তাঁহার মরণই বিধেয়। যদ্যপি পণ লঙ্ঘন ও গুরু ছেদন উভয়োভয় কর্ম্মেই মহানরকে গমন করিতে হয় তবে কেন নিষেধ করেন। অবশেষে মহদ্দুঃখাভিমানে হস্তস্থ অসি আত্ম গলদেশে প্রদান করিতে প্রবর্ত্ত হইলে কৃষ্ণ সংশয়াপন্ন

লেন " অশ্বথামা নিশ্চয়ই হত হইয়াছে আমি যথার্থ অবগত আছি। দ্রোণ অস্তস্ত্রাসিত হইয়া ও সিঞ্চিত নীরবম্মিথ্যার অস্থায়িত্ব প্রযুক্ত সংশয়ে বিশেষ রূপে প্রত্যয় না করিয়া উক্ত করিলেন, ধর্ম্মপুত্র কহিলেই সত্যজ্ঞান করি। অনন্তর নারায়ন অত্যন্ত কোপিত হইয়া পুন যুধিষ্ঠিরকে কহিলেন যদি অসত্য কথনে নরক গমনের আশঙ্কা কর তবে প্রকারান্তরে দ্রোণের প্রত্যয়ার্থ অশ্বথামা হত কহিয়া ইতিগজ লঘুস্বরে উক্ত করিলেই সত্য হইবেক, যেহেতুক ভীম কর্ত্তৃক দুর্য্যোধনের অশ্বথামা নামক হস্তী ও যথার্থ হত হইয়াছে। অনন্তর যুধিষ্টির পুনঃ২ কৃষ্ণ বাক্যাল্লঙ্ঘনে ভীত ও বিষাদিত হইয়া ছলতাযুক্ত সত্য কথনে ও বিস্তর অধর্ম্মজ্ঞানে সমুহ বিপদে পতিত হইয়া পুনঃ২ দ্রোণের প্রশ্নে " অশ্বথামা হত ইতিগজ লঘুস্বরে," কহিলে পুত্রের মৃত্যু সত্য প্রত্যয়ে মহাশাকে চক্ষুঃসলিলে শরীর সিক্তানন্তর উচ্চৈঃস্বরে ক্রন্দন করত বামকরে ধনুর্ধারণ পূর্ব্বক কণ্ঠ তলে স্থাপন করিলে ধনুর্গুণে অশ্রুপতন হইতে লাগিল, কৃষ্ণের বাক্যে পার্থ ও দৃঢ়শর সন্ধান পূর্ব্বক কালসর্প জ্ঞানে ধনুর্গুণ চ্ছেদন করিলে দ্রোণের কণ্ঠতল হস্তস্থ ধনুর্বিদ্ধ হইয়া ঘোর যাতনায় সায়াহনি সময়ে রথোপরে পতিতহইলে ধৃষ্টদ্যুম্ন শত্বরে খড়্গ লইয়া তাঁহার সিরশ্ছেদ করাতে দুর্য্যোধন মহচ্ছোকাভিমানে সমগ্র যোদ্ধা সম্বোধনে কহিলেন এই মহাবিপদে কোনজন কি প্রকারে ইষ্টার্থোদযুক্ত হইবেন। কর্ণ কহিলেন আমি পাণ্ডবগণকে অনায়াসে ধৃত করিব। ঈদৃশকালে অশ্বথামা আগত হইয়া পিতৃ মৃত্যু সংবাদ শ্রবণে বিশাল শোকে প্রতিজ্ঞা করিলেন যে ধৃষ্টদ্যুম্নকে নিহত না করিয়া আর ধনুগ্রহণ করিব না। ষষ্ঠ দিবস রাজা দুর্য্যোধন শকুনির পরামর্শে মহাবীর কর্ণকে সেনাপতিত্বে অভিষিক্ত করিলেন। জয়বান কর্ণ দিব্য কবচ পরিধান পূর্ব্বক চতুর্দ্দিকে রণ ক্ষেত্র নিরীক্ষণ করত উদ্যন্নবজল ধর ধনি তুল্য গম্ভীর স্বরে রণোৎ সাহী হইলেন তাহাতে যোদ্ধাগণ চমৎকারে গতিহীন স্থিরনেত্র রহিল। পাণ্ডব বাহিনী ঘোর ' সংকুল স্থলে সমাগত হইয়া যুদ্ধে প্রবর্ত্ত মাত্রেই

ভীমসেন কুলুত দেশের নৃপতি ক্ষেমধূর্ত্তিকে গদাঘাতে হত করাতে কর্ণ সরোষে বহুতরায়াসে লক্ষ লক্ষ পাণ্ডবসৈন্য সংহার পূর্ব্বক নকুলকে ধৃত করিয়াও কুন্তীর বচন স্মরণ হইলে তাঁহাকে পরিত্যাগ করিলেন। সপ্তম দিবসে কর্ণবীর শল্যরাজাকে সারথী পদে নিযুক্ত করিলেন, এবং দাবানল তুল্য অত্যুগ্র প্রতাপশালী কর্ণের শাণিত শর প্রক্ষেপণে প্রতিপক্ষীয় সেনাবলী জাজ্বল্যমান জ্বলনে অতি শুষ্ক তৃণ পতিত ন্যায় সমরশায়ী হইতে লাগিল, ইহা সমবলোকন পূর্ব্বক যুধিষ্ঠির নৃপতি কর্ণ সহ রণোদ্যত হইয়া শেষে অসহনীয় শরে জর্জ্জরিত ও মূর্চ্ছিত এবং পরাজিত হইয়া শিবিরে গেলেন। রণে ভঙ্গ সৈন্যেরা অর্জ্জুন সমীপে সমাগত হইয়া ভূপতির দুর্দশা জ্ঞাত করাতে তিনি ভীতচিত্তে শংসপ্তকগণ সহ যুদ্ধ বারণ করিয়া কৃষ্ণ সাহিত্যে যুধিষ্ঠির সন্নিধি উপস্থিত হইলেন। রাজা তাঁহার বাচনিক কর্ণের অক্ষয়াবস্থা শ্রবণে মহা ক্রুদ্ধ হইয়া তাঁহাকে বিবিধ ভৎসনা করত কহিলেন, ধিক্ ধিক্ অর্জ্জুন অক্ষয় গাণ্ডীব ধনুঃশর ও শ্রীকৃষ্ণ নিয়ন্তা এবং ভুবন সংহারক হরদত্ত দিব্যাস্ত্র সত্ত্বেও কর্ণ ভয়ে পলায়ন করাই বিচিত্র কার্য্য হইয়াছে। শুনরে বর্ব্বর তুমি গাণ্ডীবের যোগ্য ধনুর্ধর নহ, ইদানীং অগৌণে কৃষ্ণকে গাণ্ডীব দেও। মধুমথন মুরারি মহারথী হউন, তুমি সারথী হও। ইত্যাদি অযোগ্য দুর্ব্বাণী শ্রবণ পূর্ব্বক দুর্ব্বার পার্থ মহাক্রোধে উশর্ব্বুধবৎ প্রজ্জ্বলিত হইয়া রাজাকে খণ্ড খণ্ড করণার্থ পুনঃ পুনঃ খড়্গ লইয়া খণ্ডপ্রলয় উপস্থিত করিলেন। দয়ালু কৃষ্ণ অর্জ্জুনকে নিন্দা করত কহিলেন, সখে! ক্ষান্ত হও, কদাচ গুরুজনকে বধ কর্ত্তব্য নহে। ধনঞ্জয় কহিলেন, যে ব্যক্তি আমাকে গাণ্ডীব পরিত্যাগ করিতে কহিবে তিনি মহাগুরু হইলেও নিতান্ত আমার বধ্য হইবেন, ইহা নিশ্চয় প্রতিজ্ঞা আছে এবং যে জন দোষ অনবগত অথচ অপমানিত বাক্য প্রয়োগ করে, শাস্ত্রানুসারে তাহার মরণই বিধেয়। যদ্যপি পণ লঙ্ঘন ও গুরু ছেদন উভয় কর্ম্মেই মহানরকে গমন করিতে হয় তবে কেন নিষেধ করেন। অবশেষে মহদ্দুঃখাভিমানে হস্তস্থ অসি আত্ম গলদেশে প্রদান করিতে প্রবর্ত্ত হইলে কৃষ্ণ সংশয়াপন্ন

মানসে তাঁহার অসি গ্রহণ করিলেন, অর্জ্জুন কহিলেন, হে দয়াময়
গোবিন্দ! গুরুনিন্দারূপ ধর্ম্মবিহীন কর্ম্ম কেন করিলাম? আপাততঃ
আত্মঘাতী হওয়াই উচিত প্রায়শ্চিত্ত বিধি। কৃষ্ণ হাস্যবদনে উক্ত করি-
লেন, ইহার উপায়ান্তর আছে, শাস্ত্রসম্মত আত্মপ্রশংসা করাই মরণ তুল্য
হয়, তদ্ধেতুক বারম্বার স্বীয় গুণানুবাদে তব প্রতিজ্ঞায় উদ্ধার হওয়াই
উচিত, অর্থাৎ গুরু গর্হণ ও তদ্বধোদ্যত এবং প্রতিজ্ঞা লঙ্ঘন জন্য দোষের
প্রায়শ্চিত্ত জীবিতবান্ ব্যক্তিতেই বর্ত্তে, মৃতব্যক্তির প্রতি কোন প্রায়-
শ্চিত্ত বিধান নাই। তখন পার্থ স্বকীয় প্রশংসা করিতে লাগিলেন।
ইহ সংসারে মম তুল্য গুণনিধি ও ধনুর্ধর বীর দ্বিতীয় নাই, কেননা
আপন বাহুবলে সমরে চতুর্দ্দিক জয়ী হইয়াছি। ইত্যাদি শ্লাঘনীয়
বাক্যোক্তি করত সলজ্জায় ধর্ম্মপুত্রের চরণে পতিত হইয়া পুনঃ পুনঃ
স্বাপরাধ ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন, রাজন্! আমি কলুষ কবলিত
কায় প্রাপ্ত হইয়া মহাপাপযুক্ত বিগর্হিতকর্ম্ম করিয়াছি, অধুনা কৃত
কলুষরাজী মার্জ্জনা করিতে আজ্ঞা হউক। ধর্ম্মনৃপতি কৃষ্ণের প্রবোধে
অর্জ্জুনের প্রতি প্রসন্ন হইয়া প্রীতি বচনে প্রোক্ত করিলে তিনি জ্যেষ্ঠের
পদস্পর্শ পূর্ব্বক কর্ণ বধার্থ প্রতিজ্ঞা করিয়া রণস্থলে উপস্থিত হইলেন।
মদমত্ত গজ সম বীর বৃকোদর দুঃশাসন শিরে গদাঘাত ও তাঁহার রথাশ্ব
সংচূর্ণ করিয়া করবাল প্রহার দ্বারা বক্ষো বিদীর্ণ করত পণানুসারে কর্ণ
কৌরব বিদ্যমানে রাক্ষসমূর্ত্তিতে তাহার শোণিত পান করিলেন। কর্ণ
ক্রোধমনে ভীমাদির প্রতি দৃঢ় সুতিগ্ম শর প্রয়োগে বহু পাণ্ডবানীকিনী
সংহত ও অর্জ্জুনকে লক্ষ্য করিয়া বাণ সন্ধান করিলেন। দামোদর তচ্ছর
নিবারণাসমর্থ পার্থকে রক্ষার্থ সঙ্কোচিতভাবে রথাশ্বাদি ভূমিগত করি-
লেন। পশ্চাত্তদ্বাণে অর্জ্জুনের মৌলিস্থ কীরিট ছেদন হইয়া ধরণীতলে
পতিত হইল। অনন্তর শ্রীকৃষ্ণ ভূমি হইতে রথোদ্ধার করিলেন, পার্থের
প্রক্ষিপ্ত রুদ্রবাণ দ্বারা কর্ণের রথচক্র পৃথ্বীগতা হইলে তিনি অর্জ্জুন
সমীপে মুহূর্ত্তকাল নিমিত্ত যুদ্ধ ক্ষমা প্রার্থনা করিলেন; ধনঞ্জয় তাঁহার
পূর্ব্ব ব্যবহার স্মরণ পূর্ব্বক জ্বলিতাঙ্গ হইয়া সন্ধ্যাকালে লোহিতবর্ণ পট-
লাচ্ছন্ন সমুজ্জ্বল পট সঙ্কাশ ঘোর মেঘাবলী গগণমণ্ডলে শোভমান হইলে

বিনানুরোধে সুতীক্ষ্ণ মহাশর সন্ধানে কর্ণকে মূর্চ্ছিত করিলেন এবং বাণে
বাণে তাঁহার সর্ব্বাঙ্গ সম্বৃত হইয়া অসহ্য যাতনায় পতিত ও ভূমিশায়ী
হইলেন। মহৎ প্রযত্নে সম্পাদনীয় রণোদ্যমে মহাবীর কর্ণের মৃত্যুতে
দুর্য্যোধন বিষম শোকগহনে পতিত ও হা কর্ণ! হা কর্ণ! ইত্যুক্ত্বা বহুবিধ
বিলপিত বাক্যে অধৈর্য্য হইলেন। হা কর্ণ! রণস্থলে মত্তগজের ন্যায়
স্বচ্ছন্দে প্রবিচরণ করত অরাতি পক্ষীয় প্রচুর সৈন্য সংক্ষয় করিয়া অস্মৎ
সম্বন্ধে একেবারে বিচ্ছেদ পরিচ্ছেদ ধারণ পূর্ব্বক স্বর্গ নিলয়ে প্রয়াণ করি-
লা, সম্প্রতি আমি সর্ব্বতোভাবে ভগ্নোদ্যম হইলাম*। অষ্টম দিবস
নৃশংস স্বভাবশালী দুর্য্যোধন মদ্রাধিপতি শল্যকে সেনাপতি পদে নিযুক্ত
করিয়া সমরস্থলে উপস্থিত হইলেন। প্রভাতে পাণ্ডবেরাও যোদ্ধাব্যূহ
সহ রণে প্রবর্ত্ত ও শল্যের তিগ্মাস্ত্রে ব্যথিত হইয়া যুদ্ধাসমর্থ প্রযুক্ত শ্রীকৃষ্ণ
আদেশে নিত্য হৃষ্ট ভীমাদি যোদ্ধাগণ সমবেত হইয়া অপরিসীম পরা-
ক্রমে মহা মহা বাণ সন্ধান পূর্ব্বক শল্যকে নিষ্পীড়ন করিলেন, নারায়ণ
যুধিষ্ঠিরকে কহিলেন, এই সময়ে উহাকে ঝটিতি নষ্ট কর। রাজা বিষা-
দিত হইয়া ভাবিলেন, যে বাণে পীড়িত ও বিকারিত ভাবাপন্ন মাতুলকে
অন্যায়ে বধ করা কদাচ কর্ত্তব্য নহে, কিন্তু নষ্ট না করিলেও শেষ কষ্ট
এবং কৃষ্ণও প্রকৃষ্টরূপে স্পষ্টই রুষ্ট হইবেন, এমতকালে বিলম্ব হেতুক
কৃষ্ণের পুনঃ পুনঃ প্রত্যাদেশে শেষে প্রখরতর কর নিকর পরিবৃত উদ্য-
দ্দারুণ প্রচণ্ড প্রভাকরোদ্দীপ্ত মধ্যাহ্নকালে রাজা যুধিষ্ঠির শক্তি শেলা-
ঘাতে শল্যকে নিপাত করিলেন। কুরুরাজা এতাদৃশ অন্যায় সমরে একে-
বারে দৃঢ়রূপে জীবনাশা ত্যাগ করত শোকসলিলার্দ্র নয়নে নিতান্ত
নির্ব্বিণ্ণ হইলেন। শকুনি সহ সহদেবের মহারণে উভয়েই উভয়ের শরে
জর্জ্জরিত শরীর হইয়া পতিত ও মূর্চ্ছিত হইলেন, কিঞ্চিৎকালাত্যয়ে
সহদেব সম্বিত প্রাপ্ত হইয়া শকুনির কেশার্ষণ পূর্ব্বক পশু সদৃশ ধৃত
করিলেন, তখন তিনি হতজ্ঞান, কম্পিত কায়, একান্ত অনুপায় হইয়া

* ধৃতরাষ্ট্র, সঞ্জয় প্রমুখাৎ শুনিলেন দুর্য্যোধন পক্ষে একাদশ কোটি
রথ ও তিন কোটি হস্তী ও দ্বিপদ্ম অশ্ব ও তিন কোটি পদাতিক। পাণ্ডব
পক্ষে এক সহস্র হস্তী, লক্ষ পদাতিক বর্ত্তমান আছে।

সচকিতনেত্রে চতুর্দ্দিগবলোকন পুরঃসর স্তব্ধপ্রায় রহিলেন। সহদেব তাঁহার অক্ষক্রীড়া ও শকুকৌতুকে কুর্দ্দনাদি পূর্ব্বতনীয় দুস্তর দুঃখ সমূহ স্মরণ করত শকুনির দর্পোপশান্ত্যর্থে আদৌ হস্তদ্বয়ের অঙ্গুল্যবধি বাহুমূল পর্য্যন্ত খণ্ড খণ্ড পূর্ব্বক পশ্চাচ্ছিরশ্ছেদ করিয়া প্রতিজ্ঞা পূরণ করিলেন, তিনি মৃত্যুশয্যায় শয়িত রহিলেন, অতএব সময়প্রাপ্ত হইলে ধর্ম্মাধর্ম্ম প্রযুক্ত স্বকর্ম্ম ফলভোগ অবশ্যই হয়। অনন্তর পাণ্ডবেরা রণে ভঙ্গ কুরু সৈন্যগণের পলায়নকালে যে যথায় যাহাকে সম্মুখে প্রাপ্ত হইলেন তাহা-কেই নিপাত করিয়া জয় জয় শব্দে সগরজয়ী হইলেন। যেমন শুষ্কারণ্য মধ্যে দাবানল প্রজ্জ্বলিত হইয়া বন দগ্ধ করে ও যেমন মহোদধি অগাধ জল শোষণ করে, তদ্রূপ সিংহ সম স্বভাব কোপন তেজস্বী কৌরবের দল বল পাণ্ডব কর্ত্তৃক শোষিত হইল। দুর্য্যোধন এই সমুদায় বিস্ময়কর ব্যাপার বিলোকন করত উৎকান্তঃকরণে অশ্ব হইতে অকস্মাৎ ভূম্যবতরণ পূর্ব্বক বিবিক্তবর্ত্মে পদব্রজে পলায়ন করিলেন। পথিমধ্যে সঞ্জয় সহ চলিষ্ণু নৃপতির দৈবাৎ সাক্ষাৎ হইলে নানা কথনানন্তর, তাহাকে বিদায় দিলেন। বিয়োগভাজন দুর্য্যোধন-কৃত কুষীদ সম্পদাদির প্রতি বিরাগ প্রকাশ পূর্ব্বক অপার সমুদ্রের বিষম তরঙ্গোল্লম্ফিত ফেণিল ফুল্লসলিলে পতিত হইয়া বিহ্বলচিত্তে দ্বৈপায়ন হ্রদান্তরে গদা প্রহারে জলবিদারণ করত প্রবেশ করিলেন। রাজবিশ্রব্ধ সঞ্জয় বিমুগ্ধ হইয়া পরাবৃত্তিকালে কৃপ দ্রোণী কৃতবর্ম্মা সহ সাক্ষাৎ হইলে সমস্ত বার্ত্তা ব্যক্ত করিলেন, তাঁহারা ঐ দহে উপস্থিত হইয়া কৌরবাদর্শনে উচ্চৈঃস্বরে বিলাপ করিতে লাগিলেন, ভূপাল তদ্বচনোপলব্ধ্যনন্তর স্নুবর্ণে কালিমা প্রাপ্ত ম্লানমুখো-ত্তোলন পূর্ব্বক তাঁহারদের প্রমুখাৎ রণ শেষ বার্ত্তা শ্রবণ করিলেন। সঞ্জয় হস্তিনায় উপনীত হইয়া ধৃতরাষ্ট্র সমীপে দুর্য্যোধনের পলায়ন ও রাষ্ট্রোপদ্রুত বার্ত্তা জ্ঞাপন করিলে একদা সর্ব্ব দুঃখোপস্থিত হেতুক সঞ্জয়-কে কহিলেন, যেমন পক্ষহীন পক্ষী ও জলহীন মীন, পুণ্যহীন দেহ, ফল হীন বৃক্ষ, তদ্রূপ প্রাণহীন মম দেহ পতন প্রায় হইল। হায়! হায়! পঞ্চতত্ত্ব ধারণাধীন এতদ্রূপ মহৎকষ্টেও কেন পঞ্চত্বাভাস প্রকাশ হয় না, এ কি কঠিন কায় ধারণ হইয়াছিল। হা পুত্রগণ! শোকানল সন্তাপিনী

অবোধিনী কামিনী বধূগণ অনাথিনী হইয়া কি প্রকারেই বা প্রাণধারণ করিবেন? হে সঞ্জয়! আর যে অনিবার্য্য শোক সহ্য হয় না, হৃদয়ালয়ে কি বিষমাগ্নিই প্রজ্জ্বলিত হইতেছে এবং অনুভূত হয় আমার গ্রহবৈগুণ্য প্রযুক্ত রাহুগ্রস্ত সুধাংশু বচ্ছণ্ডাংশু তনয় কর্ত্তৃক কুরুকুল কবলিত হইয়াছে, অতএব ইদানীং অনলে ঝম্প প্রদান কিম্বা ঘোরতর তিমিরাবৃত নিবিড়ারণ্যান্তরে প্রবেশ করাই মৎপক্ষে শ্রেয়স্কর হইল। অন্ধরাজের বিলপিত বাক্য শ্রবণোত্তর সঞ্জয় কহিলেন "দুর্য্যোধন দুষ্টস্বভাবে ও অবিবেচনা সঙ্কল্পে নির্ভর করাতেই তাবন্নষ্ট হইল।" ইতি সারাবল্যাং তৃতীয়পরিচ্ছেদঃ।

পাণ্ডবেরা সংগ্রাম সমাপ্ত পূর্ব্বক রণগুপ্ত মহীপালের উদ্দেশার্থে হস্তিনা প্রভৃতি নানা স্থানে দূত প্রেরণ করিলেন। চরচয় দূরাদূর গমন পুরঃসর সূক্ষ্মাতিসূক্ষ্মরূপে ইতস্ততোনুসন্ধানেও কৃতকার্য্য হইল না, ভীমের তোষণ হেতুক মৃগয়ার্থে প্রেরিত ব্যাধগণের প্রমুখাৎ কুরুক্ষেত্রের পূর্ব্বাংশে দ্বৈপায়ন হ্রদে দুর্য্যোধনের অবস্থিতি বার্ত্তা শ্রবণোত্তর পাণ্ডবেরা সসৈন্যে তথায় উপস্থিত হইলেন। ইতিপূর্ব্বে দ্রোণী কৃপ কৃতবর্ম্মা কৌরব নৃপ নেদিষ্ট হইয়া কীদৃগ্ মতে পুনর্যুদ্ধ সাধন করিবেন তন্মন্ত্রণা-বিষ্ট ছিলেন, তাঁহারা দূর হইতে কটকের ভীষণ নিনাদ ও বিবিধ বাদ্যোদ্যম শুনিয়া প্রস্থান করিলেন, দুর্য্যোধন বার্য্যবান্তরে প্রবেশ করাতে ধর্ম্মাত্মজ ভূপাল কৃষ্ণাদেশে তৎপ্রতি কটুবাণী প্রয়োগ করিতে লাগিলেন। তৎশ্রুত্বা স্বধর্ম্মত্যাগী কৌরব উপরত স্পৃহ হইয়াও ধর্ম্মের দর্পিত বাক্যে মর্ম্মব্যথা পাইয়া পৃথিবী নিষ্পাণ্ডবা করণাশয়ে হেমগিরি সদৃশ দীপ্যমান শরীরে স্নুবর্ণ খচিত লৌহ গঠিত কঠিন গদা ধারণ পূর্ব্বক ভুজবলে জল বিদারণ করত মৈনাক পর্ব্বতোপম নীরাশ্রয় হইতে উত্থান করিলে তাঁহার কর শোভাকর প্রদীপ্ত প্রভাকর বন্মহামুদ্গার দৃষ্টি পুরঃ-সর পাণ্ডবেরা অত্যন্ত সশঙ্ক হইলেন। অপর্য্যাপ্ত বল রক্ষিত কৌরব রাজেন্দ্র ভীম সহ গদাযুদ্ধ পণ করত মহাক্রোধে এক শৃঙ্গ পর্ব্বতোপম দণ্ডায়মান হইলেন। ভীমও আর্ত্ত সাহসে বহুক্ষণ যুদ্ধ করাতে দুর্য্যোধন ভীম মস্তক সংচূর্ণ করণাশয়ে শূন্যোপরি লম্ফ প্রদান পূর্ব্বক উত্থিত

হইবামাত্রেই ভীম শ্রীনাথের ইঙ্গিতোপদেশে কৌরবের উরুদেশে বজ্র সম গদা প্রহার করিলে তিনি গুরুতরাঘাতী হইয়া ভূমি পতিত হইলেন। শাস্ত্র নিষিদ্ধ নাভির অধঃস্থলে গদা প্রহার হেতুক নানা তীর্থপর্য্যটক বলদেব ভীমের প্রতি অতি কোপিত হইলে কৃষ্ণের প্রবোধে ক্রোধ সম্বরণ পূর্ব্বক তথা হইতে প্রস্থান করিলেন। ভীম কুরুরাজের মস্তকোপরে বাম পদ প্রহার করাতে শিরোমণি ভগ্ন ও ভূয়্যুৎপ্লুত হইতে লাগিলেন। তদ্দৃষ্টে যুধিষ্ঠির ভীমকে বহু তিরস্কার করত ভ্রাতৃ বধতাপে রোদন করিতে করিতে বেলাবসানে স্বসৈন্য রথী সমবায় সঙ্গে লইয়া শিবিরে গেলেন*। অনন্তর কৃপ, অশ্বত্থামা, কৃতবর্ম্মা ঘোরান্ধকার নিশাকালে দুর্য্যোধন সহ সম্মিলিত হইয়া নৃপতির উরুভঙ্গ দৃষ্টি পূর্ব্বক শোচিত হইলেন। দ্রৌণী পাণ্ডব নাশার্থ প্রতিজ্ঞাত হইলে কৌরব তাঁহাকে সৈন্যাপত্যে নিযুক্ত করিলেন। প্রাগুক্ত তিন বীর সেই ঘোরা রজনীতেই পাণ্ডব শিবির বহির্দ্বারে উপস্থিত হইলে কৃপাচার্য্য, ভাগিনেয় দ্রৌণীকে কহিলেন, পাণ্ডব পক্ষীয় সৈন্যসামন্তাদি যুদ্ধ পরিশ্রমে সুনিদ্রাবস্থায় আছে, এক্ষণে তাহাদিগকে নষ্ট করা কর্ত্তব্য নহে, দেখ দুর্য্যোধন দুর্ম্মতি বশগা হইয়া অসৎপথে পদার্পণ পূর্ব্বক বিলক্ষণরূপে তৎপ্রতিফল পাইয়াছেন, অতএব সৎপন্থাবলম্বী হইয়া বৈপরীত্য স্পৃহাতে উপরতি হও। দ্রৌণী তাঁহার প্রতিবোধিত বাক্যাবজ্ঞা করত দ্বার-রক্ষক মহাদেবের সমীপে স্তুতিমিনতি পূর্ব্বক দ্বারমুক্ত প্রার্থনা করাতে তিনি অস্বীকৃত হইলে তৎপ্রতি বায়ব্যাস্ত্রাদি বর্ষণ করিতে করিতে তূণশূন্য হইল, তথাচ ভবভয় ভীত পরত্রাতা ভগবন্ ভূতেশ ভীতিযুক্ত হইলেন না, সুতরাং দ্রোণ সুত সবিস্ময়ে তাঁহার পরিচয় জিজ্ঞাসা করাতে শিব স্বরূপতঃ বাক্যোক্ত করিলেন, দ্রৌণী শঙ্কর পূজা পূর্ব্বক শিবের হস্তস্থ অসি ও দ্বারমুক্তি পাইলে শিবিরান্তরে প্রবেশ করিয়া আদৌ ধৃষ্টদ্যুম্নকে বধ, পশ্চাৎ পাণ্ডব ভ্রমে দ্রৌপদীর পঞ্চপুত্রের শিরশ্ছিন্ন করত অন্যান্য তাবৎ যোদ্ধা ও সৈন্যগণকে নিপাত পুরঃসর দুর্য্যোধন সমীপে আগত হইয়া ঐ পঞ্চ শিশুর শির

* রণ সমাপ্তে কৃষ্ণ সাত্যকী সহ পাণ্ডবেরা রাত্রিযোগে হস্তিনায় গমন করিয়াছিলেন।

সমর্পণ করিলেন, রাজা সহাহর্ষে দ্রৌপদীর দ্বিতীয় পুত্রের ভীমাকৃতি মুণ্ড ভীম জ্ঞানে করচাপে তিলবৎ চূর্ণ করিয়া ভাবিলেন, এ কখন বৃকোদরের মুণ্ড নহে, অপর চতুর্মস্তক অনায়াসে ভগ্ন কৃত সবিস্ময়ে কহিলেন, কে দ্রৌণি! পঞ্চ পাণ্ডবের এই মুণ্ড কখন নহে; তাঁহারা জীবিত আছেন, হা! পাণ্ডব সন্তানদিগকে নষ্ট করিয়া কি অকার্য্যই করিলা, হা! কুরু কুলে জল পিণ্ড দিতে কি একজনকেও রাখিলা না? কুরু পাণ্ডব উভয় কুলই নির্ব্বংশ হইল। ইত্যুক্তি করত বহু বিলাপে অধৈর্য্য হইয়া হর্ষ বিষাদে নশ্বর শরীর পরিত্যাগ করিলেন। পরদিন প্রত্যুষে অশ্বত্থামা কৃপ কৃতবর্ম্মা বীরত্রয় প্রাণভয়ে নগরাভিমুখে গমন করিলেন। পাণ্ডবপক্ষীয় ধৃষ্টদ্যুম্ন নামা সারথী যামিনীতে দ্রৌণীর বিষম সংহারকালে শব মধ্যে লুক্কায়িত ছিলেন, তিনিও প্রাতঃকালে হস্তিনায় উপস্থিত হইয়া যুধিষ্ঠিরাদির সমীপে যুদ্ধবার্ত্তা বিজ্ঞাপন করিলে শ্রীপতি সাত্যকী সাহিত্যে পাণ্ডবেরা স্বশিবিরে আগত হইয়া মৃত পুত্রাদি তথা ধৃষ্টদ্যুম্ন বিরাট নৃপতীত্যাদির পতিত কায় দৃষ্ট্যনন্তর মহা বিষাদে ক্রন্দন করিতে লাগিলেন। পুত্রাদির শোকে ধৈর্য্যহীনা দ্রৌপদীর বাক্যে বদ্ধ হইয়া ভীমসেন অশ্বত্থামার মুকুট ছেদনার্থে প্রতিজ্ঞা পূর্ব্বক যুধিষ্ঠিরের আদেশে নকুলকে সারথি করিয়া যুদ্ধযাত্রা করিলেন, পশ্চাৎ শ্রীহরি সহ রাজা সসৈন্য ব্যাসাশ্রমে গমন পূর্ব্বক পলায়িত দ্রৌণীকে মারণার্থ উদ্যুক্ত হইলেন। দ্রোণসুত সভয়ে ভীমের প্রতি ঈষিকাস্ত্র পরিত্যাগ করিলে কৃষ্ণের উপদেশে পার্থও ঐ প্রলয়ানল প্রায় বাণ ব্যর্থ করণার্থ ঝটিতি সম্বরণাস্ত্র প্রয়োগ করিলেন। উভয়ের মহাস্ত্রে নারদ ব্যাস অধিষ্ঠান পূর্ব্বক যুদ্ধ ক্ষান্তি করণ অনুমতি দিলে বৈজ্ঞানিক অর্জ্জুন স্বীয়াস্ত্র বারণ করিলেন। দ্রৌণী কহিলেন, আমার অনিবার্য্যাস্ত্র পাণ্ডবনাশ ব্যতীত প্রত্যাবর্ত্তন হইবেক না, অতএব মম বাণে উত্তরার গর্ভস্থ পুত্র নষ্ট হউক। পরিশেষে ব্যাসের উপদেশে অশ্বত্থামা স্বমস্তক মণি ছেদন পূর্ব্বক পার্থকে দিলে নিজীকৃতাপরাধে যাবজ্জীবন শিরঃপীড়ায় বড় কষ্ট পাইয়া অস্থির চিত্তে ভ্রমণ করিতে লাগিলেন এবং তাঁহার ঈষিকাস্ত্র উত্তরার গর্ভে প্রবেশ পূর্ব্বক অন্তরাপত্য নষ্ট হইলে শ্রীকৃষ্ণ তদন্তরে উপক্রান্ত হইয়া

পুনর্গর্ভ জীবিত করিলেন। এই প্রকারে ঊনবিংশতি দিবসে ঘন রস করণক হুতাশন নিবৃত্তিরূপ অস্ত্র বর্ষণ শান্তি হইল। অনন্তর ব্যাস নারদ ও শ্রীকৃষ্ণ সহ পাণ্ডবেরা স্বশিবিরে গমন করিলে বৃকোদর দ্রৌপদীর শিরোমণি দ্রৌপদীকে দিলে তাঁহার পরিতাপ দূর হইল। অষ্টাদশ দিবস পর্য্যন্ত কুরুক্ষেত্রের যুদ্ধে দুর্য্যোধন হত হইলে সঞ্জয় আদ্যন্ত সমস্ত বৃত্তান্ত ধৃতরাষ্ট্র সমীপে ব্যক্ত করিলে পুত্রের মৃত্যুতে শোকে অস্থির হইলেন। অনন্তর গান্ধারী প্রভৃতি অন্তঃপুরবাসিনী ভাবন্নারী সহ ধৃতরাষ্ট্র কুরুক্ষেত্রীয় যুদ্ধস্থলে গমন করিলেন। রাজমহিলাগণ স্ব স্ব পতি পুত্রাদির মৃতদেহ দর্শনে শোকে অচৈতন্য! হইলেন এবং তাঁহারদের ক্রন্দনধ্বনি দিগ্‌বিদিগ্‌ব্যাপ্ত হইতে লাগিল, ঈদৃশকালে শোকসন্তপ্ত গান্ধারী শর্ব্বাদ্যাবৃত ভয়ঙ্কর সমরস্থল দৃষ্ট্যনন্তর বরাঙ্গরূপোপেত দুর্য্যোধনের মৃতকায় বিলোকনে রোদন করত কহিলেন, দেখ কৃষ্ণ! ঐ রাজা দুর্য্যোধন সমরশায়ি হইয়াছেন, যিনি সুনির্ম্মিত অত্যুচ্চ হেমপর্য্যঙ্কোপরি যূথী প্রভৃতি পুষ্প বিকীরিত দুগ্ধফেন নিভাশয্যায় শয়ন করিতেন, অদ্য সেই তনু ধূলায় ধূষরিত ও শোণিত শোভিত হইল। আহা! মরি মরি মহা প্রসুপ্ত পুত্র একবার সুষুপ্তি ত্যাগ করত ভীম সহ যুদ্ধ কর, তোমার সেই সুন্দর স্মেরানন দৃষ্টি করি। অনন্তর শ্রীকৃষ্ণ তাঁহাকে সান্ত্বনা করত বিস্তর প্রবোধ দিলেন, শেষে গান্ধারী তাঁহার পাক্ষিকতা ও চতুরতা প্রতিপন্ন করিয়া অতি খেদে অভিশম্পাত দিলেন "যে প্রকার আমার অন্তর্দাহ হইতেছে তদ্রূপ তোমারও দুরবস্থা হইবে, অর্থাৎ জ্ঞাতি কর্ত্তৃক যদুবংশ নিপাত হইবে" শ্রীহরি অলঙ্ঘ্য সতীর বাক্যে খেদিত ও নিতান্ত ব্রীড়াবলম্বী হইয়া নিজ মায়া দ্বারা গান্ধারীর শোক মোচন পূর্ব্বক অন্ধরাজার প্রতি, যুদ্ধে হত পতিত ব্যক্তিগণের দাহাদির উপদেশ দিলে তিনি তৎকার্য্য সাধনার্থ যুধিষ্ঠিরকে অনুমতি করিলেন। ধর্ম্মপুত্র উভয় পক্ষের মৃত স্বজন কুটুম্ব নিমন্ত্রিত ভূপতি প্রভৃতি ও সৈন্য সেনাপতি ভাবর্জ্জনের শরীর সৎকার করত অন্ত্যেষ্টিক্রিয়াদি সম্পন্ন করিয়া শ্রীকৃষ্ণ সহ রথারোহণ পূর্ব্বক শুভক্ষণে হস্তিনায় প্রবেশ করিলেন। মহারাজা যুধিষ্ঠির রাজধানীতে কিয়দ্দিবস অবস্থিতি পূর্ব্বক কুরুক্ষেত্রীয় মহা সংগ্রামে শরশয্যা

গত ভীষ্ম শান্ত নববীর সমীপে গমন করিয়া মনোদুঃখে অস্থির হইলেন, তিনি পৌত্রাদির মুখাবলোকনে মহানন্দিত হইয়া নানা প্রকার যোগ কথন পুরঃসর পূর্ব্ব নির্ব্বন্ধ সহকারে মাঘীয় সিতাষ্টমীতে ধ্যানযোগে নব জলধর রুচি শ্রীমন্নারায়ণ নিরীক্ষণ করত স্বীয় শরীর পরিত্যাগ পূর্ব্বক দিব্যরথে স্বর্গপুরে প্রস্থান করিলেন, তদীক্ষণে যুধিষ্ঠিরাদি ক্রন্দন করাতে ব্যাসদেব তাঁহারদিগকে সান্ত্বনা করিলেন। রাজা যুধিষ্ঠির ভীষ্মের শরীর ভস্ম করিয়া সহোদর ও জ্ঞাতি প্রভৃতির বধ প্রায়শ্চিত্তার্থে অশ্বমেধ মহাযজ্ঞ সম্পন্ন করত ভ্রাতৃগণ সহ সসাগরা পৃথ্বীপালন ও একাধিপত্য-রূপে ৩৬ বর্ষ রাজত্ব করিয়া অর্জ্জুনের পৌত্র পরীক্ষিতকে হস্তিনায় রাজ্যভার দিলেন এবং শ্রীকৃষ্ণের প্রপৌত্র যদুবংশের শেষ অনিরুদ্ধ তনয় বৃষ্ণিবংশধর বজ্রনামক এক ব্যক্তিকে মথুরাপুরী হইতে সত্বরে আনাইয়া কৃষ্ণের উপকার স্মরণ পূর্ব্বক স্বীয় কৃত ইন্দ্রপ্রস্থনগরে তাঁহাকে রাজ্যভার দিয়া অতুল বিভবাদির প্রতি বীতরাগ প্রকাশ করত পঞ্চভ্রাতা দ্রৌপদী সহ হিমালয়ের শিলাময় পথোত্তীর্ণ হইয়া শিখরপর্য্যন্ত বেগে গমন করিতে করিতে, অকস্মাৎ যোগভ্রষ্ট হেতুক ঊর্দ্ধ হইতে আদৌ দ্রৌপদী পরে সহদেব, নকুল, অর্জ্জুন ধরাতলে পতিত ও হত হইলেন। অনন্তর সোমেশ্বর পর্ব্বতাভ্যন্তরে রেবানদীর উত্তরে রত্নময় সুন্দর গিরি দর্শন ও সোমেশ্বর শিবার্চ্চনা পূর্ব্বক ঊর্দ্ধগমন করিতে করিতে সুশীতল মহাহিমানিতে ভিদ্যমান হইয়া ভীম অধঃপতিত ও মৃত হইলেন; তদুত্তরাস্যে সৌগন্ধী গন্ধমাদন পর্ব্বতে একাকী ধর্ম্মরাজ গমন পূর্ব্বক অপূর্ব্ব মরকতময় মহেশ-লিঙ্গ পূজা করিয়া কিয়দ্দূরে কিন্নরপুরী ও তদুত্তরে ১৪ সহস্র শিবলিঙ্গ স্থাপিত লিঙ্গালয় গিরিতে বৈতরণী সরিন্নীর পার হইয়া বৃক্ষমূলে উপবেশন ও বিশ্রাম করত স্বর্গ দ্বার দর্শন করিলেন, তথা হইতে এক যোজনান্তর স্বর্গপুর অবশিষ্ট রহিল। যুধিষ্ঠির স্বর্গ দ্বারে গমন করিলে দ্বারিমুখাৎ সংবাদ পাইয়া ইন্দ্র বিপ্ররূপে ও ধর্ম্ম কুক্কুর মূর্ত্তিতে ছলনা করিয়া তাঁহার ধর্ম্ম ও দয়ালুতা ব্যবহার দৃষ্টে তুষ্ট হইলেন। তৎপরে রাজা ইন্দ্রালয়ে গমনোত্তর দিব্য পুষ্পক রথারোহণ করিলে মাতুলী সত্বরে রথ চালাইয়া বৈকুণ্ঠধামে উপনীত হইলেন। যুধিষ্ঠির তথায়

ব্রহ্মলোক, কৈলাশপুরী, বিষ্ণুধাম দর্শনানন্তর অন্ধকারময় যমাধিকৃত দক্ষিণভাগে গমন পুরঃসর কিছুই দেখিতে না পাইয়া হতজ্ঞানী হইলেন। স্বর্গস্থ ভীষ্মাদি তাঁহাকে সম্ভাষণ করিতে লাগিলেন। তখন ধর্ম্মরাজ নরক দর্শনের কারণ জিজ্ঞাসিলে শ্রীকৃষ্ণ উত্তর করিলেন যে "দ্রোণ বধার্থে অভিমন্যুকে প্রেরণ করাতেই গুরুবধ পাতকে যমালয় দর্শন করিলা" (কিন্তু জনমেজয়ের প্রশ্নে বৈশম্পায়ন মুনি কহেন যে "অশ্বত্থামা হত, ইতি গজ," লঘুস্বরে উক্ত করাতেই গজ শব্দ দ্রোণের কর্ণগোচর না হইয়া স্বীয় পুত্রের মৃত্যুজ্ঞানে মহাশোকে রণে প্রাণ সমর্পণ করেন। সেই মিথ্যাবাক্য কথন পাপে যুধিষ্ঠিরের নরক দর্শন হইল) পরে ধর্ম্মনন্দন কৃষ্ণাজ্ঞায় গরুড়ারূঢ় হইয়া শ্বেতদ্বীপস্থ সরোবরে স্নান তর্পণ করত অঙ্গচ্ছায়া নিমেষ রহিত দেবশরীর প্রাপ্ত্যনন্তর তথা হইতে নারায়ণ সমীপে উপনীত হইলে অষ্টাদশাক্ষৌহিণী সেনা সেনানী ও ভীষ্ম দ্রোণ দুর্য্যোধনাদি মহাত্মাগণ তথা জ্ঞাতি বন্ধু কুটুম্ব ও ভীমার্জ্জুন প্রভৃতিকে দর্শন করত অপারানন্দে নিত্য সুখী হইলেন।

মহারাজা দুর্য্যোধন দৃঢ় প্রতিজ্ঞা পূর্ব্বক দুষ্টমন্ত্রী শকুনির কুমন্ত্রণায় যৎসামান্য বিষয় প্রদানে অস্বীকৃত হইয়া পাণ্ডব সহ ব্যতিহার সংগ্রাম করণ বিষয়ক অবিবেচনীয় সঙ্কল্প যাবজ্জীবনপর্য্যন্ত ত্যাগ না করিয়া যেমন অবোধ পতঙ্গ দীপ-শিখার নিকটে যাইতে উদ্যোগ করে এবং সম্যগ্রূপে তাড়িত হইলেও যাবচ্ছিখায় পতিত হইয়া বিনষ্ট না হয় তাবৎ কাল পুনঃ পুনঃ পতনোন্মুখ হইতে চেষ্টা করে, তদ্রূপ তিনি আসন্নকালে বিপরীতবুদ্ধিতে অজ্ঞান পতঙ্গবৎ আত্ম পতনার্থ উদ্যোগ পূর্ব্বক যুদ্ধ করিয়া ভূরি ভূরি ক্ষত্রিয় রাজকুল সহ একেবারে নিপাত হইলেন। যেমন উষ্ণরশ্মি মলোদ্দাম দ্যুতি ধারণ পুরঃসর চরমক্ষ্মাভৃদ্গত হইলে দর্শোদয় যামিনী ঘোর তমিস্রাচ্ছন্না হয়, তদ্রূপ দুর্য্যোধন বিহীনে হস্তিনাপুরী অন্ধকারময়ী ও পতিহীনা কামিন্যাবৃতা হইল।

কলিতে প্রচলিত লক্ষ শ্লোক যুদ্ধ মহাভারতের লিখনানুসারে বোধ হয় দ্বাপরযুগের শেষকালেই যুধিষ্ঠির স্বর্গপুরে গমন করেন, তৎপরে পরীক্ষিত অবধি ক্ষেমকপর্য্যন্ত ২৮ জন পাণ্ডুবংশের রাজত্বে কলির

১৮১২ বর্ষ গত হয়, তৎপরে নন্দবংশীয় বিশারদ অবধি ১৪ পুরুষে পঞ্চশত বর্ষ ও গৌতমবংশীয় বীরবাহু অবধি আদিত্যপর্য্যন্ত ১৫ জনে ৪০০ বর্ষীয় রাজত্ব শেষ হয়। কলির ২৩১৩ বর্ষে গৌতম বুদ্ধমত প্রচার করেন, তন্মর্ম্ম এই যে "প্রত্যক্ষানুমিতি উপমিতি শাব্দরূপ চতুর্ব্বিধ প্রমাণ ও ধর্ম্মাধর্ম্ম পরব্রহ্মাদি অনঙ্গীকার অথচ ঐ সকল বিষয়ের অঙ্গীভূতাস্তিক মতাসহিষ্ণু নাস্তিক মত প্রসিদ্ধ' আদৌ পূর্ব্বপক্ষ ঈশ্বরোনাস্তি, স্বভাবতঃ জগদাদি সৃষ্টিপ্রলয় হইতেছে, তন্নিরাকরণ, অন্তরীক্ষ, পৃথিব্যাদির উৎপাদক একমাত্র ঈশ্বর অবশ্যই আছেন, তিনি এই জগতের রক্ষা কর্ত্তা ও চতুর্দ্দশ ভুবনের সৃজনকর্ত্তা এবং বস্তুমাত্রই তাঁহাতে অধিবাস করে ও প্রলয়াবস্থাতে জীবনিকায় তাঁহাতে অধিগমন করিবেক। শ্রুতিঃ যাহাতে উৎপত্তি, স্থিতি, লয়, তিনিই জগদীশ্বর। শ্রীমদ্ভাগবতে তিনিই সকলের প্রকাশক, তাঁহার প্রকাশক কেহই নাই, সর্ব্বজীবের হৃৎপুণ্ডরীক মধ্যে কারণরূপে আছেন। স্বরূপতস্তু পরমেশ্বরের সদ্রূপ হইতে এই বিশ্ব কার্য্যের ক্রমান্বয়ে রচনা হয়, সুতরাং তদ্ব্যতীত কার্য্যোৎপত্তির সম্ভব হয় না, অনুমান, ক্ষিতি সকর্ত্তৃকা কার্য্যত্ব হেতুক ঘটাদির ন্যায় অর্থাৎ যেমন ঘটাদি জন্য পদার্থ, এতদ্রূপ ক্ষিতিও কর্ত্ত জন্যা, কিন্তু অস্মদাদির তাহাতে কোন কর্ত্তৃত্ব সম্ভব নাই, এই হেতুক তৎকর্ত্তৃত্বে ঈশ্বর সিদ্ধি হইল। ময়ূরবংশীয় ধুরন্ধর অবধি রাজপাল পর্য্যন্ত ৯ জনে ৩১৮ বর্ষ তৎপরে পার্ব্বতীয় শকাদিত্য ১৪ বর্ষ দিল্লীতে সাম্রাজ্য করেন। এইরূপে কলির আরম্ভাবধি ৩০৪৪ বর্ষে যুধিষ্ঠিরের শকের নিবৃত্তি হইল।

ইতি সারাবল্যাং প্রথম খণ্ডে চতুর্থ পরিচ্ছেদঃ।

স্বধর্ম্মপরায়ণ গুণিগণ সমীপে করপুটে নিবেদন এই যে স্বর্গীয় মহাত্মা জান এলিয়ট, ড্রিঙ্কওয়াটর বেথুন সাহেব স্বদেশীয় প্রাচীনেতিহাসালোচনার্থে বালকগণের মনে যে উৎসাহ প্রদান করেন তদনুসারে মহাভারতাদি গ্রন্থাবলম্বন পূর্ব্বক এই সারাবলি প্রস্তুতার্থে প্রবৃত্ত হই। কমিস্যনর জিলাস্থ সুবিজ্ঞ কালেক্টর মেং এচ, সি, মেটকাফ ও ম্যাজিষ্ট্রেট ই, সাণ্ডিস ও এচ, জি, লেষ্টর সাহেব ও বাবু গোবিন্দচন্দ্র বসু ও অমৃতলাল গুপ্ত ও কৃষ্ণচন্দ্র রায় এবং অন্যান্য মহাত্মাগণের সমূহোদ্যোগে ও বিশেষ অর্থ সাহায্যে এই পুস্তক মুদ্রিতার্থে চন্দ্রিকা যন্ত্রালয়ে পাঠান যায়, পরিশেষে আমার পীড়িতাবস্থা ও অন্যান্য কারণে মুদ্রিতারম্ভ হইয়াও স্থগিত ছিল। সংপ্রতি জগদীশ্বর প্রসাদাৎ তৎকার্য্য সম্পন্ন হইল। ইহাতে ভ্রমাদিজনিত যে সকল বর্ণ ও ভাবের অশুদ্ধি হইয়াছে তাহা শোধন করিয়া পাঠ করিলেই সমূহোপকৃত হই।

নিবেদক শ্রীনবীনচন্দ্র ব[illegible]ায়। সাং বেল

প্রথম খণ্ড।

নির্ঘণ্ট।	পৃষ্ঠা।
সত্য রাজাদির বৃত্তান্ত	১
ধৃতরাষ্ট্র পাণ্ডু বিদুরের জন্ম	২
যুধিষ্ঠিরাদির জন্ম কথন	৩
দ্রৌপদীর স্বয়ম্বরা	৪
যুধিষ্ঠির দুর্য্যোধনের রাজ্য প্রাপ্ত ও রাজসূয় যজ্ঞ বিবরণ	৫
দুর্য্যোধনের অপমান	৮
যুধিষ্ঠিরের পাশক্রীড়া	৯
বনবাস বৃত্তান্ত	১০
যুধিষ্ঠিরাদির বিরাটে উপনীত	১২
দুর্য্যোধন সমীপে রাজ্য প্রার্থনা	১৩
সঞ্জয় সমীপে ধৃতরাষ্ট্রের খেদ	১৪
সঞ্জয় সহ পাণ্ডবাদির কথন	১৫
শ্রীকৃষ্ণের কুরু সভায় গমন	১৬
শ্রীকৃষ্ণ সমীপে দ্রৌপদীর খেদ	১৮
শ্রীকৃষ্ণ বিদুর গৃহে ভোজন করেন	২৩
শ্রীকৃষ্ণ সমীপে দুর্য্যোধন পাণ্ডবকে রাজ্য প্রদানে অস্বীকৃত হন	২৬
শ্রীকৃষ্ণ বিরাট নগরে প্রত্যাগত হন	২৮
যুধিষ্ঠির কুরুক্ষেত্রে যুদ্ধযাত্রা	২৯
দুর্য্যোধনাদির ঐ ঐ	৩১
ব্যাস ধৃতরাষ্ট্রের কথোপকথন	৩২
ভীষ্ম সেনাপতি সহ যুধিষ্ঠিরের কথন	৩৪
যুযুৎসু রাজা পাণ্ডবদলে গমন করেন	৩৬
দশ দিনপর্য্যন্ত ভীষ্মের যুদ্ধ প্রতিজ্ঞা	৩৭
রণস্থলে শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে প্রবোধ দেন	৩৮
শ্রীকৃষ্ণের বিশ্বরূপ ধারণ	৩৯
দিবসপর্য্যন্ত ভীষ্মের যুদ্ধ বিবরণ	

নির্ঘণ্ট।	পৃষ্ঠা।
অর্জ্জুন ছলনা দ্বারা দুর্য্যোধনের মুকুট ও ভীষ্মের পঞ্চ মহাকাল বাণ প্রাপ্ত হন	৪
শ্রীকৃষ্ণের প্রতিজ্ঞা ভঙ্গ ও অস্ত্রধারণ	৪[illegible]
ভীষ্ম পাণ্ডব সমীপে স্বমৃত্যু-পায় কহেন	৪[illegible]
দশম দিবসীয় যুদ্ধে ভীষ্মের শরশয্যা	৪[illegible]
দ্রোণাচার্য্য সেনাপতি হন	৪[illegible]
দ্বিতীয় দিবসীয় যুদ্ধে পাণ্ডবের জয়	৪[illegible]
অভিমন্যুর সহ কৌরবাদির যুদ্ধ	৪[illegible]
অন্যায়যুদ্ধে অভিমন্যু বধ	৫[illegible]
ব্যাসদেব অর্জ্জুনকে প্রবোধ দেন	৫[illegible]
চতুর্থ বাসরে জয়দ্রথ বধার্থ যুদ্ধ	৫[illegible]
সাত্যকী দ্বারা ভূরিশ্রবা বধ	[illegible]
কর্ণ কর্ত্তৃক ভীম পরাজিত	৫[illegible]
অর্জ্জুন কর্ত্তৃক জয়দ্রথ বধ	[illegible]
ভীম পুত্র ঘটোৎকচ বধ	[illegible]
হস্তী সহ যুদ্ধে ভীম পরাস্ত	[illegible]
পঞ্চম দিনের যুদ্ধে ভগদত্ত বধ	৬[illegible]
দ্রোণাচার্য্য বধ	৬[illegible]
কর্ণ, যুধিষ্ঠিরকে পরাস্ত করেন	৬[illegible]
যুধিষ্ঠির অর্জ্জুনের বিবাদ ভঞ্জন	৬[illegible]
কর্ণ বধ ও শল্য বধ	[illegible]
শকুনি বধ, পাণ্ডবপক্ষে যুদ্ধজয়	৬[illegible]
ধৃতরাষ্ট্রের খেদ	[illegible]
ভীম কর্ত্তৃক দুর্য্যোধনের উরু ভঙ্গ	[illegible]
হর্ষবিষাদে দুর্য্যোধনের মৃত্যু	[illegible]
দ্রৌণীর শিরোমণি ছেদনার্থ যুদ্ধ	[illegible]
স্বর্গারোহণ পর্ব্ব	[illegible]
অবশিষ্ট মত খণ্ডন	[illegible]

BLOCKED INFORMATION.